

সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধান

শ্রীকৃষ্ণরঞ্জন ভট্টাচার্য

সম্পাদক, বঙ্গীয় সাহিত্য পরিষদ, শিলং শাখা।



ফার্মা কেএলএম ডাইভেড জিমিটেড
কলকাতা * * *

প্রকাশক :

ফার্মা কেএলএম (প্রোঃ) লিমিটেড,
২৫৭-বি, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রিট,
কলিকাতা-১০০০১২

মুদ্রক :

এ. চি. দাস

জগতী প্রেস

১৩, কৈলাস বোস স্ট্রিট

কলিকাতা-১০০০০৬

উৎসর্গ

অশেষ প্রকাশন

ডক্টর রাধাগোবিন্দ নাথ, এম. এ., ডি. লিট.
প্রাবিষ্ঠাচার্য, বিদ্যাবাচস্পতি, ভাগবতভূষণ,
ভক্তি-সিদ্ধান্তরস্তুতি, ভক্তিভূষণ, ভক্তি-সিদ্ধান্তভাস্তু
মহোদয় করকমলেষু ।

ନିବେଦନ

ବାହା କଲ୍ପତରଭାଙ୍ଗ କୃପାମିଳୁଭ୍ୟ ଏବ ଚ ।

ପତିତାନାଂ ପାବନେଭୋ ବୈଷ୍ଣବେଭୋ ମମୋ ମମଃ ॥

ବୈଷ୍ଣବ ଶାସ୍ତ୍ରେର ବହ ଶବ୍ଦ ଓ ତତ୍ତ୍ଵ ବିଶେଷ ଅର୍ଥଜ୍ଞାପକ । ସାଧାରଣ ଆଭିଧାନିକ ଅର୍ଥେ ଏହି ସମ୍ମନ୍ତ ଶବ୍ଦ ବା ତତ୍ତ୍ଵ ଉପ୍ଲିଥିତ ହୟ ନାହିଁ । ସାଧାରଣ ଆଭିଧାନେଓ ଶାସ୍ତ୍ରେ ବ୍ୟବହତ ବହ ଶବ୍ଦ ଓ ତତ୍ତ୍ଵ ପ୍ରୟୁକ୍ତ ହୟ ନାହିଁ । ଏ ସମ୍ମନ୍ତ ବିଶେଷ ଅର୍ଥେର ସଙ୍ଗେ ପରିଚୟ ନା ଥାକିଲେ ବୈଷ୍ଣବ ଶାସ୍ତ୍ରର ଗୁଡ଼ ତାତ୍ପର୍ଯ୍ୟ ହୃଦୟଙ୍କମ କରା କୋନ ପ୍ରକାରେଇ' ସମ୍ଭବପର ନହେ । ଏହି ଅମ୍ବିଧା ଦୂରୀକରଣେର ଅତ୍ୟାହି ବର୍ତ୍ତମାନ ପ୍ରୟାସ ।

ଶ୍ରୀଧାୟ ନବଦୀପ ହରିବୋଲ କୁଟୀର ହିତେ ପ୍ରକାଶିତ ପରମ ଭାଗବତ, ଅଶେଷ ଶାସ୍ତ୍ରଦର୍ଶୀ ପଣ୍ଡିତ ଶ୍ରୀ ହରିଦାସ ଦାସ ବାବାଜୀ ସମ୍ପାଦିତ ଚାରିଥାତ୍ତ୍ଵାତ୍ମିକାଗୋଡ଼ୀଯ ବୈଷ୍ଣବ ଆଭିଧାନ" ବୈଷ୍ଣବ ଶାସ୍ତ୍ର ପାଠେଚୁଲୁ ବ୍ୟକ୍ତିବର୍ଗେର ବିଶେଷ ସହାୟକ ହିୟାଛେ । କିନ୍ତୁ ଏହି ବିଶାଳ କୋଷଗ୍ରହ ସଂଗ୍ରହ ସାଧାରଣ ପାଠକେର ପକ୍ଷେ ବ୍ୟାପାରିକ ଏବଂ ସର୍ବଦା ବ୍ୟବହାରେର ପକ୍ଷେ ଅମ୍ବିଧାଜନକ । ସେଜଣ୍ଯ ବିଶେଷ ପ୍ରୟୋଜନୀୟ ଶବ୍ଦ, ତତ୍ତ୍ଵ ଓ ତଥ୍ୟ ଦ୍ୱାରା ନିତ୍ୟ ବ୍ୟବହାରେର ଉପଯୋଗୀ କରିଯା ସଂକଷିପ୍ତ ଆକାରେ ଏହି କୋଷଗ୍ରହ ପ୍ରଗମନ କରା ହିୟାଛେ ।

ଶ୍ରୀଶ୍ରୀଚୈତତ୍ତ୍ଵଚରିତାମୃତେର ଗଢ଼ ସଂକ୍ଷରଣେର 'ଅବତରଣିକାର' ଲିଖିଯାଛିଲାମ, "ଗ୍ରୁହ ଆୟି ପୌତ୍ର ଥଣେ ଭାଗ କରିଯାଛି । ଅଥ୍ୟ ଥଣେ ଆଦିଲୀଳା, ଦ୍ଵିତୀୟ ଥଣେ ମଧ୍ୟଲୀଳାର ପ୍ରଥମ ହିତେ ପଞ୍ଚଦଶ ପରିଚେଦ, ତୃତୀୟ ଥଣେ ମଧ୍ୟଲୀଳାର ଯୋଡ଼ଶ ହିତେ ପଞ୍ଚବିଂଶତି ପରିଚେଦ ଏବଂ ଚତୁର୍ଥ ଥଣେ ସମଗ୍ର ଅନ୍ତ୍ୟଲୀଳା ଥାକିବେ । ପଞ୍ଚମ ଥଣେ ଥାକିବେ ଦୁଇତିନାମାଦିର ଅର୍ଥସମ୍ବଲିତ ପରିଶିଷ୍ଟ, ଅହାପଞ୍ଚୁର ପାର୍ଶ୍ଵଦଗମଗେର ସଂକଷିପ୍ତ ପରିଚୟ, ତ୍ରୀହାର ପାଦମ୍ପର୍ଶେ ଧନ୍ୟ ପ୍ରାମସମୂହେର ସଂକଷିପ୍ତ ପରିଚିତି, ପ୍ରତ୍ୱତି ।" ଶ୍ରୀମନ୍ ମହାପ୍ରଭୁର କୃପାଯ ଓ ବୈଷ୍ଣବ ଭକ୍ତଗମେର ଆଶୀର୍ବାଦେ ଶ୍ରୀଶ୍ରୀଚୈତତ୍ତ୍ଵଚରିତାମୃତେର ସମ୍ପୂର୍ଣ୍ଣତାରେ ଚାରିଥାତ୍ତ୍ଵ—ଶୂନ୍ୟ ଓ ଅମୁଖାଦ ସହ ପ୍ରକାଶିତ ହିୟାଛେ ।

ଆକ୍ରାନ୍ତାଜନ ବୈଷ୍ଣବ ଆଚାର୍ଯ୍ୟଗମେର ଉପଦେଶେ ଓ ସହଦୟ ପାଠକର୍ତ୍ତଗେର ପରାମର୍ଶେ ଶ୍ରୀଶ୍ରୀଚୈତତ୍ତ୍ଵଚରିତାମୃତେର 'ପଞ୍ଚ ଥଣ୍ଟ' ପ୍ରକାଶ ନା କରିଯା ବର୍ତ୍ତମାନ କୋଷଗ୍ରହ ସଂକଲିତ ହିୟାଛେ । ଉହାତେ ଉପରୋକ୍ତ ସମ୍ମନ ତଥ୍ୟାହି ପରିବେଶିତ ହିୟାଛେ । ଅଧିକଞ୍ଚ ଅନ୍ତାନ୍ତ ଶାସ୍ତ୍ରେର ବହ ଶବ୍ଦ, ତତ୍ତ୍ଵ ଏବଂ ତଥ୍ୟାହି ସର୍ବିବେଶିତ ହିୟାଛେ । ଅନ୍ତରାଂ ଏହି ଶ୍ରୀଶ୍ରୀଚୈତତ୍ତ୍ଵଚରିତାମୃତ ପାଠେ ଅପରିହାର୍ଯ୍ୟ ହିୟିବେ । ଅନ୍ତାନ୍ତ ଶାସ୍ତ୍ର ପାଠେରେ ସହାୟକ ହିୟିବେ ।

বৈক্ষণেচার্য ডক্টর রাধাগোবিন্দ নাথ ভাগবত ভূষণ সম্পাদিত বৈক্ষণেচার্য-সম্ভার, সাহিত্যাচার্য শ্রীহরেকুম মুখোপাধ্যায় সাহিত্যরস সম্পাদিত শাস্ত্র-সম্ভার, দেব সাহিত্য কুটীর ও বস্ত্রমতী সাহিত্য মন্দির হইতে প্রকাশিত শাস্ত্র-সম্ভার, শ্রীমদ্ভাগবত, শ্রীমতভগবদগীতা এবং শ্রীশ্রীচৈতান্তচরিতামৃতের বিবিধ সংস্করণ, উজ্জ্বল নীলমণি, ভক্তিরসামৃত সিঙ্গু, লঘুভাগবতামৃত, হঞ্জিভক্তিবিলাস, হয়িভক্তি স্মৃতের প্রতি ভক্তিগ্রহ, বৈক্ষণে শাস্ত্রের বিবিধ সমালোচনা গ্রন্থ, বিভিন্ন পত্র-পত্রিকার মূল্যবান ও প্রামাণিক প্রবন্ধ প্রভৃতি হইতে আমি শৰ্মাদি চয়ন করিয়াছি এবং শৰ্মার্থ ও তথ্যাদি সংগ্রহ করিয়াছি। যেখানে শাস্ত্র পাঠে শৰ্মার্থাদি ঠিকমত গ্রহণ করিতে পারি নাই, সেখানে বিশ্বকোষ, শব্দকল্পসূচি ও শ্রীশ্রীগৌড়ীয় বৈক্ষণে অভিধানের সাহায্য গ্রহণ করিয়াছি। সেজন্ত ইছাদের সকলের কাছে আমি অশেষ ভাবে কৃতজ্ঞ। ডক্টর রাধাগোবিন্দ নাথ মহাশয়ের অমৃত্য গ্রন্থমাজিই আমাকে প্রেরণা ও শক্তি দান করিয়াছে। অনেক তথ্যাদি আমি ইছার “গৌরকৃপাতয়ঙ্গিনী টাকা” হইতে সংগ্রহ করিয়াছি। সেজন্ত আমি ইছার কাছে কৃতজ্ঞতা প্রকাশের ভাষা খুঁজিয়া পাইতেছি না। আসামের শিক্ষা বিভাগের প্রাক্তন অধ্যক্ষ (Ex-D.P.I., Assam), নিতাধ্যামগত হরিদাস নামানন্দ ডক্টর সত্তীশচন্দ্র নায় মহাশয় আমার পাণ্ডুলিপিতে সংগৃহীত শব্দসম্ভার পাঠ করিয়া অভিধান প্রণয়নে আমাকে বিশেষভাবে উৎসাহিত করিয়াছিলেন। গভীর পরিতাপের বিষয় তিনি ইহা গ্রন্থাকারে দেখিয়া যাইতে পারেন নাই। তাহার স্বেচ্ছা, আশীর্বাদ ও উপদেশ আমার জীবনের অপরিশোধ্য সম্পদ।

কলিকাতা ‘বৈক্ষণ গ্রন্থ প্রচারিণী সমিতি’-র সভাপতি মাননীয় বিচারপতি শ্রীরমাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়, প্রাঞ্চি সদস্যবর্গ ও শিলং বঙ্গীয় সাহিত্য পরিষদের প্রবীণ সদস্যগণ এই কর্মে আমাকে বিশেষ উৎসাহ প্রদান করিয়াছেন।

শিলং-বঙ্গীয় সাহিত্য পরিষদ, কলিকাতা জাতীয় গ্রন্থাগার এবং শ্রদ্ধেয় শ্রীনর্মদাকুমার দাস মহাশয়ের ‘মনোরমা পুস্তকালয়’-এর গ্রন্থ সম্ভারের স্মরণে না পাইলে এ গ্রন্থ প্রণয়ন সম্ভবপর হইত না।

মহা উক্তারণ মঠের অধ্যক্ষ অশেষ শ্রদ্ধাভাজন ডক্টর মহানামব্রত ব্ৰহ্মচাৰী অ. অ. পি-এইচ. ডি. (চিকাগো), ডি. লিট., পৱন ভাগবত প্রখ্যাত বৈক্ষণ সাহিত্যিক শ্রীহরেকুম মুখোপাধ্যায়, শনীষী শ্রীবসন্তকুমাৰ চট্টোপাধ্যায় ও অনামধ্যাত সাহিত্যিক শ্রীমুখাংক মোহন বক্স্যোপাধ্যায় মহোদয়গণ পাণ্ডুলিপি পাঠে আশীর্বাদ ও শৰ্ডেচ্ছা জ্ঞানার্হে আমাকে কৃতজ্ঞতা পাশে আৰু কৱিয়াছেন।

বিখ্যাত ‘উদোধন’ পত্রিকার প্রাক্তন সম্পাদক ও পরে চেরাপুঁজী শ্রীরামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ শ্রীকাম্পদ শ্রীমৎ শ্বামী নিরাময়ানন্দ মহারাজ পাণ্ডুলিপি পাঠে নানা সৎপরামর্শ দানে অশেষ উপকার করিয়াছেন।

শ্রীধর শ্বামী পাদের ব্যাখ্যার আমুক্তল্যে “শ্রীশ্রীরাসপঞ্চাধ্যায়ী” গ্রন্থের সম্পাদক, শ্রীহট্টনৰ্তন সংস্কৃত কলেজের প্রাক্তন অধ্যক্ষ ও রানী হেমস্তকুমারী সংস্কৃত কলেজের ভূতপূর্ব অধ্যাপক শ্রীরমেন্দ্রচন্দ্র তর্কভীর্থ এবং বৈষ্ণব শাস্ত্রে অসাধারণ পারদর্শী শ্রীনর্মদাকুমার দাস মহাশয় পাণ্ডুলিপি আঠোপাঁত্ত পাঠ করিয়া স্থানে স্থানে সংশোধনের পরামর্শ দিয়া যথেষ্ট উপকার করিয়াছেন।

ধীহাদের আশীর্বাদে, সাহায্যে, পরামর্শে ও প্রেরণায় এই গ্রন্থ সম্পূর্ণ হইল, তাঁহারা সকলেই আমার ধন্যবাদার্থ।

আশা করি শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ও অন্যান্য ভক্তিশাস্ত্র পাঠেছু ব্যক্তিগণ, ভক্তিভাজন বৈষ্ণবগণ এবং বাংলাভাষা ও সাহিত্যের উচ্চতম পরীক্ষার্থীদের পক্ষে এই সংক্ষিপ্ত অভিধান বিশেষ সহায়ক হইবে। ইহাতেই শ্রম সার্থক জ্ঞান করিব। আমার স্থায় অঙ্গম ব্যক্তির পক্ষে একপ বৃহৎ কর্মে হস্তক্ষেপ দুঃসাহস। সহদয় পাঠকবর্গ দোষ-ক্রটি প্রদর্শন করিলে ভবিষ্যতে প্রয়োজনীয় সংশোধনের চেষ্টা করিব।

“সুপ্রীতি”	}	ভক্ত-বৈষ্ণব পদব্রজঃ প্রার্থী শ্রীকৃষ্ণরঞ্জন ভট্টাচার্য
৬১/মেং মেইন ৱোড, জয়লক্ষ্মীপুরম,		

মহীশূর-১২

সংক্ষেপ

- উ. নী.—উজ্জল নীলমণি ।
গী. ১।—শ্রীমদ্ভগবত্তাত্ত্বা, ১ম অধ্যায়, ৫ম শ্লোক ।
গো. তা.—গোপাল তাপনী উপনিষদ ।
গো. লী. মৃ.—গোবিন্দ লীলামৃত ।
চক্রবর্তী—শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তী ।
চৈ. চ. ১।—চৈতন্য চরিতামৃত, আদিলীলা, ৫ম পরিচ্ছেদ, ১০ম পয়ার ।
চৈ. চ. ২।—চৈতন্য চরিতামৃত, মধ্যলীলা, ৬ষ্ঠ পরিচ্ছেদ, ৮ম পয়ার ।
চৈ. চ. ৩।—চৈতন্য চরিতামৃত, অস্ত্রলীলা, ২০শ পরিচ্ছেদ, ৮০শ পয়ার ।
চৈ. চ. ১।—চৈতন্য চরিতামৃত, আদিলীলা, ৪র্থ পরিচ্ছেদ, ১০ম শ্লোক ।
চৈ. ভা. ২২।—চৈতন্য ভাগবত, দেব সাহিত্য কুটীর সংস্করণ, ২২৫ পৃষ্ঠা, ২য় সংস্করণ, ২৩শ পংক্তি ।
স্তু—স্তুষ্টব্য ।
নাথ—ডঃ রাধা গোবিন্দ নাথ ।
না. প. মা.—নারদ পঞ্চবন্ধু ।
না. ভ. শু.—নারদীয় ভক্তি শুত্র ।
বি. মা.—বিদঞ্চ মাধব ।
বৈ. অ.—শ্রীগৌড়ীয় বৈষ্ণব অভিধান ।
অ. সং—অক্ষ সংহিতা ।
ত. ম. সি—ভক্তি মসামৃত সিন্ধু ।
ত. স.—ভক্তি সম্পর্ক (বহুমপুর সংস্করণ) ।
ভাঃ ১।—শ্রীমদ্ভাগবত, ১০ম কুক্ত, ৩২শ পরিচ্ছেদ, ৫ম শ্লোক ।
মহাপ্রভু—শ্রীচৈতন্যদেব ।
শ. ভা. মু. বা. লঘু—লঘু ভাগবতামৃত ।
শ. ক. কু.—শৰকণ্ঠকুমাৰ ।
শা. ভ. শু.—শাঙ্খিল্য ভক্তি শুত্র ।
শামী—শ্রীধর শামী ।
হ. ভ. বি.—হরিভক্তি বিলাস ।
হ. ভ. শু.—হরিভক্তি শুধোদন ।

সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধান

ত্রয়

অ—বিষ্ণু (ভা: ১০৮৭।৪১) ; (ও = অ + উ + ম, অতএব) অ প্রগবের
আচ্ছ অক্ষর ।

অংশাৰতাৰু—অবতাৱ দ্রষ্টব্য ।

অংশাংশিবান—“ভগবান্ অংশী ও জীৰ্ব তাঁহার অংশ, স্বতৰাঃ জীৰ্ব ও দ্বিশ্বে
অংশাংশিত্ব সমৰ্থ দিত্তমান ।...বৈষ্ণবগণ জীৰ্বকে ‘অগু’, ভগবদ্বাস এবং অগুৰ
পূৰুক নিখিল কলাগুণগার্ভ ভগবানকে ‘বিভু’ বলিয়াছেন । ইহাদেৱ মতে ব্ৰহ্ম
সংগুণ ; নিৰ্ণৰ্ণ বোধক শব্দবাজি ঔপচাৰিক... । ভাস্তুৱাচাৰ্য পৰিণামবাদী—
এই মতে ব্ৰহ্মই যেন জীৰ্বজৰূপে পৰিণত, কাৰ্যাদৰ্শাত্তেই কাৰণেৰ পৰিসমাপ্তি ।...
ৱামহৃজ প্ৰত্যুষিৰ মতে জীৰ্ব [অক্ষেৱ অংশ] । ভাস্তুৱেৱ মতে মুক্তিতে
অংশাংশিত্ব সমৰ্থ ত্যাগ হয়, কিন্তু অন্যান্য আচাৰ্যেৱা তাহা স্বীকাৰ কৰেন না ।
শঙ্কুৱাচাৰ্য অংশাংশিত্ব সম্পর্ক মানেন নাই—তাঁহার মতে দ্বিশ্বে ও জীৰ্ববিষ্ট
প্ৰতিবিষ্ট স্থানীয়—ব্যবহাৱিক দৃষ্টিতেই জীৰ্ব ও দ্বিশ্বেৰ ভেদ দেখা যায়, কিন্তু
পারমার্থিক দৃষ্টিতে ‘একমেৰাদ্বিতীয়ম’ । আআ নিৰ্বিকাৰ, নিৰ্ণৰ্ণ বলিয়া তাঁহার
অংশ বা বিকাৰ নাই ।...গৌড়ীয় বৈষ্ণব মতে জীৰ্ব অগু, অংশ, অক্ষেৱ পৰিণাম,
সেবক এবং ভগবৎ কৃপায় মুক্ত হইতে পাৱে । মাত্ৰ মতে [জীৰ্ব ও ব্ৰহ্ম বিভিন্ন
বস্ত], মুক্তাবস্থায় ও জীৰ্ব ব্ৰহ্ম হইতে ভিন্ন ভাবে থাকে । অচিন্ত্য ভেদাভেদে
কিন্তু শুণ ও [শুণী]ভাবে জীৰ্ব ও ব্ৰহ্ম ভিন্নও বটে, অভিন্নও বটে ; কিন্তু এই
সমৰ্থক অচিন্ত্য অৰ্থাৎ মানব তর্কেৱ অগোচৱ ।” —(বৈ. আ.) ।

অংশী—অংশ সকলেৱ আশ্রয় । স্বয়ং রূপ, সৰ্বকাৱণ কাৰণ, যথা—‘অতএব
অংশী—কৃষ্ণ, অংশ—অবতাৱ’ । —(চৈ. চ. ১৬।৮৫) ।

অংস—কৰ্ত্ত ; বিভাগ । অন্ম (ভাগ কৰা)+ঘং, ভাববা বা কৰ্মবা ।

অকথ্য—কহিবাৱ অযোগ্য । —(চৈ. চ. ১৪।১৯৪) ।

অকৰ্ম—কৰ্ম স্তুৎ ।

অংহঃ, অংহসু—পাপ (পশ্চাবলী ২৭, চৈ. চ. ২।১৫২ শ্লোঃ) ।

অকিঞ্চন—১. দৱিত্রি (চৈ. চ. ১।১৩।১০৫) ; ২. নিষ্কাম (ভা: ১।৮।১২) ;
৩. ভগবৎ উদ্দেশ্যে সৰ্বপৰিগ্ৰহ ত্যাগী (ভা: ১০।৮।১৩) । অকিঞ্চন ও
শৱণাগত—উভয়ে একই লক্ষণ বিশ্বমান । উভয় ক্ষেত্ৰেই আস্তমৰ্পণ আছে
(চৈ. চ. ২।২।২।৫৩-৫৪) । তবে সাধাৱণতঃ যিনি ভগবৎ সেবাৱ অচ্ছ সংসাৱ

ত্যাগ করিয়া ভগবানে আত্ম সমর্পণ করেন, তাহাকে অকিঞ্চন এবং যিনি সংসারে বৌজগ্রস্ত হইয়া ভগবানের শরণ লন, তাহাকে শরণাগত বলে।
—শরণাগত দ্রষ্টব্য।

অকৃত্ব—পীতবর্ণ (চৈ. চ. ১৩১৪১)।

অকৈতত্ত্ব—কপটতা শৃঙ্খ ; শুধু বাসনা শৃঙ্খ। কৈতত্ত্ব দ্রষ্টব্য (চৈ. চ. ২১২১৮)।
অকুরু—১. সরল ; ২. শ্রীকৃষ্ণের পিতৃব্য ; মথুরা পার্বতি (চৈ. চ. ১১০১৪ ; ২১৮১২৬ ; ৩১৯১৪৬)।

অকুরুজৌর্ধ্ব—বৃন্দাবন ও মথুরার মধ্যস্থলে যমুনার একটি ঘাট। এই ঘাটে অকুরুজৌর্ধ্ব ও ব্রজবাদিগণ গোলোক দর্শন করিয়াছিলেন। মহাপ্রভু একদিন এই ঘাটে যমুনায় ঝাপ দিয়াছিলেন। তীর্থরাজ, হরির প্রিয় স্থান (চৈ. চ. ২১৮১২৪-২৫)।

অকৃত—১. আতপ তঙ্গুল ; ২. যব ; ৩. ছিদ্রবহিত ; ৪. পূর্ণ।

অকুরু—১. অকারাদি বর্ণ ; ২. পরমাত্মা ; ৩. পরব্রহ্ম, (গী. ৮৩) ; ৪. নিতা, নাশশৃঙ্খ ; ৫. পুঁ. শিব, বিষ্ণু ; ৬. ক্লী. ব্রহ্ম ; ৭. (সাংখ্য দর্শণে) অকৃতি।

অধিল ইসামুত-মুর্তি—শাস্তাদি মুগ্য পঞ্চ এবং হাস্তাদি সপ্ত গৌণ ইসবিশিষ্ট পরমানন্দঘন বিগ্রহ (চৈ. চ. ২৮১৩১ শ্লোঃ)। **অধিল**—সমস্ত।

অগন্ত্য—খামি পুন্ত্য ও তৎপঞ্জী হিন্দুদের পুত্র-মূনি বিশেষ। ইনি বিষ্ণু পর্বতকে প্রণত রাখিয়া দক্ষিণ ভারতে প্রস্থান করেন। মলয় পর্বতে ইহার বিগ্রহ আছে (চৈ. চ. ২৮১২০৬)।

অগেয়ান—প্রা. অজ্ঞান (চৈ. চ. ২১২১৯)।

অঘ—১. অপরাধ—স্বার্থী (ভাঃ ১:৮১৪৯) ; ২. অজগ্নরূপী অমুর , পুতনা ও বকাসুরের কনিষ্ঠ সহোদর (এই অমুর শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত হয়)।

অঙ্গ—১. অবয়ব ; ২. মৃত্তি ; ৩. অংশ ; ৪. উপকরণ ; ৫. প্রিয়তাবোধক সম্মোধন স্থচক শব্দ। মাটকের ভারতী বৃত্তি অঙ্গ তিনটি, যথা—প্রৱোচনা, বীর্ধী ও প্রহসন (চৈ. চ. ৩১১১৩৫)। **অংগোচনা**—দেশ-কাল-কথা-বস্ত-সভাদীনাং প্রশংসয়া। শ্রোতৃগামুন্যাধীকারঃ কথিতেওঁ অংগোচন।—নাটক-চল্লিকা। অর্থাৎ কোন মাটকে দেশ, কাল, কথা, বস্ত ও শ্রোতাদের প্রশংসন দ্বারা শ্রোতৃবর্ণের মনকে অভিনয় বিষয়ে প্রৱোচিত বা উন্মুখ করাকে অংগোচন। বলে। (চৈ. চ. ৩১১১৯)। **বীর্ধী**—ইহাতে একটি অংশ ও একটি মায়ক।

আকাশবাণী দ্বারা বিচির প্রতুলনের আশ্রয়ে বহু পরিমাণ শৃঙ্খল রাসেন এবং অন্য রাসেনও সৃচনা করা হয়।—সাহিত্য দর্পণ। **প্রাহসন**—হাস্তরসাত্ত্বক পরিহাসপূর্ণ নাট্যাংশ। প্রস্তাবনা স্তোব্য।

অজ্ঞলা—প্রা. অঙ্গের ঘরলা (চৈ. চ. ২১৪।৫৯)।

অজ্ঞ—১. কেবুর ; ২. কিছিক্ষুর অধিপতি বালির পুত্র ; ৩. লক্ষণের জৈষ্ঠ পুত্র।

অজ্ঞু—১. পাদ ; ২. বৃক্ষমূল।

অচিত্—১. মায়া ; ২. অচেতন (ভা: ১১।২৮।১১)।

অচিষ্ট্যভেদাভেদতন্ত্র—শক্তি ও শক্তিমান বা জীব ও ব্রহ্মের মধ্যে সম্মত-সৃচক শ্রীচৈতন্যদেন প্রপঞ্চিত তন্ত্র। কস্তুরীকে তাহার গন্ধ হইতে পৃথক করা যায় না, অথচ কস্তুরী ও তাহার গন্ধ দুইটি একই বস্তুও নয়। কস্তুরী ও তাহার গন্ধের মধ্যে কেবল অভেদ মনন যেমন দৃঢ়র, তাদের মধ্যে কেবল ভেদ মননও তেমনি দৃঢ়র। স্বতন্ত্র কস্তুরী ও তাহার গন্ধের মধ্যে ভেদ ও অভেদ উভয়েই যুগপৎ বিদ্যমান—ইহা স্বীকার করিতে হয়, যদিও ইহা চিন্তার অতীত। সেইরূপ শক্তি ও শক্তিমানের মধ্যে যুগপৎ ভেদ ও অভেদ বিদ্যমান। ভেদ ও অভেদের যুগপৎ বিদ্যমানতা এক অচিষ্ট্য ব্যাপার, কোন যুক্তিতর্ক দ্বারা তাহা প্রমাণ করা যায় না। তাই গোড়ীয় বৈষ্ণবগণ শক্তি ও শক্তিমানের মধ্যে তথা জীব ও ব্রহ্মের মধ্যে সম্মতকে বলেন—অচিষ্ট্যভেদাভেদ সম্ভব।

রাধাকৃষ্ণের সম্মত সম্পর্কে চৈতন্যচরিতামৃত বলেন—

রাধা পূর্ণ শক্তি, কৃষ্ণ পূর্ণ শক্তিমান। দুই বস্তু ভেদ নাই শাস্ত্র পরমাণ। যুগমদ, তার গন্ধ, জৈছে অবিচ্ছেদ। অগ্নি জ্বালাতে যৈছে নাহি কভু ভেদ। রাধাকৃষ্ণ ঐচ্ছ সদা একই স্বরূপ। লীলারস আশ্঵াদিতে ধরে দুই কূপ।

—চৈ. চ. ১৪।৮৩-৮৫।

ইহাতে পূর্ণ শক্তিমতী শ্রীরাধা ও পূর্ণ শক্তিমান শ্রীকৃষ্ণে অভেদ সৃচিত হইতেছে, অথচ লীলারস আশ্বাদনের জন্য তাহারা দুই কূপ ধারণ করেন। ইহাতে শক্তি ও শক্তিমানে যুগপৎ ভেদাভেদ তন্ত্রের অবস্থিতিই সৃচিত হইতেছে, যদিও ইহা চিন্তার অতীত। জীব ও ব্রহ্মে অনুরূপ সম্ভব। শ্রীগুরু মহাপ্রভু লীলাচলে সার্বভৌম ভট্টাচার্যের নিকটে, কার্ণাতকে প্রকাশনদ্বয় সরবতীর নিকটে ও সনাতন গোস্বামীর শিক্ষা প্রসঙ্গে অনুরূপ সিদ্ধান্ত প্রকট করিয়াছেন; যথা—জীবের অনুরূপ হয়—কৃষ্ণের নিত্যদাস। কৃষ্ণের তটস্থ শক্তি—ভেদাভেদ প্রকাশ। স্মর্ণাংশ কৃষ্ণের যৈছে অগ্নি-জ্বালাচর। ব্রাতাবিক কৃষ্ণের তিনি শক্তি হয়।—চৈ. চ. ২।২।০।১০।১-১০২। অর্থাৎ স্মর্ণের বিহিতের ক্রিয়ামূল শক্তি স্বর্ণ হইতে

তেজোরূপে অভিন্ন। কিন্তু কিরণ শৰ্ম্ম নহে। কিরণ ছায়াদি ধারা প্রতিহত হইতে পারে, শৰ্ম্ম হয় না। তাই কিরণ শৰ্ম্ম হইতে ভিন্ন। সেইরূপ অঞ্চলিকসমূহ অঞ্চল হইতে তেজোরূপে অভিন্ন এবং তাহা হইতে পৃথক হইয়া অ্যাকারে পতিত হয় বলিয়া ভিন্ন। একপ জীব সকল চিদানন্দাংশে ভগবান্ হইতে অভিন্ন এবং মায়ায় মুক্ত হইয়া ভগবৎ-সামুদ্ধ্য লাভ করিতে পারে না, এ কারণ ভিন্ন। এই ভেদ ও অভেদের যুগপৎ অস্তিত্ব এক অচিন্ত্য ব্যাপার। ইহাই শ্রীমন্মহাপ্রভু কর্তৃক প্রপঞ্চিত অচিন্ত্যভেদাভেদতত্ত্ব। পরে সনাতন গোৱামী বৃহদ্ভাগবতামৃতে (২।২।১৮৬) ও বৈষ্ণব তোষণীতে, শ্রীনপ লক্ষ্মীভাগবতামৃতে এবং শ্রীজীব ষষ্ঠ সন্দর্ভে ও সর্ব সমাদিনীতে অচিন্ত্যভেদাভেদতত্ত্ব প্রপঞ্চিত করিয়াছেন। যথা—

তত্ত্বাদ স্বরূপাদভিন্নত্বেন চিন্তয়িতুমশক্যস্তাদ ভেদঃ ভিন্নত্বেন
চিন্তয়িতুমশক্যস্তাদভেদশ প্রতীয়ত ইতি শক্তি শক্তিমতো
ভেদাভেদাবেবাপ্তীকৃতো তো চ অচিন্ত্যো। —সর্বসমাদিনী।

শক্তি শক্তিমানের সমস্ক সম্পর্কে দার্শনিক আচার্যগণ ভিন্নমত পোনগ করেন। যথা—শক্তরাচার্য পরমার্থে শক্তিই স্বীকার করেন না, ভেদও স্বীকার করেন না। তাহার মতে ভেদাংশ ব্যবহারিক, প্রাতৌলিক মাত্র। যদ্বাচার্যের মতে শক্তি ও শক্তিমানে ভেদ বিশ্বান। নিষ্ঠার্কাচার্য বাস্তবিক ভেদ ও অভেদ স্বীকার করেন। রামানুজাচার্যের মতে শক্তি ও শক্তিমান বিভিন্ন। ভেদ প্রষ্টব্য।

অচুক্ত—যাহার চূতি বা পরিবর্তন নাই। কৃষ্ণ; বিষ্ণু।

অচুক্তামল্ল—শ্রীমৎ অব্রৈতাচার্য প্রভুর জ্ঞেষ্ঠ পুত্র। শ্রীল গদাধর পশ্চিত গোৱামীর শিষ্য। আহুমানিক ১৪২৭ শকে সৌতা দেবীর গর্ভে শাস্তিপুরে জন্ম। মহাপ্রভুর একান্ত ভক্ত। “অচুক্তের যেইমত, সেই মত সার। আর যত মত—সব হৈল ছারখার॥” —চৈ. চ. ১।১২।৭২। ইনি অজলীলায় অচুক্তা নামী গোপী ছিলেন।

অজ, অজম—১. জয়রহিত (গী. ২।২০।৩৬); অঙ্গা (চৈ. ভা. ১।২৪।১।৩০); ভগবান् (বি. পু. ৫।১৮।৫৩); ২. যহু বংশের রাজা বিশেষ ; ৩. ছাগ।
অজম—ন (নাই) জনা (জন্ম) যাহার।

অজাগলস্তন শ্যায়—বাহ্যিক আকারে প্রয়োজন সাধক বলিয়া মনে হইলেও যাহা প্রয়োজন সাধন করে না, একপ বস্ত বুঝাইবার জন্ত এই শ্যায়ের প্রয়োগ হয়। যথা—কৃষ্ণ মূল অগৎ কারণ। প্রকৃতিকারণ যেছে অজাগলস্তন॥— (চৈ. চ. ১।৫।৫৩)।

অর্থাৎ ছাগলের গলার স্তন সদৃশ মাংসপিণি যেকুণ বাস্তবিক স্তন নহে, তজ্জপ প্রক্রিয়াও জগতের বাস্তব কারণ নহে। কৃষ্ণই যুল জগৎকারণ।

অজ্ঞাবিদ্যুথ—অজ (ছাগ) ও **অবি** (মেষ)-এর দল (ভাঃ ১০৮৩১৮ ;

চৈ. চ. ১৬১১ শ্লোঃ) ।

অজিম—মৃগচর্ম (গীঃ ৬১১) ।

অজ্ঞাম-ভূমোৎস্থি—ধর্ম-অর্থ-কাম-মোক্ষাদি বাহ্যি ; অস্ততারূপ অঙ্ককারের ফল-স্বরূপ বর্ণাশ্রম ধর্মের অঙ্গস্থানাদি ; ইহাতে আত্মেন্দ্রিয় তৃপ্তি হয়, অস্থায়ী গ্রহিক বা পারম্পরীক স্থথ হয়, বিস্তু জীব নিত্য শাশ্঵ত আনন্দের অসুসংক্ষান হইতে বিরত হয় (চৈ. চ. ১১১৫০-৫২) ।

অঞ্চলিকময়মে—প্রা. অজস্ত অশ্রযুক্ত নয়নে (চৈ. চ. ৩১২১৪) ।

অট্টাঙ্গাস—প্রা. অট্ট অট্ট হাসি (চৈ. চ. ১৬১৪৭) ।

অট্টালী—প্রা. অট্টালিকা (চৈ. চ. ২১১১২১৯) ।

অগুচিৎ—ত্রুষ চিদংস্ত, জীব ব্রহ্মের চিদংশ ; জীবের পরিমাণ অগু বা কণা। তাই জীব অগুচিৎ বা চিৎকণ। যথা—কেশাগ্র শতভাগস্ত শতাংশ সদৃশাত্মকঃ। জীব স্মৃত স্বরূপে হৃষির সংগ্যাতীতো হি চিৎকণঃ ॥— (ভাঃ ১০৮৭।৩০) ।

অগুঙ্গাস্তু—শ্রীমধ্বার্যকৃত ত্রুষ স্মৃতের ভাষ্য, ধাৰাতে অধিকরণ তাৎপর্য সংক্ষেপে সূচিত হইয়াছে।

অভিরুখ—মহারথ ত্রুঃ ।

অঘজ্ঞ—ন দ্বাৰা (অঞ্জ), অত্যধিক (চৈ. চ. ২১১৩৯ শ্লোঃ) ।

অঞ্জা—সত্য, যথার্থ, সাক্ষাৎ (ভাঃ ১০৮৩।৩৯ ; চৈ. চ. ১৬।১৩ শ্লোঃ) ।

অঞ্জয়-অজ্ঞাম-তত্ত্ব—অঞ্জয়—বিতীয় হীন ; একমেবাদ্বিতীয়ম ; ভেদহীন। যিনি একমাত্র স্বয়ং সিদ্ধ তত্ত্ব, যাহা বাতীত অপর কোনও স্বয়ংসিদ্ধ তত্ত্ব নাই। স্বয়ংসিদ্ধ অর্থ সর্বতোভাবে অন্য নিরপেক্ষ ; সজাতীয়, বিজাতীয় ও স্বগত ভেদ রহিত। ভেদ প্রষ্ঠিব্য। **অজ্ঞাম—**চিদেক বস্তু, যাহা কেবলমাত্র চিৎ, যাহাতে জড় নাই। **তত্ত্ব—**পরম স্বত্ত্বস্বরূপ বস্তু। অতএব **অঞ্জয়-অজ্ঞাম-**তত্ত্ব অর্থ স্বয়ংসিদ্ধ সজাতীয় বিজাতীয় স্বগত ভেদশূন্য পরমত্ব। ভাগবত বলেন—

বদ্ধিতি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্ঞানমঘঘয়ম্ ।

‘ অক্ষেতি পরমাত্মেতি তগবানিতি শব্দাতে ।

—ভাঃ ১২।১১।

সংক্ষিপ্ত বৈকল্পিক অভিধান

জ্ঞান যোগ ভক্তি তিনি সাধনের বশে ।

অক্ষ, আজ্ঞা, ভগবান्—ত্রিবিধি প্রকাশে ॥

—চৈ. চ. ২১২০।১৩৪ ।

তত্ত্ববিদ্ পণ্ডিতগণ দ্বিতীয় রহিত জ্ঞানকে তত্ত্ব বলেন, সেই তত্ত্বই ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ বলিয়া কথিত হন। ব্রহ্ম—নিরাকার নির্বিশেষ আনন্দসম্ভা মাত্র। আজ্ঞা—পরমাত্মা; অস্ত্রামী। ভগবান্ত—পরবোর্যাধিপতি ষড়ক্ষেত্রপূর্ণ নারায়ণ (চৈ. চ. ১১২১৫৩; ২১২০।১৩১-১৩৪; ২১২১৫; ২১২৪।৫৫)। পরিপূর্ণ সর্বশক্তি বিশিষ্ট ভগবানিতি—ক্রম সম্ভর্ত টাকা। গৌড়ীয় মতে শ্রীকৃষ্ণ এবং পরবোর্যাধিপতি নারায়ণ শ্রীক্রষ্ণের বিলাসকপ।—ভগবান্ স্তুৎ। অদ্বয়-জ্ঞান-তত্ত্ব—ব্রহ্ম পরমাত্মা ও ভগবান্কূপে প্রকাশিত হন।

অদ্বেষ্টা—দ্বেষহীন (গীঃ ১২।১৩) ।

অদ্বেতবাদ—শঙ্করাচার্য প্রপক্ষিত জীব ও ব্রহ্মের একত্ব এবং তত্ত্বের অন্য বস্তুর মিথ্যাত্ব প্রতিপাদক মত বিশেষ। নির্বিশেষ ব্রহ্মই সত্য, তদভিত্র জগৎ মিথ্যা—এই জ্ঞানপথকে অদ্বেতবাদ বলে। অদ্বেতবাদে ব্রহ্ম নির্বিশেষ, নিরাকার, নিষ্ঠুর ও নিঃশক্তিক (চৈ. চ. ২১২১৩৯)।

অদ্বেতাচার্য—ভক্তি কল্পতরুর একটি প্রধান স্বক্ষণ। পঞ্চতত্ত্বের অঙ্গর্গত ভক্তাবতার। প্রভু। শ্রীহট্ট জেলার লাউড় গ্রামে বারেন্দ্র আঙ্গ বংশে রাজা দিব্য সিংহের সভাপণ্ডিত কুবের পণ্ডিতের শুরসে ও নাভাদেবীর গর্ভে ১৩৫৫ শকের মাঘ মাসের শুক্লা সপ্তমীতে আবির্ভূত। পিতৃদন্ত নাম কমলাক্ষ। দুই পঞ্চী—শ্রীসীতাদেবী ও শ্রীশ্রীদেবী। অচূতানন্দ, কৃষ্ণমিশ্র, গোপাল এবং বলরাম নামে ইহার চারিপন্তের উল্লেখ চৈতন্যচরিতামৃতে আছে। ইহারা সৌতাদেবীর গর্ভজাত। এতদ্যতীতে স্বরূপ ও জগদীশও সীতাদেবীর পুত্র বলিয়া কোন কোন গ্রন্থে উল্লেখ আছে। শ্রীদেবীর গর্ভজাত পুত্রের নাম শামদাস। চৈতন্যচরিতামৃতে উক্ত শ্রীবুরুপ দামোদরের মতে—অদ্বেতাচার্য মহাবিষ্ণুর (কারণার্থ শায়ীর) অবতার, ভক্তাবতার। গৌর-গণেচন্দেশ-দীপিকার মতে সদাশিব—যিনি অজে আবেশকপুত্র হেতু বৃহৎ বলিয়া প্রসিদ্ধ। শ্রীপাদ মাধবেন্দ্র পুরীর শিষ্য। ইনি লাউড় হইতে নবহট্টে, তৎপরে শাস্তিপুরে আসিয়া বসতি স্থাপন করেন। নবদ্বীপেও ইহার এক বাড়ী ছিল। ইহার প্রেম হস্তারেই মহাপ্রভুর আবির্ভাব হয় বলিয়া কথিত। আহুমানিক ১৪৮০ শকে তিরোভাব।

অক্ষুতসু—গোপনৰস প্রষ্ঠে (চৈ. চ. ২১১২।১৬০)।

অধিকারী—প্রা. অধিক (চৈ. চ. ১৪।২।১৫)।

অধিগম—জ্ঞানলাভ (জৈন মতে)। জ্ঞানলাভ বা অধিগমের উপায় দুইটি—‘প্রয়াণ’ ও ‘নয়’। অগ্রাণ দুই প্রকার—প্রত্যক্ষ ও পরোক্ষ। স্তোরণ পাঁচ প্রকার—মতি, শ্রান্তি, অবধি, মনঃপর্যয় ও কেবল। ইতি শব্দে স্মৃতি, সংজ্ঞা, অশুম্যান প্রভৃতি বুঝায়। প্রত্যক্ষ প্রয়াণ। **শ্রান্তি—**জৈন ভৌখিকরদের শাস্তি। শ্রান্ত দুই প্রকার—অঙ্গ প্রবিষ্ট (শাস্তি হইতে প্রাপ্ত) ও অঙ্গবাহি (শাস্তি ছাড়া অন্ত উপায়ে প্রাপ্ত)। পরোক্ষ প্রয়াণ। অবধি—সাধারণ ইন্দ্রিয়লভ্য প্রত্যক্ষ জ্ঞান। **অমঃপর্যয়—**পরের মনের যে প্রত্যক্ষ লভ্যজ্ঞান। কেবল সর্বোচ্চ পরম-তত্ত্বের যে সাক্ষাৎ জ্ঞান। ‘নয়’ বা সম্পূর্ণজি অয়—নৈথায়িকের ভাষায় ‘গ্রায়’। সত্য নির্ধারণের জন্য একপ্রকার বিচারভঙ্গি। ইহা সাত প্রকারে প্রকাশ করা হয় বলিয়া ‘নয়’-কে ‘সপ্তভঙ্গ’ বলা হয়।

অধিষ্ঠৈবত্ত—হিরণ্য গর্ভার্থ পুরুষ; অধিষ্ঠাত্রী দেবতা—স্বামী (গী: ৮।৪)।

অধিভুত—নথর দেহাদি পদাৰ্থ (গী: ৮।৪)।

অধিষ্ঠত্ত—যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতা; যজ্ঞাদি কর্ম প্রবর্তক ও তৎফল দাতা—স্বামী (গী: ৮।২, ৪)।

অধিক্রট মহাভাব—প্রেমের ঘনীভূত অবস্থা বা অহুরাগের চরম পরাগতির নাম ভাব। আর ভাবের পরবর্তী উর্বরতর স্তরের নাম অহাভাব। কৃষ্ণপ্রেমে দেহে অঞ্চ কম্পাদি পাঁচ বা ততোধিক ভাবের বিকার একসঙ্গে উদ্বিত হইলে তাহাকে বলে উদ্বীপ্তি। আর সমস্ত উদ্বীপ্তি সাতিক ভাব মহাভাবে পরমোৎকর্ষ প্রাপ্ত হইলে তাহাকে বলে স্ফুরণীপ্তি ভাব। মহাভাবের যে অবস্থায় সাতিক ভাব সকল উদ্বীপ্ত হয় অর্থাৎ অধিকক্ষণে প্রকাশ পায়, তাহার নাম কৃট অহাভাব। আর কৃট মহাভাবের অভুতাব অর্থাৎ বাহ লক্ষণ সকল যথন অনিবিচনীয় বিশিষ্টতা প্রাপ্ত হয়, তখন তাহার নাম অধিক্রট মহাভাব। ইহা একমাত্র অজগোপীতে অভিযুক্ত হইতে পারে। (উ. নী.—সাতিক প্রকল্প—২৯; উ. নী.—স্বামীভাব—১২৩)।

অধীরঞ্জনক্ষত্তা, অধীরঞ্জন্যা, অধীরো—নায়িকা ত্রঃ।

অধোক্ষজ—যিনি ইন্দ্রিয়জ জ্ঞানকে অধঃক্রত অর্থাৎ অতিক্রম করিয়াছেন। পরমাত্মা। ইন্দ্রিয়বৃত্তির অগোচর ভগ্নবান्। **পরব্যোম—**চতুর্বুজের অন্তর্গত বাহুদেবের বিলাস (চৈ. চ. ২।২০।১।৭৩-৪, ২০৪)। **বিষু—**(শ. ক. ফ.)।

অধ্যাত্ম—১. স্বভাব; ২. ‘স এবাঞ্চানং দেহমধিক্রত্য ভোক্তৃত্বেণ বর্তমানোহিদ্যাত্ম শব্দেন উচ্যতে’—দেহ অধিকার করিয়া যিনি ভোক্তৃত্বেণ বর্তমান তিনিই অধ্যাত্ম শব্দবাচ্য—শ্রীধর (গী. ৮।৩)।

অধ্যাত্মবিদ্বা— মোক্ষপ্রদ আত্ম বিদ্বা (গী. ১০৩২)।

অধোভূ—যাহা অধ্যয়ন করিতে হইবে একপ ; পঠনীয় ।

অধুনা—পথ (চৈ. চ. ২১২৩০৪৭ শ্লোঃ)।

অন্তর্ভুক্তি— ১. অশেষ, অসীম ; ২. ব্রহ্ম, ভূখানী সহস্রবদন শেষ নাগ ; ৩. বলমান
 (চৈ. চ. ১।৫।১০০-০৮ ; ২।১।০।৩০৮-৯) ; ৪. বাহুর অলঙ্কার বিশেষ, তাগা ;
 ৫. দক্ষিণাত্যোন্ন শ্রীবিশ্বাশ (চৈ. চ. ২।১।১০৬)।

অমন্ত্রপঞ্জি—ইনি ২৪ পরগনায় আটিসারা গ্রামে বাস করিতেন। পুরী
গমনের পথে মহাপ্রভু সপর্ণির ইহার আতিথ্য গ্রহণ করিয়াছিলেন।

অনস্তপদ্মনাভস্থান (অনস্তপুর)—দক্ষিণ ভারতে অনস্তপুর জেলায়, বর্তমান নাম ‘ত্রিবল্লভম্’। বর্তমানে কেরালা রাজ্যের রাজধানী। এই স্থানে শ্রীঅনস্তপদ্মনাভ নামক দিঘি বিশ্বাহ আছে (চৈ. চ. ২১৯২২৪)।

অনবসু—প্র. জগম্বাথ দেবের আন যাত্রার পরের পন্থ দিন (চৈ.চ. ২।। ১১৩)।

ଅମ୍ବଗାଣ—ବାଧା ବିଷ୍ଟ ଶୁନ୍ତ (୮୯. ୩. ୧୧୧୫୬) ।

অন্পিঙ্করী—যাহা পূর্বে অপ্রিত হয় নাই (১৫. চ. ১১১৪ শ্লোঃ)।

অনাচাৰ—আচাৰ হীন (চি. চ. ১১০১৮৭) ।

ଆମାଜ୍ଞାଧର୍ମ—ଯେ ଧର୍ମର ସହିତ ସଙ୍ଗପାଦୁବକ୍ଷି କର୍ତ୍ତବ୍ୟେର କୋନାଓ ସମସ୍ତ ନାହିଁ ଅଥବା
ଯେ ସମସ୍ତ ଧର୍ମ ଜୀବ ଶକ୍ତିପର ଅନୁକ୍ରମ ନାହେ । ଦେହାଦି ଅନାଜ୍ଞା ବସ୍ତ ଅନିତ୍ୟ,
ପରିବର୍ତ୍ତନଶୀଳ । ସମାଜଧର୍ମ, ମୋକ୍ଷଧର୍ମ, ବେଦଧର୍ମ, ଆଚାର ପ୍ରଭୃତି ଅନାଜ୍ଞାଧର୍ମ ।
ଇହାରା ଆଭାସ୍ୱତ୍ତ ତାତ୍ପର୍ଯ୍ୟ । ଆଭାସ୍ୱତ୍ତ ତୁ ।

ଅନ୍ତର୍ଦ୍ଵିତୀୟ—ପଞ୍ଚ ନିତ୍ୟ ବସ୍ତୁ, ସଥା କାଳ, କର୍ମ, ମାୟା, ଜୀବ ଓ ଜ୍ଞାନ । ଏହି ପାଞ୍ଚଟି ବସ୍ତୁ ନିତ୍ୟ, ଅନାଦି ; ଇହାର ମଧ୍ୟେ କାଳ, କର୍ମ ଓ ମାୟା—ଜଡ଼, ଅଚେତନ । ଜ୍ଞାନ ଚିନ୍ତା, ବସ୍ତୁ, ବିଭୂତି ; ଜୀବ—ଅଛଚି, ଚିନ୍ତକଣ । ‘ମାୟା’ ଏଥାନେ ‘ଶ୍ଵରତି’ ଅର୍ଥେ ଏବଂ ‘କର୍ମ’ ‘ଆନଷ୍ଟେ’ ଅର୍ଥେ ସାବଧନ ହିଁଥାଏ ।

【অমাসজ ভজন—স্বর্গাদি লাভের আকাঙ্ক্ষায় সাক্ষাৎ ভজনে প্রবৃত্তিহীন ভজন। পঞ্চান্ত সাধন বাতীত মতি স্বতি বদ্মনাদি অনাসঙ্গ ভজন। একল শত সহস্র ভজনেও হণ্ডিভক্তি লাভ হয় না। আর শ্রীহরিও সহজে ভক্তি প্রদান করেন না (চৈ. চ. ১৮। ১৫-১৬; সিঙ্গু ১। ১। ৩৫)। জাসজ ভজন—১. ভক্তি যোগের সহিত জ্ঞান যোগাদি যে ভজনে মিশ্রিত আছে, তাহাই সাসঙ্গ; ২. পার্শ্ব দেহে (অস্তিত্বিত সিক্ষ দেহে) যেন উপাস্ত দেবের সাক্ষাতে উপস্থিত ধাকিয়াই তাহার প্রীতির উদ্দেশ্যে ভজনাস্ত্রের অরুষ্ঠান করা। হইতেছে, একল চিন্তার সহিত যে ভজন তাহা জাসজ।

অলিকেতন, অলিকেত—নির্দিষ্ট বাসস্থান বিহুন (চৈ. চ. ২১১৩।১১৪,
গীঃ ১২।১২)।

অলিমিত—যিনি চক্রের পলক ফেলেন না ; দেবতা ; যিনি কাল প্রবাহের
অধীন নহেন—শ্রীজীব (ভাঃ ৩।১৫।২৫ ; চৈ. চ. ২।২৪।২৭ শ্লঃ)।

অলিঙ্গন—শ্রীকৃষ্ণের পৌত্র ও প্রদ্বাসনের পুত্র। ইনি শ্রীকৃষ্ণের প্রাত্ববিদ্যাস এবং
ধারকা ও পরবোম চতুর্ব্যহের অগ্রতম। চতুর্ব্যহ স্তুৎঃ।

অলিষ্ঠ—সর্বদা (চৈ. চ. ২।২৩।১১ শ্লঃ ; হ. ভ. স্ত. ১২।৩।)

অমুকার—তুল্য (চৈ. চ. ১।১।১।১।২)।

অমুক্রম—আরম্ভ (চৈ. চ. ১।১।১।২)।

অমুপঘ, অমুপঘ বল্লভ—শ্রীরূপ গোষ্ঠামীর কনিষ্ঠ সহোদর। পিতা কুমার
দেব। বৈষ্ণবাচার্য শ্রীজীব গোষ্ঠামী ইহার পুত্র। রূপ গোষ্ঠামী স্তুৎঃ।

অমুপাম—প্রা. অতুলনীয় (চৈ. চ. ২।১।১।৫।৬)।

অমুপ্রাস—‘বর্ণ সাম্যমন্ত্রপ্রাসঃ’। বাক্যে কোনও বর্ণের বা শব্দের বহুবার
প্রয়োগে ‘অমুপ্রাস’ অলঙ্কার হয় (চৈ. চ. ১।১।৬।৪।৩ ; অলঙ্কার কৌস্তুভ ৮।৩।৮)।

অমুবক্ত—আরম্ভ, শুচনা (চৈ. চ. ১।১।৩।৫) ; প্রাপ্যবস্তু (চৈ. চ. ২।২।০।১।১।১)।

অমুবক্ত চতুর্ষষ্ঠ—চতুঃশ্লোকী স্তুৎঃ।

অমুবাদ—১. ‘বিধেয়’ কহিয়ে তারে—যে বস্তু অজ্ঞাত। ‘অমুবাদ’ কহি তারে
যেই হয় জ্ঞাত (চৈ. চ. ১।২।৬।২)। অর্থাৎ কোনও বাক্যে যে বস্তু অজ্ঞাত
তাহার নাম বিধেয়, আর যাহা জ্ঞাত তাহার নাম অমুবাদ। অতএব পূর্বে
অমুবাদ বলিয়া পরে বিধেয় বলিতে হয়। ২. কথিত বিষয়ের সংক্ষিপ্ত পুনরুল্লেখ
(চৈ. চ. ১।১।৩।০।১)।

অমুত্ত্বজ্যা—১. যাত্রা উৎসবে শ্রীভগবন্তি বাহির হইলে তাহার পশ্চাদগমন
(চৈ. চ. ২।২।২।৬।৮) ; ২. পশ্চাদ গমন (চৈ. চ. ২।৭।১।৩।২)।

অমুত্ত্বাব—যে সমস্ত বহির্বিক্রিয়া দ্বারা চিন্তিত ভাবের পরিচয় পাওয়া যায়,
তাহাদিগকে অমুভাব বলে। যে সমস্ত বহির্বিক্রিয়া দ্বারাবিক, স্বতঃই প্রকাশ
পায়, চেষ্টা করিয়াও দমন করা যায় না, তাহাদিগকে বলে জালিক ভাব,
যেমন অঞ্চলিকাদি। আর যে সমস্ত বিকারকে ভক্ত ইচ্ছা করিলে দমন
করিতে পারেন, যেমন কৃষ্ণ সম্বৰ্ক্খাভাবের প্রভাবে মৃত্যু, গীত, ভূমিতে গড়াগড়ি,
চীৎকার, হৃষ্টার, জ্ঞেন, দীর্ঘবাস প্রভৃতি,—তাহাদিগকে বলে উদ্ভৃতাস্তুতি।
অমুবাদ—(চৈ. চ. ২।২।৩।২৮,৩।)।

ଅମୁମାନ—ଅଳକାର ବିଶେଷ । ସାଧନା (ଅର୍ଥାତ୍ ହେତୁ) ଦାରୀ ସାଧ୍ୟବନ୍ଦୁ ଅର୍ଥାତ୍
(ପ୍ରତିପାଦ୍ଧ ବିଷୟେର) ଆନକେ ଶ୍ଵାର ଶାସ୍ତ୍ରେ ଅମୁମାନ କହେ (ଚୈ. ଚ. ୧୧୬୧୭) ।

ଅମୁଯାୟୀ—ଅନୁପ୍ରବିଷ୍ଟ (ଚୈ. ଚ. ୧୬୧୭୮) ।

ଅମୁରାଗ—ପ୍ରେସ ଦ୍ରୁଃ ।

ଅମୁପ—ଅମୁଗତ ଅପ୍ରଜଳ ଯେଥାମେ ; ଜଳମୟ ସ୍ଥାନ (ଚୈ. ଚ. ୩୧୧୧୫୦ଙ୍କେ) ।

ଅନ୍ତ—୧. କୁଳ କିନାରା (ଚୈ. ଚ. ୧୪୧୮୮) ; ୨. ସୀମା ; ପ୍ରାନ୍ତ ; ୩. ମୃତ୍ୟୁ,
ନାଶ ; ୪ ସ୍ଵରୂପ ।

ଅନ୍ତର—୧. ପାର୍ଥକା ; (ଚୈ. ଚ. ୧୪୧୮୧ ; ୨. ବ୍ୟବଧାନ ; ୩. ଘନ, ହଦୟ ।

ଅନ୍ତର ସାଧନ—ରାଗାହୁଗା ଭକ୍ତିର ସାଧନ ଦୁଇ ପ୍ରକାର—ବାହ୍ୟ ବା ସ୍ଥାବନ୍ଧିତ ଦେହେର
ସାଧନ ଏବଂ ଅନ୍ତର ବା ମାନସିକ ସାଧନ । ସ୍ଥାବନ୍ଧିତ ଦେହେ ନବ ବିଧା ଭକ୍ତି ଅନ୍ତର
(ବୀ ୬୪ ଅଥ ସାଧନ ଭକ୍ତିର) ଅନୁଷ୍ଠାନକେ ବାହ୍ୟ ସାଧନ ବଲେ, ଆର ମନେ ମନେ
ନିଜ ସିନ୍ଧ ଦେହ ଚିନ୍ତା କହିରା ମେଇ ଅନ୍ତର୍ଚିନ୍ତିତ ଦେହେ ସ୍ବିଯ ଭାବାହୁକୁଳ ପରିକର
ବର୍ଗେର ଆନୁଗତ୍ୟେ ସର୍ବଦା ବ୍ରଜେନ୍ଦ୍ର ନନ୍ଦନର ମେବା ଚିନ୍ତାକେ ଆନସିକ ମେବା ବା
ଅନ୍ତର ସାଧନ ବଲେ । ଅଜ ପରିକରର୍ବ ଶ୍ରୀକୃଷ୍ଣର ସ୍ଵରୂପଶକ୍ତି, ତୋହାରା ସ୍ଵାତନ୍ତ୍ର୍ୟମୟୀ
ମେବାଯ କୁଳ ମେବା କରିଯା ଥାକେନ । ଜୀବେର ମେନ୍ଦ୍ରପ ମେବାଯ ଅଧିକାର ନାହିଁ ।
କାରଣ ଜୀବ ସ୍ଵରୂପତଃ କୁଷେର ଦାସ, ଆନୁଗତାମନୀ ମେବାଯ ଦାସେର ଅଧିକାର,
ସ୍ଵାତନ୍ତ୍ର୍ୟମୟୀ ମେବାଯ ନହେ । ‘ବାହ୍ୟ’ ‘ଅନ୍ତର’ ଇହାର (ରାଗାହୁଗାର) ଦୁଇତ ସାଧନ ।
ବାହ୍ୟ—ସାଧକ ଦେହେ କରେ ଶ୍ରୀବିନ୍ଦୁ କୌର୍ତ୍ତନ ॥ ମନେ—ନିଜ ସିନ୍ଧ ଦେହ କରିଯା ଭାବନ ।
ରାତ୍ରି ଦିନେ କରେ ବ୍ରଜେ କୁଷେର ମେବନ ॥ (ଚୈ. ଚ. ୨୧୨୧୮୯-୯୦) । ରାଗାହୁଗା
ଓ ସିନ୍ଧ ଦେହ ଦ୍ରୁଃ ।

ଅନ୍ତରଜା ଭକ୍ତି—ଶକ୍ତି ଦ୍ରୁଃ ।

ଅନ୍ତର୍ବୀପ—(ଆତୋପୂର) :—ଶ୍ରୀନବ୍ଦୀପେର ଅନ୍ତର୍ଗତ ନୟଟ ଦୀପେର ଅନ୍ତତମ ।
ଆଚେତନ୍ୟେର ସମୟେ ଗନ୍ଧାର ପୂର୍ବପାରେ ଅବହିତ ଛିଲ । ଏଥନ ଗନ୍ଧାର ଭାଙ୍ଗନେ ସ୍ଥାନ
ବିର୍ଦ୍ଦୟ ଘଟିଯାଇଛି ।

ଅନ୍ତର୍ବାଣୀ—ଅନ୍ତଃ ‘ଚିନ୍ତେ’ ବାଣୀ (ସରସତୀ) ଆଛେ ଯାହାର । ପଣ୍ଡିତ ;
ବହ ଶାନ୍ତବ୍ି (ଚୈ. ଚ. ୨୨୭୧୯୯୦ଙ୍କେ ; ଡ. ରା. ଶି. ୧୪୧୨) ।

ଅନ୍ତର୍ଚିନ୍ତିତ ସିନ୍ଧ ଦେହ—ସିନ୍ଧ ଦେହ ଦ୍ରୁଃ ।

ଅନ୍ତକ୍ରେ—ନିକଟେ (ଚୈ. ଚ. ୩୧୧୩୫) ।

ଅନ୍ତୀ—ଅନ୍ତକାର, ଅନ୍ତତା, ଅଜ୍ଞାନ (ଚୈ. ଚ. ୩୭୧୧୩) ।

ଅନ୍ତକୁଟ—ଅନ୍ତେର କୁଟ (ପର୍ବତ ବା ରାଶି) ଯାହାତେ । ଯେ ଉତ୍ସବେ ପର୍ବତ ପ୍ରୟାଣ
ବା ରାଶିକୃତ ଅନ୍ତ ନିବେଦିତ ହୁଏ (ଚୈ. ଚ. ୧୪୧୯୮) ।

অল্পকৃট গ্রাম—মথুরায় গোবর্ধন পর্বতের উপরে স্থিত একটি গ্রাম। অপর নাম ‘আনিয়োর’। এই স্থানেই গোবর্ধন পূজার সময় অল্পকৃট হয়। এ স্থানের বিগ্রহ—গোবর্ধন পতি শ্রীগোপাল দেব (চৈ. চ. ২১৮১২২)।

অল্পবিধি—অভিধেয় দ্রঃ।

অল্পকামী—বিষয় ভোগ আকাঙ্ক্ষাকামী। জীব কৃষ্ণের নিত্যদাস, ইহা ভুলিয়া কোন কৃষ্ণভক্ত বিষয় স্মৃৎ আকাঙ্ক্ষা করিলে কৃষ্ণ স্বচরণামৃত দিয়া তাহার বিষয় স্মৃৎ ছাড়াইয়া থাকেন (চৈ. চ. ২১২২১৪-২৭)।

অল্প নিরপেক্ষ বিধি অভিধেয় দ্রঃ।

অল্পাঞ্জে—পরম্পর (চৈ. চ. ১৪১৪৩)।

অপত্তি—নিয়ম ভঙ্গ না করিয়া (চৈ. চ. ১১০১৯)।

অপবর্গ—১. ঘোক ; মুক্তি (চৈ. চ. ১১১২৯ শ্লঃ) ; ২. “বাস্তুদেবেহনন্ত নিমিত্ত ভক্তি ধোগ লক্ষণঃ”—অর্থাৎ বাস্তুদেবের প্রতি ফলাভিসংক্ষিপ্ত ভক্তিযোগই অপবর্গের লক্ষণ (ভাঃ ১১১১১৯) ; ৩. আত্মাচিকী দৃঃগ নিরুক্তি ; ৪. শ্রীতি (ভাঃ ১০১৪১১৫) ; ৫. নাশক (ভাঃ ১৭১২২) ; ৬. অন্ত (ভাঃ ১১৪১২৯) ; ৭. নির্দিষ্ট দেশে ও কালে কার্যের সমাপ্তি ও ফলস্থান (হরি ৪১০১)।

অপরশ্চ—প্রা. অপরের স্পর্শীনভাবে (চৈ. চ. ১১০১১৪০)।

অপরাধ—অপগত হয় রাধ (সন্তোষ) যাহা হইতে। দোষ ; পাপ। অপরাধ তিনি প্রকার, যথা—সেবাপরাধ, নামাপরাধ ও বৈষ্ণব অপরাধ।

অপরাবিষ্ঠা—১. নিকৃষ্ট বিষ্ঠা ; ২. অবিষ্ঠা ; ৩. বেদ ও বেদান্ত অপরাবিষ্ঠা।
উপনিষদ পরাবিষ্ঠা—‘য়া তদক্ষরমধিগম্যতে’,—(মুওক) যাহা দ্বারা সেই অক্ষয়-ব্রহ্মকে জানা যায়।

অপরাখতি—শক্তি দ্রঃ।

অপস্মৃতি—ব্যভিচারী ভাব দ্রঃ।

অপাণি পাদঞ্চলি—‘অপাণি পাদো জবনো গৃহীতা, পশ্চত্যচঙ্গঃ স শৃণোত্যকর্ণঃ’—অর্থাৎ অঙ্গের হস্ত নাই, কিন্তু গ্রাহণ করিতে পারেন, পদ নাই তবু বেগে ধাবিত হইতে পারেন, চক্ষু নাই অথচ দর্শন করেন, কর্ণ নাই তথাপি শ্রবণ করেন,—এই সত্য যে শ্রতিতে প্রতিপাদিত হইয়াছে (চৈ. চ. ২১৬১৪০-৪১)।

অপার—অনন্ত (চৈ. চ. ১১৬১৭৮)।

অপি—সন্তানবা ; প্রথ ; শক্তা ; নিম্বা ; সমুচ্চয় ; যুক্ত পদাৰ্থ ; কামাচার (আপন ইচ্ছামত) ক্রিয়া—বিশ্ব প্রকাশ (চৈ. চ. ২১২৪১২০ শ্লঃ)।

অপুমুরাবৃত্তি—অপুনর্জয় ; ঘোক (গৌ. ১১১)।

ଅପ୍ରକଟ—ପ୍ରକଟ ଦ୍ରୁଃ ।

ଅବ—ପ୍ରା. ଏକଣେ (ଚୈ. ଚ. ୨୮୧୫୬) ।

ଅବଗାହ ସାଧ—ପ୍ରା. ସାଧ ମିଟାଇୟା ଅବଗାହନ (ଚୈ. ଚ. ୧୧୨୧୨) ।

ଅବଗାହ—ଅନାବୁଢ଼ି ; ବୁଢ଼ିର ବାଧାତ (ଚୈ. ଚ. ୨୧୦୧ ଶ୍ଲୋଃ) ।

ଅବଜଳ—ଚିତ୍ରଜଳ ଦ୍ରୁଃ ।

ଅବଜାନ—ପ୍ରା. ଅବଜା ; ଉପେକ୍ଷା (ଚୈ. ଚ. ୩୭୧୦୨) ।

ଅବଭଂଗ—ଭୂଷଣ ; କର୍ଣ୍ଣଭୂଷଣ ; ଶିରୋଭୂଷଣ ; ଶ୍ରେଷ୍ଠ (ଚୈ. ଚ. ୨୮୧୪୦) ।

**ଅବଭାବ—ହୃଷିକାର୍ଦ୍ଦେର ନିମିତ୍ତ ଦ୍ଵିତୀୟର ଯେ ସ୍ଵରପ ପ୍ରମକ୍ଷେ ଅବତୀର୍ଣ୍ଣ ହନ, ତୀହାକେ ଅବଭାବ ବଲେ (ଚୈ. ଚ. ୨୧୦୨୨୭) । ଶ୍ରୀମଦ୍ଭାଗବତ ବଲେ—ଶ୍ରୀହରିର ଅବଭାବ ଅମ୍ବଖ୍ୟ (ଭାଃ ୧୩୨୩ ; ଚୈ. ଚ. ୨୧୦୧୩୦ ଶ୍ଲୋଃ) । ତୀହାଦେର ମଧ୍ୟେ ପ୍ରଧାନ—
ଅଂଶାବତାର, ପୁରୁଷାବତାର, ଲୀଲାବତାର, ଶୁଣାବତାର, ମସ୍ତନାବତାର, ସ୍ଥାବତାର ଓ
ଶକ୍ତାବେଶ ଅବଭାବ । **ଅଂଶାବତାର—**ଯେ ଭଗ୍ୟ ଅବଭାବେ ଐଶ୍ୱର, ମାଧୁୟ, କୁପା,
ତେଜଃ ପ୍ରଭୃତି ନାନାବିଧ ଗୁଣ ବା ଶକ୍ତିର ଅଳ୍ପ ପରିମାଣେ ଅଭିଵ୍ୟକ୍ତି ହୁଏ ତୀହାକେ
ଅଂଶାବତାର ବଲେ । ସ୍ଵର୍ଗ ରୂପ ହଇଲେ ଅଭିନ୍ନ ହଇଲେ ଓ ଇହାତେ ବିଲାସ ଶକ୍ତିର
ଅପେକ୍ଷାକୁତ ଅଳ୍ପ ଅଭିଵ୍ୟକ୍ତି ଥାକେ । କାରଣାର୍ଗବଶ୍ୟାମୀ, ଗର୍ଭୋଦଶ୍ୟାମୀ ଏବଂ
ଶ୍ରୀରୋଦଶ୍ୟାମୀ—ଏହି ତିନ ପୁରୁଷ ଏବଂ ମଂଞ୍ଚ କୃତ୍ୟାଦି ଅଂଶାବତାର (ଚୈ. ଚ.
୧୧୧୩୩) । **ପୁରୁଷାବତାର—**ହୃଷି-ହୃତି-ପଲୁଯେର କର୍ତ୍ତା ମହାବିଷ୍ଣୁ ଅବଭାବୀ ।
ତୀହାର ତିନଟି ପୁରୁଷ ରୂପ ଆଛେ । ପ୍ରଥମ ରୂପ ମହତ୍ତମେର ହୃଷିକର୍ତ୍ତା, ପ୍ରକୃତିର ବା
ସମଟି ବ୍ରହ୍ମାଣ୍ଡେର ଅନ୍ତର୍ଯ୍ୟାମୀ—କାରଣାର୍ଗବଶ୍ୟାମୀ ସହର୍ଷଣ, ବିତୀୟ ରୂପ ବ୍ୟାଷି ବ୍ରଜାଣ୍ଡେର
ଅନ୍ତର୍ଯ୍ୟାମୀ ଗର୍ଭୋଦଶ୍ୟାମୀ ପ୍ରଥାମ ଏବଂ ତୃତୀୟ ପୁରୁଷ ପ୍ରତ୍ୟେକ ଜୀବେର ଅନ୍ତର୍ଯ୍ୟାମୀ
ଶ୍ରୀରୋଦଶ୍ୟାମୀ ଅନିନ୍ଦ୍ରିୟ (ଲ. ଭା. ମ୍ବ., ପୂର୍ବ ଖ୍ୟ ୨୧୯ ; ଚୈ. ଚ. ୨୧୦୧୩୧ ଶ୍ଲୋଃ ;
ଚୈ. ଚ. ୨୧୨୦୨୧୩-୨୧୭) । **ଜୀଲାବତାର—** ବିବିଧ ବୈଚିଜ୍ଞାନିକ ପରିପୂର୍ଣ୍ଣ ଓ ନିର୍ମାଣ
ନବ ନବ ଉତ୍ସାହରଙ୍ଗେ ତରଙ୍ଗାୟତ, ଭଗବାନେର ସ୍ଵେଚ୍ଛାଧୀନ ଚେଷ୍ଟା ଓ କାର୍ଯ୍ୟାଦିକେ
'ଲୀଲା' କହେ । ଏକପ ନାନା ଲୀଲା ଉତ୍ୟାପନେର ଜଣ୍ଠ ଭଗବାନ୍ ମଂଞ୍ଚ, କୂର୍ମ,
ବରାହ, ରାମଚନ୍ଦ୍ର, ପ୍ରଭୃତି ରୂପେ ଧରାଧାରେ ଅବତୀର୍ଣ୍ଣ ହନ । ଇହାରା ଲୀଲାବତାର ।
ଶ୍ରୀମଦ୍ଭାଗବତେ ମତେ ମଂଞ୍ଚ, ଅଶ୍ଵ, କୂର୍ମ, ନୃସିଂହ, ବରାହ, ହଂସ, ରାମ, ପରମତମ
ଏବଂ ବାମନ ପ୍ରଭୃତି ଲୀଲାବତାର (ଚୈ. ଚ. ୨୧୨୦୨୧୨-୧୩ ; ୨୯୪-୯୬ ;
ଚୈ. ଚ. ୨୧୨୦୧୪୦ ଶ୍ଲୋଃ ; ଭାଃ ୧୦୧୨୪୦) । ଅଯଦେବେର ଦଶାବତାର ତୋତେ ଦଶଭାବ
ଅବଭାବେର ଉତ୍ସେଖ ଆଛେ ; ଯଥା—ମୀନ, କୂର୍ମ, ଶୂରୁ. ନରହରି (ନୃସିଂହ), ବାମନ,
ତୃତୀୟ (ପରମତମ), ରାମ, ହଲଧର (ବଲରାମ), ବୁନ୍ଦ ଓ କର୍କି । ଅଯଦେବ ଭାଗବତେର**

অথ ও হংসের উল্লেখ করেন নাই। চৈতন্য চরিতামৃত মতে কলিযুগে জীৱাবতার নাই, এজন্য বিষ্ণুৰ অপৰ নাম ‘ত্রিযুগ’। তিনি কলিতে স্বয়ংকুলে অবতীর্ণ হন (চৈ. চ. ২১৬।৭-১৮)। শুণাবতার—বিশ্বের শষ্টি, শ্রিতি ও সংহারের জন্য রজঃ, সৰ্ব ও তমো গুণের অধিষ্ঠাত্রকে ব্ৰহ্মা, বিষ্ণু ও শিবেৱ আবিৰ্ভাব হয়; সেজন্য ইহাদিগকে শুণাবতার বলে (চৈ. চ. ২।২০।১২৪৯)। অমৃতন্ত্ৰাবতার—প্রতি মৰ্ষস্তৱে একজন অবতার হন, তাহাকে মৰ্ষন্ত্ৰাবতার বলে। ১৪টি মৰ্ষস্তৱে ব্ৰহ্মার একদিন। এই একদিনে ১৪ জন মৰ্ষন্ত্ৰাবতার অবতীর্ণ হন। যথা—স্বায়ত্ত্ব মৰ্ষস্তৱের অবতার যজ্ঞ, স্বারোচিষেৱ বিভু, শুক্রমেৱ সত্যসেন, তামসেৱ হরি, বৈবতেৱ বৈবুণ্ঠ, চান্দ্ৰমেৱ অজিত, বৈবস্ততেৱ বামন, সাবৰ্ণিৱ সাৰ্বভৌম, দক্ষ সাবৰ্ণিৱ ঋষভ, ব্ৰহ্ম সাবৰ্ণিৱ বিশ্বক সেন, ধৰ্ম সাবৰ্ণিৱ ধৰ্মসেতু, কুত্ৰ সাবৰ্ণিৱ সুধাম, দেব সাবৰ্ণিৱ যোগেশ্বৰ এবং ইন্দ্ৰ সাবৰ্ণিৱ অবতারেৱ নাম বৃহস্থানু। বৰ্তমানে সপ্তম মৰ্ষস্তৱ বৈবস্তত, শুক্রবাৎ বামন অবতারেৱ কাল চলিয়াছে। ১০০ দিব্য বৎসৱ ব্ৰহ্মার আযুক্তাল। ব্ৰহ্মার জীৱন মহাবিষ্ণুৰ এক খাস সময় মাত্ৰ। মহাবিষ্ণুৰ নিঃশ্বাসেৱ অস্ত নাই। শুক্রবাৎ মৰ্ষন্ত্ৰাবতারও অনস্ত। মৰ্ষস্তৱ দ্রঃ (চৈ. চ. ২।২০।২৬৯-১৮)। যুগাবতার—প্রতি যুগেৱ অবতারকে যুগাবতার বলে। যুগভেদে যুগাবতারেৱ বৰ্ণভেদ হয়। “কথ্যতে বৰ্ণনামাভ্যাং শুক্রঃ সত্যযুগে হরিঃ। রক্তঃ শ্রামঃ ক্রমাং কৃষ্ণস্ত্রেতায়াৎ দ্বাপৱে বলো॥” (ল. ভা. যুগাব—২৯)। অর্থাৎ সত্য, ত্ৰেতা, দ্বাপৱ ও কলি যুগে যুগাবতারগণেৱ বৰ্ণ সাধাৱণতঃ যথাক্রমে শুক্র, রক্ত, শ্রাম ও কৃষ্ণ। কিন্তু যে দ্বাপৱে স্বয়ং ভগবান् শ্ৰীকৃষ্ণ অবতীর্ণ হন, সেই দ্বাপৱেৱ শ্রামবৰ্ণ যুগাবতার শ্ৰীকৃষ্ণে প্ৰবিষ্ট হন এবং তাহার বৰ্ণ কৃষ্ণবৰ্ণ হয়। ইহা বৈবস্তত মৰ্ষস্তৱেৱ অষ্টাবিংশ চতুৰ্থুগেৱ দ্বাপৱে ঘটিয়াছিল। তৎ পৱবতী কলিতে শ্ৰীমত্ত্বাপ্তভু অবতীর্ণ হন এবং কলিযুগেৱ কৃষ্ণবৰ্ণ যুগাবতার মহাপ্ৰভুতেই প্ৰবিষ্ট হইয়া পীতবৰ্ণ ধাৱণ কৰেন। যথা—“শুক্র রক্ত কৃষ্ণ পীত ক্ৰমে চাৰিবৰ্ণ। চাৰিবৰ্ণ ধৱি কৃষ্ণ কৱায় যুগধৰ্ম॥” (চৈ. চ. ২।২০।১৮০)। সত্যযুগেৱ ধৰ্ম ধ্যান বা তপস্তা, ত্ৰেতার যজ্ঞ, দ্বাপৱেৱ অৰ্চনা এলং কলিৱ নামকীৰ্তন (ভা: ১।২।৩।৫৫)। শক্ত্যাবেশ অবতার—যে সকল মহত্তম জীৱ জননীনৰে স্বীয় জ্ঞান ও শক্তি প্ৰত্যুতিৰ কলা বা অংশ দ্বাৰা আবিষ্ট হন, তাহাদিগকে শক্ত্যাবেশ বা আবেশ অবতার বলে। শক্ত্যাবেশ অবতার অসংখ্য। ইহাৱা ছিবিধ—মূখ্য ও গৌণ। ধীহাতে সাক্ষাৎ শক্তিৰ আবেশ, তাহাকে মুখ্য শক্ত্যাবেশ অবতার বলে। যেমনঃ সনকাদিতে জ্ঞানশক্তি, নাৱদে

ଭକ୍ତି ଶକ୍ତି, ବ୍ରଜାୟ ହଟି ଶକ୍ତି, ଅନନ୍ତ ଭୂଧାରଣ ଶକ୍ତି, ଶେଷେ କୃଷ୍ଣ ମେବା ଶକ୍ତି, ପୃଥୁତେ ପାଳନ ଶକ୍ତି ଏବଂ ପରଶ୍ରାମେର ଦୁଷ୍ଟ ବିନାଶ ଶକ୍ତିର ଆବେଶ । ଇହାରା ମୂର୍ଖ ଶକ୍ତ୍ୟାବେଶ ଅବତାର । ଆର ସାହାତେ ଶକ୍ତିର ଆଭାସେର ଆବେଶ ହୁଏ, ତୋହାକେ ଗୋପ ଶକ୍ତ୍ୟାବେଶ ଅବତାର ବା ବିଜ୍ଞୁତି ବଲେ (ଲ. ଡ. ମ., ପୂର୍ବିଥିତୁ ୧୧୮ ; ଚୈ. ଚ. ୧୧୧୩୩-୩୪, —୨୧୨୦୧୦୦୪-୧୦ ; ଗୀ. ୧୦୪୧-୪୨) ।

ଅବତରି—ଅବତରଣ କରିଯା (ଚୈ. ଚ. ୧୪୧୩୧) । **ଅବତାରୀ—**ଅବତାର କର୍ତ୍ତା (ଚୈ. ଚ. ୧୫୧୬୭) । **ଅବତାରି—**ଅବତିର୍ କରାଇଯା (ଚୈ. ଚ. ୧୪୧୨୨୬) ।

ଅବଧାର—ଦୃଷ୍ଟି (ଚୈ. ଚ. ୧୫୧୫୭) ; ମନୋଯୋଗ (ଚୈ. ଚ. ୨୧୫୧୨୪୬) ।

ଅବଧି—ଶେଷ ସୀମା ; ଚରମ ଉତ୍କର୍ଷ (ଚୈ. ଚ. ୧୪୧୪୩) । ଅଧିଗମ ଦ୍ରଃ ।

ଅବଧୂତ—୧. ସର୍ବ ସଂକାର ମୂଳ ସମ୍ବ୍ୟାସୀ ; ସମ୍ବ୍ୟାସାଶ୍ରମୀ (ଶବ୍ଦ କଲ୍ପନାମାତ୍ର) । ଅବଧୂତ ଚାରି ପ୍ରକାର—ବ୍ରଜାବଧୂତ, ଶୈବାବଧୂତ, କୁଳାବଧୂତ ଓ ବୀରାବଧୂତ । ସର୍ବଶ୍ରେଷ୍ଠ ଅବଧୂତଙ୍କେ ପରମହଂସ ବଲେ (ଚୈ. ଚ. ୨୧୩୮୨) ; ୨. ପାଗଳ, ବିକ୍ଷିପ୍ତ (ଚୈ. ଚ. ୨୨୧୧୩) ।

ଅବଜ୍ଞ୍ଣୀ—ବର୍ତ୍ତମାନ ଉଜ୍ଜ୍ୱଳିନୀ । ସିପ୍ରାତୀରେ ଅବସ୍ଥିତ । ମାଲବ ଦେଶେର ଓ ଏହି ଦେଶେର ରାଜଧାନୀର ନାମ । କୃଷ୍ଣ ବଲରାମେର ଅଧ୍ୟାପକ ସାନ୍ଦ୍ରିପନ ମୂନିର ବାସସ୍ଥାନ ।

ଅବସର—ସୁରୋଗ (ଚୈ. ଚ. ୩୦୩୧୬) ; ଅବକାଶ (ଚୈ. ଚ. ୨୧୫୮୧) ।

ଅବମାନ—ଦ୍ଵିଧା (ଚୈ. ଚ. ୧୭୧୬୧) ; ଅବସନ୍ନତା (ଚୈ. ଚ. ୨୧୨୩୨) ।

ଅବଞ୍ଚି—ହରବସ୍ତା ; କଷ (ଚୈ. ଚ. ୨୧୨୪୧୧୧) ।

ଅବହି—ପ୍ରା. ଏକଣଇ (ଚୈ. ଚ. ୨୧୮୧୧୬୦) ।

ଅବହିଥ୍ବ—ବ୍ୟାଚିରୀ ଭାବ ଦ୍ରଃ ।

ଅବିଷ୍ଟା—ତ୍ରିଗୁଣାତ୍ମିକା ମାୟା ; ମାୟାଜନିତ ଅଜ୍ଞାନ (ଚୈ. ଚ. ୨୧୨୪୧୪୬) । ପାତଙ୍ଗଲେ ଅବିଶ୍ଵାର ପଞ୍ଚପର୍ବ ଏହି ପ୍ରକାରେ ଉଭ୍ୟ ହଇଯାଛେ ; ଯଥା—ଅବିଷ୍ଟା, ଅସ୍ତ୍ରିତା, ରାଗ, ଦେଷ ଓ ଅଭିନିବେଶ ।

ଅବିଷ୍ଟି—ବିଦେଶୀଆଂଶ—କୋନ ବାକେୟ ବିଦେଶୀଆଂଶ ପ୍ରାଧାନ୍ୟକରଣେ ବଣିତ ନା ହଇଲେ ତାହାକେ ଅଲକ୍ଷାନ ଶାସ୍ତ୍ରେ ଅବିଷ୍ଟି ବିଦେଶୀଆଂଶ ଦୋଷ ବଲେ (ଚୈ. ଚ. ୧୨୧୭୦ ; ୧୧୬୧୯୨) । ଅମୁବାଦ ଦ୍ରଃ ।

ଅବ୍ୟାୟ—ବ୍ୟାୟହୀନ, କ୍ଷମ୍ୟ (ଗୀ. ୨୧୨୧) ; ବେଦମୂଳ, ଅକ୍ଷୟ ଫଳବାନ ; ଅବିନାଶୀ (ଗୀ. ୪୧୧) ।

ଅବ୍ୟକ୍ତ—ଇଞ୍ଜିଯେର ଅଗୋଚର (ଗୀ. ୮୨୧) ; ପ୍ରାପତ୍ତିର ନିଜାବସ୍ଥା—ଶକ୍ତି (ଗୀ. ୮୧୮) ; ପ୍ରକାତୀତ—ତ୍ରିଧର ; ଅପ୍ରକାଶ—ଶକ୍ତି (ଗୀ. ୨୨୪) ; ଉତ୍ପତ୍ତି-ବିନାଶରହିତ (ଭାଃ ୩୨୬୧୦) ।

অন্তর—মোক্ষ (চৈ. চ. ২১৯২৫ শ্লোঃ) গ্রন্থ, বিনাশ, জন্ম রহিত ।

অঙ্গাগিস্তা—গ্রা. হতভাগা (চৈ. চ. ২১৮২১৩) ।

অভিক্রম ভাশ—আরম্ভের নাশ (গীঃ ২১৪০) ।

অভিচার—অন্তের অনিষ্ট বা নিজের ইষ্ট সাধনের জন্ম তরোকু প্রক্রিয়া বিশেষ ।

অভিজল—চিত্রজল শ্রঃ ।

অভিধা—১. শব্দের যে শক্তি দ্বারা তাহার প্রধান অর্থের বোধ হয় তাহাকে অভিধা বলে ; শব্দের অর্থবোধক শক্তি (চৈ. চ. ১১১১০৩, ১২৪ ; —২১৬১২৬) ।

২. নাম, সংজ্ঞা, উপাধি । **অভিধাবৃত্তি**—মৃখ্যাবৃত্তি । **অভিধান**—শব্দকোষ ।

অভিধেয়—কর্তব্য, নামধারী, বাচ। **অভিধেয় উত্ত**—অভীষ্ঠ বস্ত প্রাপ্তির উপায় । ব্রহ্মবস্ত লাভের উপায় বা উপাসনা পদ্ধতি চারিটি ; যথা—কর্ম, যোগ, জ্ঞান ও ভক্তি । ইহাদের মধ্যে সর্বতোভাবে নির্ভরযোগ্য উপায় নির্ণয়ে পাচটি বিধি শাস্ত্রে আছে । যথা—১. অস্ত্রয় বিধি—অর্থাৎ উপায়টি সম্বন্ধে শাস্ত্র-নির্দেশ আছে কি-না ; ২. ব্যক্তিরেক বিধি—অর্থাৎ ইহা ব্যক্তিরেকে হয় না একপ কি-না ; ৩. অন্ত নিরপেক্ষ বিধি—অর্থাৎ অন্য উপায়ের সাহচর্য প্রয়োজন কি-না ; **সার্বত্রিকভা**—অর্থাৎ সর্বত্র প্রয়োজ্য কি-না ; এবং ৫. **সদা উন্নত**—অর্থাৎ সব সময়ে প্রয়োজ্য কি-না । কর্ম মার্গের অভিধেয়সত্ত্ব নাই, কারণ নরমারা স্বর্গাদি লাভ করিলে পুণ্যক্ষয়ে আবার মর্তে আগমন করিতে হয় । যথা—‘ক্ষোণে পুণ্যে মর্ত্যলোক’ বিশিষ্ট’—(গী. ৩২১) ; ‘প্রবাহেতে অনৃতা যজ্ঞকপা’—(মুওক ১১২১) । যোগমার্গ ও আনন্দমার্গ অভিধেয় হইলেও শ্রেষ্ঠ অভিধেয় নহে । কারণ এইসব মার্গ ভক্তির উপর নির্ভরশীল । সুতরাঃ ভক্তিই শ্রেষ্ঠ অভিধেয় (চৈ. চ. ১১১১০৫, ২১২০।১০৯-১০, ২১২২।০-৪) ।

বেদ শাস্ত্র কহে—সম্বন্ধ, অভিধেয় প্রয়োজন । কৃষ্ণ প্রাপ্য সম্বন্ধ, ভক্তি প্রাপ্ত্যের সাধন ॥ অভিধেয় নাম ভক্তি, প্রেম প্রয়োজন । (চৈ. চ. ২।২০।১০৯-১০) ।

অর্থাৎ বেদে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন তত্ত্ব বর্ণিত হইয়াছে । সম্বন্ধ—
স্বয়ং শ্রীকৃষ্ণ, অভিধেয়—সাধন ভক্তি এবং প্রয়োজন প্রেম ।

অভিধান—১. দণ্ড, অহকার ; ২. ‘বহু রমণীয় বস্ত খাকিলেও ইহাই আমার চাই’—একপ নিষ্ঠাকরণকে অভিযান বলে । মহত্তময় বস্ততে অন্ত্য মহত্তমম সকল ।

অভিধান—স্মৃতি, রমণীয় (চৈ. চ. ২।২।২৪) ।

অভিধান ঠাকুর—গামদাস অভিধান শ্রঃ ।

অভিলাষ— ১. প্রিয়জনের সঙ্গলাভার্ত ব্যবসায় (চৈ. চ. ২১৪।১১) ;
২. ইচ্ছা, বাস্তু, স্মৃতি ।

অভিসারু— মিলনাভিলামে নায়ক নায়িকার সঙ্কেত স্থানে গমন ।

অভিসারিকা— প্রণয়ীর অঙ্গ সঙ্কেত স্থানে গমনকারী নারী (উ. গী.—
নায়িকা ভেদ—৩৯.) ।

অভ্যাস অর্ধন— তৈলাদি দ্বারা অঙ্গমর্দন ।

অভ্যাস যোগ— সকল বিষয় হইতে চিন্তকে সমাহত করিয়া কোন দেবতার
মানস মূর্তি বা প্রতিমাদির আলমনে পুনঃ পুনঃ উহাতে চিন্ত নিবেশ
করার নাম অভ্যাস যোগ । চিন্তবৃত্তি নিরোধের সাধনা (গী. ১২।৯) ।

অমৰ্ত্ত— ১. অসহিষ্ণুতা, ক্রোধ ; ২. ক্রোধী, ব্যক্তিচারী ভাব দ্রঃ ।

অমূর্ত— ১. নিরাকার ; ২. ভগবৎ শক্তি সমূহের দুইজনে স্থিতি । শক্তিরপে
অমূর্ত এবং শক্তির অধিষ্ঠাত্রী রূপে মূর্ত । (চৈ. চ. ১৪।৫২, ৫৫) ।

অমেষ্ট্য— অপবিত্র (চৈ. চ. ২।৯।৪৯) ।

অমোঘ— ১. অবৰ্ধ ; সার্থক ; ২. সার্বভৌম ভট্টাচার্যের জামাতা ; কস্তা
ষাঠীর বর । ইনি ভোজন কালে মহাপ্রভুর নিন্দা করায় সার্বভৌম কর্তৃক গৃহ
হইতে বিতাড়িত হন । পরে বিশৃঙ্খিকা রোগে আক্রান্ত হইলে মহাপ্রভুর
কৃপায় রক্ষা পান এবং কৃষ্ণ প্রেম লাভ করিয়া মহাপ্রভুর ভক্ত মধ্যে গণ্য হন
(চৈ. চ. ২।৫।২৪২-২৫০) ।

অমৃত লিঙ্গশিব— কাবেরী তীরের বিগ্রহ বিশেষ । শ্রীচৈতন্ত এই বিগ্রহ
দর্শন করিয়াছিলেন (চৈ. চ. ২।৯।১০) ।

অমৃতনস— প্রা. আপোষ (চৈ. চ. ৩।৬।৩৩) ।

অমৃতনৃহ— পদ্ম (ভা. ১।০।৩।১।১৯ ; চৈ. চ. ১।৪।২৬ শ্লোঃ) ।

অমৃত্যা মুলুক— বর্ধমান জেলার কালনার সংলগ্ন গ্রাম অধিকা । বর্তমান
প্যারীগঞ্জ । এখানে নকুল অক্ষচারীর শ্রীপাট ছিল (চৈ. চ. ৩।২।১৫) ।

অমুলিঙ্গ ঘাট— ২৪ পরগনার ছত্রভোগে গঙ্গার ঘাট । এখন গঙ্গা বহুদূরে
সরিয়া গিয়াছেন ।

অচ্ছি, অচি— অশিশিখা (ভা. ১।১।৪।১৯ ; চৈ. চ. ২।৪।১৮ শ্লোঃ) ।

অর্থ— ১. ধন, সম্পত্তি ; ২. প্রয়োজন, হেতু ; ৩. দ্বিতীয় পুরুষার্থ, কাম্য বা
প্রয়োজনীয় বস্তু । **অর্থবান—** অতিরিক্ত প্রশংসন বাক্য (চৈ. চ. ১।১।৬।৬) ।

অর্ধালক্ষার— অলক্ষার শাস্ত্রে ব্যবহৃত উপমা, বিরোধাভাস, অমূলন প্রভৃতি ।

অর্ধার্থী— আর্ত দ্রঃ ।

অর্থকুটী শাস্ত্র—হৃষ্টার পশ্চাস্তাগ ডিষ্ট প্রসব করে বলিয়া পূর্বার্থ কাটিয়া আহার করিয়া পশ্চাস্তাগ রাখিয়া দিলে সেই পশ্চাস্তাগ আর ডিষ্ট প্রসব করে না। উভয়ই নষ্ট হয়। “কোন একটা প্রমাণের সমগ্র অংশ গ্রহণ ব্যতীত বেখানে কোন সিদ্ধান্ত স্থাপিত হইতে পারে না, সেখানে এক অংশ বাদ দিয়া অপর অংশ গ্রহণ করিলে তাহাকে ‘অর্থকুটী শাস্ত্র’ বলে। ইহার আরা কোনও সিদ্ধান্ত স্থাপিত হইতে পারে না।” (ডঃ নাথের টাকা, চৈ. চ. ১১১১৫৪)।

অর্থ’র্থ—মহারথ শ্রঃ।

অর্পিল—অর্পণ করিল (চৈ. চ. ২১৪১৬৪)

অর্জক—বালক (ডাঃ ১০।৩৭।১৯ ; চৈ. চ. ৩।১৯।৩ প্লোঃ)।

অয়ম—আশ্রয় (চৈ. চ. ১২।২৯)।

অলঙ্কার—১. ধাতু নির্মিত ভূষণ ; ২. কাব্য শাস্ত্রে শব্দার্থের শোভাবিধানক রসের উপকারক অহুপ্রাপ্ত উপমাদি ; ৩. নায়িকাদের ঘৌবন কালে কাস্তের প্রতি অভিনিবেশ বশ তৎসূচণ জনিত ভাব বিকার, (চৈ. চ. ২।৮।১৩৫-১৩৬, ২।২।৪।১৬৩-৬৪)। ইহা বিশতি প্রকার, অঙ্গজ, অয়জ, অয়জুজ ও স্বভাবজ ভেদে ত্রিভিধ। **অঙ্গজ**—অলঙ্কার তিনটি, যথা—হাব, ভাব, হেলা। অয়জুজ অলঙ্কার সাতটি, যথা—শোভা, কাস্তি, দীপ্তি, শার্দুল, প্রগল্ভতা, ঔদার্থ ও ধৈর্য। স্বভাবজ অলঙ্কার দশটি, যথা—লৌলা, বিলাস, বিচ্ছিন্তি, বিভ্রম, কিলকিঞ্চিত, সোটারিত, কুটামিত, বিবোক, মলিত ও বিকৃত।

ভাব—শৃঙ্গার রসে নির্বিকার চিত্তে রূপি নামক স্থায়ী ভাবের আচর্তাবে চিত্তের প্রথম বিকার।

হাব—নায়িকার গ্রীবার বক্রতা, জ্ঞ নেতৃত্বের বিকাশ, ‘ভাব’ অপেক্ষা কিঞ্চিৎ অধিক প্রকাশ পাইলে তাহাকে ‘হাব’ বলে।

হেলা—যে অবস্থায় নায়িকার হাবের বিকাশ স্পষ্ট করে শৃঙ্গার সূচক হয়, তাহাকে ‘হেলা’ বলে।

শোভা—ক্লেশ ও ভোগাদি আরা অঙ্গের বিভূষণ।

কাস্তি—কন্দর্পের তৃপ্তি জনিত উজ্জল শোভার নাম ‘কাস্তি’।

দীপ্তি—বৱস, ভোগ, দেশ, কাল ও গুণাদি আরা ‘কাস্তি’ অভিশয় প্রকাশ পাইলে তাহাকে ‘দীপ্তি’ বলে।

শার্দুল—সর্বাবহার চেষ্টার মনোহারিত্বের নাম ‘শার্দুল’।

প্রগল্ভতা—সঙ্গেগ বিষয়ে নিঃশেষত্ব।

গুরুবৰ্ষ—সর্বাবস্থায় বিনয় প্রদর্শন ।

বৈর্ষ—উন্নত অবস্থায় চিকিৎসের হিসেব ।

জীলা—রঘুনাথ বেশ ও ক্রিয়া দ্বারা প্রিয়ের অঙ্গুকরণ ।

বিলাস—প্রিয় সঙ্গে হঠাতে মিলনে নায়িকার গতি, স্থান ও আসন, এবং মুখ ও নেতৃাদির ভঙ্গী ও ক্রিয়াদির তাৎকালিক বৈশিষ্ট্য ।

(চৈ. চ. ২।১৪।৮-৯ খ্রোঃ)

বিচ্ছিন্নি—যে বেশ রচনা অন্ন হইয়াও দেহ কুস্তির পুষ্টি সাধক ।

বিভূতি—বলভ সমীপে অভিসার কালে প্রবল মদনাবেগবশতঃ হারমাল্য, ভূষণ প্রভৃতির স্থান বিপর্যয় ।

কি঳ কিঞ্চিত—হৰ্ষ হেতু গর্ব, অভিলাষ, রোদন, দ্বিষৎ হাস্ত, অস্ত্রা, ভয়, ক্রোধ এই সাত ভাবের যুগপৎ প্রাকটা (চৈ. চ. ২।১৪।৬-৭ খ্রোঃ) ।

সোট্টায়িন্ত—কাস্তের স্বরণে ও বার্তাদি অবগে স্বাস্থী রক্তির ভাবন। বশতঃ হস্তয়ে অভিলাষের প্রাকটা ।

কুট্টায়িন্ত—নায়ক নায়িকার বক্ষ অথবাদি স্পর্শ করিলে নায়িকার হস্তয়ে আনন্দ হইলেও সন্তুষ্ম বশতঃ বাহিরে ব্যথিতবৎ ক্রোধ প্রকাশ (চৈ. চ. ২।১৪।১২ খ্রোঃ) ।

বিবেক—গর্ব বা মানবশতঃ কাস্তের প্রতি বা কাস্তদন্ত স্বেচ্ছের প্রতি অনাদর ।

জলিত—অঙ্গ সকলের বিজ্ঞাস ভঙ্গী, সৌকুমার্য ও জবিক্ষেপের মনোহারিত্ব প্রকাশক ভাব বিশেষ (চৈ. চ. ২।১৪।১০-১১ খ্রোঃ) । **বিকৃত**—সজ্জা, মান, উর্ধ্যাদি বশতঃ যে স্থলে বিবক্ষিত বিষয় প্রকাশিত হয় না, কিন্তু যাহা চেষ্টা দ্বারা প্রকাশ পাওয়া, তাহাকে বিকৃত বলে । (উ. নী. অনুভাব প্রকরণ, ৫৭-৭৯) ।

অজল্পিট—অনাসক্ত (চৈ. চ. ১।১৩।১১৬) ।

অজস—আগ্রহের অভাব (চৈ. চ. ১।২।৯৯) ।

অজ্ঞাত—জল্পন কাঠ (চৈ. চ. ২।১৩।৭৭) ।

অঞ্চল—সাধিক ভাব দ্রঃ ।

অঞ্চলু—স্বর্ণ, রৌপ্য, তাঙ্গ, লৌহ, দস্তা, পারদ, সীসা ও রাঙ ।

অঞ্চলায়িকা—(বসন্তাত্মে) অভিসারিকা, বাসক সজ্জা, উৎকৃষ্টিতা, বিশ্রামকা, খণ্ডিতা, কলহাস্তরিতা, ধার্মিনভূত্তকা ও প্রোবিতভূত্তকা ।

অঞ্চল বন্ধ—সভুর্বগ দ্রঃ ।

অঞ্চল বন্ধ—গঙ্গা হইতে উৎপন্ন অঞ্চল গণদেবতা, যথা—আগ, শ্ৰব, সোম, ধৰ (বিশু), অনিল, অনল, প্ৰচূৰ ও প্ৰতাস—বহিপুৰাণ । “তগবান্ বহনাঃ পাবকঃ”—(গী. ১০।২৩) ।

অষ্টম অনু—সার্বিণি।

অষ্ট সবী—গুলিতা, বিশাখা, চিত্রা, চম্পকবলিকা, ডুঙ্গজ্ঞা, ইন্দুলেখা, রঞ্জদেবী ও সুদেবী। ইহারা শ্রীরাধিকার অষ্ট সবী।

অষ্টাঙ্গ প্রণাম—বাহযুগল, চরণযুগল, আহযুগল, বক্ষঃ, শিরোদেশ, মৃষ্টি, ঘন ও বচন—এই অষ্টাঙ্গ দ্বারা প্রণতি।

অষ্টাঙ্গশ পুরুণ—অক্ষ, পদ্ম, বিষ্ণু, শিব, লিঙ্গ, গুরুত, নারদীয়, ভাগবত, অগ্নি, ক্ষম, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত, মার্কণ্ডেয়, বামন, বরাহ, মৎস্য, কৃষ্ণ ও ব্রহ্মাণ।

অষ্টাঙ্গশ সিদ্ধি— ১. অনিমা (শিলার মধ্যেও প্রবেশযোগ্য ক্ষমতা) ; ২. লাধিমা (দেহকে হাল্কাকরণ, ইহাতে স্থৰণশি ধরিয়াও উপরে আরোহণ করা যায়) ; ৩. মহিমা (দেহকে পর্বতের মত বৃহৎকরণ) ; ৪. প্রাপ্তি (যাহাতে অঙ্গুলি দ্বারা ও চৰকে স্পর্শ করা যায়) ; ৫. প্রাকাম্য (শ্রুত, দৃষ্টি ও দর্শনযোগ্য বিষয়ে ভোগ ও দর্শনের সামর্থ্য) ; ৬. ইশিতা (অন্ত জীবে নিজের শক্তি সঞ্চার) ; ৭. বশিতা (ভোগ বিষয়ে সংক্ষৰণতা) ; ৮. কামাবশায়িতা (ইচ্ছার চরম সীমায় গমন) ; ৯. কৃৎ পিপাসাদি রাহিত্য ; ১০. দূর প্রবণ ; ১১. দূর দর্শন ; ১২. মনোজব (মনের মত জ্ঞত গতিতে দেহকে চালনা) ; ১৩. কামরূপতা (অভিজ্ঞত রূপ ধারণ) ; ১৪. পরকায় প্রবেশ (পরের শরীরে নিজের স্তৰ দেহকে প্রবেশ করানো) ; ১৫. ইচ্ছা মৃত্যু ; ১৬. দেবক্রীড়া প্রাপ্তি (দেবতাদের শায় অপ্সরাদের সহিত ক্রীড়া) ; ১৭. সকলামুকুপ সিদ্ধি (সকলিত বিষয় প্রাপ্তি) ; ১৮. অপ্রতি-হতাঞ্জতা (আজ্ঞা বা গতি সকল সময়েই অপ্রতি-হত রাখা)।—ইহার প্রথম আটটি ভগবদীশ্বিত, পরের দশটি সন্তুষ্ণের কার্য। অনিমা, লাধিমা ও মহিমা—দেহের সিদ্ধি।

অষ্টাঙ্গশাক্তৰ অনু—শ্রীগোপীজন বঞ্জল শ্রীকৃষ্ণের মধ্যে ভাবাঙ্কক উপাসনার আঠার অক্ষযুক্ত মন্ত্রাঙ্গ।

অষ্টাপদ—স্বর্ণ (বি. মা. ১৬০)।

অষ্টাবিংশতি তত্ত্ব—স্তোর, জীব, প্রকৃতি, স্বত্বাব, স্মৃত, মহৎ, অহক্ষান, ঘন, পঞ্চ-আনেক্ষিয়, পঞ্চকর্মেক্ষিয়, পঞ্চতয়াত্ম ও পঞ্চ মহাস্তুত।

অসমোক্ত প্রেম—যে প্রেমের সমকক্ষ বা উর্দ্ধে আর কিছু নাই (চৈ. চ. ১৪। ১২১)।

অসৎ সজ—যাহা সৎ নয়, তাহার সজ (সন্তুষ্য, ধাতু হইতে সজ শব্দ নিষ্পত্ত, সন্তুষ্য, অর্থ সাহচর্য, আসক্তি), অতএব কৃষ্ণ ব্যতীত অস্ত বস্তুর সাহচর্য, বা অস্ত

বস্তুতে আসক্তিই অসৎ সঙ্গ । কিন্তু সাধন ভক্তির অমৃষান ব্যতৌত অন্ত কার্যাদিত্ব
অমৃষান বা অন্ত কার্যাদিতে আসক্তিকেও বৈষ্ণবীয় শাস্ত্রে অসৎ সঙ্গ বলে । সৎ-
সঙ্গ—সতের সাহচর্য বা সতে আসক্তি । অসৎ ধাতু হইতে সৎ শব্দ নিষ্পত্তি ।
অসৎ ধাতু অন্তর্থে । স্মৃতরাং যিনি অনাদি কাল হইতে ছিলেন, আছেন ও
ধাকিবেন, তাহার সাহচর্য বা তাহাতে আসক্তিই সৎ সঙ্গ । অতএব বৈষ্ণবীয়
শাস্ত্রমতে শ্রীকৃষ্ণের স্মরণ মনন ইত্যাদিই সৎ সঙ্গ ।

অপ্রেস—মনে মনেও পরম্পরাব্য অগ্রহণ (ভা: ১১১৯।৩৩) ।

অহিবল্লিকাস্মৃদলবীটিকা—অহিবল্লিকা অর্থাৎ পানের লতা, তাহার স্মৃদল
(সুস্মর পত্র) নির্মিত বীটিকা (খিল) ; পানের খিল (গো. লী. মৃ. ৮।৮ ;
চৈ. চ. ৩।১৬।১০ প্লো:) ।

অঠেতুকী ভক্তি—ভূক্তি (ঐহিক ও পারম্পরিক স্বীকৃত শাস্তি, পঞ্চবিধ মুক্তি এবং
অষ্টাদশ সিদ্ধি)—কামনায়ে ভক্তির প্রবর্তক নহে, শ্রীকৃষ্ণ প্রীতি কামনাই যে
ভক্তির প্রবর্তক, তাহাই অঠেতুকী ভক্তি । উক্তাভক্তি । (চৈ. চ. ২।২৪।১২ প্লো:,
২।২৪।২০-২২) ।

অহোবত্ত—আহা (গী. ১।৪৫) ।

অহোবল লুঙিঙ্গ—দক্ষিণাত্যে কর্ণ জেলায় অবস্থিত সুপ্রসিদ্ধ শ্রীনিবাস বিগ্রহ
(চৈ. চ. ২।১।৯৭, ২।৯।১৪) ।

আ

আই—প্রা: শাতা (চৈ. চ. ২।৩।১৪২) ; যুই ফুল (চৈ. চ. ২।১৪।৬৩) ।

আইটোটা—যুই ফুলের বাগান ; রমণীয় উষ্টান । (চৈ. চ. ২।১৪।৬৩, ৮৯ ;
৩।১।৫৭) ।

আউটে—প্রা. আল দেয় (চৈ. চ. ২।১৪।২০১) ।

আউল—প্রা. আকুলতা (চৈ. চ. ৩।১৯।২০) ।

আউলাই—প্রা. এলাইয়া পড়ে (চৈ. চ. ১।৮।২০) ; বিশ্বাল হইয়া যান
(চৈ. চ. ৩।১।৪৩) ।

আৰ্থরিয়া—প্রা. পুঁধি লেখক (চৈ. চ. ১।১০।৬৩) ।

আগম—মন্ত্র বিধি শাস্ত্র ; বৃহৎ গৌতমীয়, কুমুদীপিকা এবং মাস্তক পঞ্চ রাত্রাদি
শাস্ত্র ; বেদাদি শাস্ত্র ; তত্ত্ব শাস্ত্র । **আগমাপালিম**—উৎপত্তি ও বিমোচনীয়
(গী. ২।১।৪) ।

আগম—প্রা. অগ্রগণ্য (চৈ. চ. ১।৬।৪৪) ।

আগে—প্রা. পুর্বে (চৈ. চ. ১১১৪।৩০) ; পরে, ভবিষ্যতে (চৈ. চ. ২।১।৬৯) ;

অগ্রে, সম্মুখে (চৈ. চ. ১।৫।১৮৭) ; অগ্রে, তুলনায় (চৈ. চ. ১।৭।৯৩)।

আগেত—পরে, পরবর্তী কালে (চৈ. চ. ৩।৩।১৩৬)। **আগে হৈলা—**অগ্রসর হইলেন (চৈ. চ. ৩।৪।১৮)।

আগুবাড়ি—প্রা. অগ্রসর করিয়া (চৈ. চ. ২।১।৬।৪০)।

আজটিয়া-পাতা—প্রা. অথও কলাপাতা (চৈ. চ. ২।৩।৪০)।

আজিমা—প্রা. অঙ্গন, উঠান (চৈ. চ. ৩।১।২।১।১৮)।

আজিরস—দেবগুরু বৃহস্পতি।

আচর্ষিতে—প্রা. হঠাৎ (চৈ. চ. ৩।১।৪২)।

আচরি—প্রা. আচরণ করিয়া (চৈ. চ. ১।৪।৩৭)। **আচরিয়ে—**আচরণ করি (চৈ. চ. ২।৩।২।৪৮)।

আঁচল—প্রা. কাপড়ের শেষ প্রাণ (চৈ. চ. ৩।৩।৩৮)।

আচার্য রিধি—শ্রীচৈতন্যের বিশেষ ভক্ত। প্রতি বৎসর রথ যাত্রা উপলক্ষে অভুক্ত দর্শনের জন্য নীলাচলে যাইতেন এবং শুণিচা মার্জনাদিতে যোগ দিতেন (চৈ. চ. ২।১।০।৮০, ৩।১।০।৩)।

আচার্য রস্ত—চন্দ্রশেখর আচার্য। শ্রীচৈতন্য শখা। আদি নিবাস শ্রীহট্টে। বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ। ইনি নীলাষ্টম চক্রবর্তীর এক কন্যা—শচীমাতার ভগিনীকে বিবাহ করেন। জগন্মাথ মিশ্রের মৃত্যুর পর ইনি শ্রীগোরামের অভিভাবকস্থরূপ ছিলেন। ইনি কাটোয়ায় শ্রীগোরামের সমাধি গ্রহণ সময়ে অভিভাবকস্থ করেন। পরে মহাপ্রভুর ভক্ত হন। প্রতি বৎসর ইহাকে দর্শনের জন্য নীলাচলে যাইতেন। গৌরগণেৰদেশদীপিকার মতে পদ্ম-শঙ্খ-আদি মূর্বনিধির একত্ব (চৈ. চ. ১।১।৩।৫৩; ২।১।০।৮০)।

আছুয়—প্রা. আছে (চৈ. চ. ২।৮।৬৪)। **আছুয়ে—**আছে (চৈ. চ. ১।১।৬।৭৮)।

আছাড়—প্রা. হঠাৎ মাটিতে পড়িয়া যাওয়া (চৈ. চ. ২।৩।১।৬০)।

আছুক—প্রা. ধাতুক (চৈ. চ. ১।৬।৯।৩)।

আঁছো—প্রা. আছি (চৈ. চ. ২।১।৫।৫৩)।

আজুল—চিরজল দ্রঃ।

আজা—প্রা. মাতামহ (চৈ. চ. ৩।৭।১।৯৩)।

আজাড়—প্রা. ধালি (চৈ. চ. ৩।১।০।১৪)।

আজুক—প্রা. অঞ্চকার।

আজ্ঞা—সত্ত্ব।

আঠাপ—প্রা. হার গর্জন উল্লক্ষণাদি।

আঠার মালা—গ্রীকের একটি সুস্থ নদী। ইহার উপরে পূরীর নিকটে একটি সেতুতে আঠারটি খিলান আছে। এজন্য ইহার মাম আঠার মালা। এই সেতু পার হইয়া পুরীতে প্রবেশ করিতে হয়।

আঠিষ্ঠা কলা—প্রা. বীচিকলা (চৈ. চ. ২১৩১৪০)।

আড়ানী—প্রা. বড় পাতা (চৈ. চ. ২১৩১২২)।

আড়ে—আড়ালে (চৈ. চ. ৩১৬১৩৮), তৌরে, ঘাটে (চৈ. চ. ৩১৪১১০)।

আঁড়েল গ্রাম—প্রয়াগে ক্রিবেণী সঙ্গমের নিকটে যমুনার অপর তীরের একটি গ্রাম। ইহাতে বল্লভ ভট্ট বাস করিতেন। তিনি প্রয়াগ হইতে প্রভুকে এই গ্রামে স্থানে লইয়া গিয়াছিলেন (চৈ. চ. ২১৩১৫৭, ৭৬)।

আতঙ্ক—সর্ব ব্যাপক (ভাঃ ১০।৩।১৯)।

**আতঙ্কায়ী—“অগ্নিদো গৱদশৈব শঙ্গপাণির্মাপহঃ। ক্ষেত্রদ্বারাপহায়ী চ
ষড়েতে আতঙ্কায়িনঃ”। অর্থাৎ গৃহদ্বাহক, বিষদাতা, ভূমি, স্তৰ বা ধন অপহারক,
শঙ্গপাণি—আতঙ্কায়ী (গীঃ ১।৩৬)।**

**আত্মবিজ্ঞা—সংবিধ (জ্ঞান) শক্তির অভিযুক্তি প্রাধান্ত লাভ করিলে, বিশুদ্ধ
সহকে আত্মবিজ্ঞা বলে। আত্মবিজ্ঞার বৃত্তি দুইটি,—জ্ঞান ও জ্ঞানের প্রবর্তক।
ইহা দ্বারা উপাসকের জ্ঞান প্রকাশিত হয়। অধ্যাত্ম বিজ্ঞা ; পরমার্থ বিজ্ঞা ;
ব্রহ্ম বিজ্ঞা।**

**আত্মধর্ম—যে সমস্ত ধর্মের সহিত জীবের স্বরূপানুবন্ধি কর্তব্যের সমষ্টি আছে
অথবা যে সমস্ত ধর্ম জীব স্বরূপের অনুকরণ, তাহা আত্মধর্ম। জীব স্বরূপতঃ
কৃষ্ণ দাস। স্বতরাং শ্রীকৃষ্ণের সেবা জীবের স্বরূপানুবন্ধি কর্তব্য।**

আত্মনাথ—নিষ্ঠতে অঙ্গীকার ; স্বকীয়ত্ব রূপে প্রেরণ (চৈ. চ. ১।১।২)।

**আত্মা—অঙ্গ, দেহ, মন, যজ্ঞ, ধৃতি, বৃক্ষ ও স্বভাব—(বিশপ্রকাশ ; চৈ. চ.
২।১।৪।৯)। আত্মারাম—আত্মাতে রমণ করেন যিনি (ভাঃ ১।১।১০)।**

আত্মরক্ষি—পরমাত্মাতে প্রীত। আত্মতৃষ্ণ—পরমাত্মাতে তৃষ্ণ (গীঃ ৩।১৭)।

**আত্ম কেশব—দাক্ষিণাত্যে পঞ্চোধিনী নদী তৌরে অবস্থিত বিশ্বহিনীরে
(চৈ. চ. ২।৯।২।১৭)।**

**আত্ম চতুর্বুজ—বাহুকার বাহুদেব, সহৰ্ষণ, প্রদ্যুম্ন ও অনিকৃষ্ট ; ইহারা অন্ত
চতুর্বুজের মূল (চৈ. চ. ২।২০।১৫৮)।**

আদিদেব—সর্ব প্রথম অবতার। ঈশ্বরের যে সমস্ত স্বরূপ স্থষ্টিকার্যে ব্যাপৃত আছেন, তাহাদের মধ্যে কারণার্থবশায়ী পুরুষই সর্বপ্রথম স্থষ্টি কার্য আরম্ভ করিয়াছিলেন, এজন্ত ইহাকে আদিদেব বলে।

আদিবস্তু—প্রা. স্বেহ স্থচক গালি (চৈ. চ. ৩১০।১১৩)।

আদো—প্রথমে। (চৈ. চ. ৩।৫।৯৭)।

আধাৱশক্তি—বিশুদ্ধ সত্ত্বে যখন সংক্ষিমী শক্তিৰ (সত্ত্বাবিষয়ক শক্তিৰ) অভিব্যক্তি প্রাধান্ত লাভ কৰে, তখন তাহাকে আধাৱ শক্তি বলে।

আধিদেবৰিক—অধিদেব+ইক নিবারণার্থে। দৈবজাত; অতিবাত, অতি-বৃষ্টি, বজ্রাপাত প্রভৃতি দৈব উৎপাতজনিত (বিপদ, দুঃখ)। ত্রিতাপ দ্রঃ।

আধিতৌতিক—অধিভৃত+ইক জাতার্থে। প্রাণী হইতে সংঘটিত, জন্ম হইতে উৎপন্ন, ভূতাধীন; (সাংখ্যমতে) জগত্যাজ, অগুজ, স্বেদজ ও উত্তিজ্জ—এই চতুর্বিধ জীবজাত (বিপদ, দুঃখ)। ত্রিতাপ দ্রঃ।

আধ্যাত্মিক—অধ্যাত্ম+ইক ভাবার্থে, সম্বৰ্কার্থে। আজ্ঞা সংক্রান্ত, আজ্ঞা হইতে জ্ঞাত (বিপদ, দুঃখ)। ব্রহ্মবিষয়ক, ঈশ্বরসংক্রান্ত। ত্রিতাপ দ্রঃ।

আন—প্রা. অন্ত (চৈ. চ. ১।১।৩৮); অন্তথা (চৈ. চ. ১।৫।২০১)। **আমেৰ**—অন্তেৱ (চৈ. চ. ৩।২।০।১৯)।

আনম—১. প্রা. আনয়ন কৰা (চৈ. চ. ৩।১৮।৬৯); ২. বদন, মৃথ।

আনহ—লহিয়া আস (চৈ. চ. ৩।২।১।০২)।

আৰুণ—১. পাহাড়া (চৈ. চ. ২।১৬।২৪২); ২. বেড়া বা প্রাচীর (চৈ. চ. ২।১৯।১৩৯); ৩. আচ্ছাদন।

আৰ্বত—ঘৰ্ণপাক (চৈ. চ. ২।২।৫।২৩১)।

আৰিভাৰ—১. প্রকাশ, উদয়; ২. যানাদিন সাহায্য ব্যতীত, কোন লৌকিক উপায়ে না গিয়া অন্ত কোন স্থানে আত্মপ্রকাশ (চৈ. চ. ৩।২।৩)।

আৰেগ—উৎকর্থ। ব্যাডিচাৰী ভাব দ্রঃ।

আৰেশ—অধিষ্ঠান, ভৱ। **আৰেশ অবতার**—অনাদিমেৰ দীয় জ্ঞান ও শক্তি প্রচৃতিৰ অংশ দ্বাৰা আবিষ্ট যত্নতম জীৱ। শক্ত্যাবেশ অবতার দ্রঃ। (চৈ. চ. ১।১।৩১-৩৪)। ‘যদ্বৈকেক শক্তি সঞ্চার মাজ় স আৰেশঃ; যথা—ব্যাসাদয়ঃ’—চক্ৰবৰ্তী। ধীহাতে এক একটি মাজ শক্তিৰ সঞ্চার হয় তাহাকে আৰেশ কহে, যেমন—ব্যাসাদি।

আৰ্তাস—অভিপ্রায়; উপজ্ঞাযণিক। (চৈ. চ. ১।৪।৩)।

আমুখ—নাটকের প্রচ্ছাদনা (চৈ. চ. ৩।।১১৮)। **আমুখ বীথী**—নাটকের ভাস্তুতী বৃত্তির বীথী নামক অঙ্গ। অঙ্গ দ্রঃ (চৈ. চ. ৩।।১৩৬)।

আম্বাশ—দৈর্ঘ্য (চৈ. চ. ১।।৫৮১)।

আম্বাশ—নিকটে (চৈ. চ. ২।।৩।।৯ প্লোঃ)।

আম্বাশ—১. বাগান ; উপবন (চৈ. চ. ১।।১০৬, ২।।৩।।৯৬) ; ২. আনন্দ, সুখ ; ৩. আরোগ্য।

আরিট গ্রাম—অরিষ্ট গ্রাম ; মধুরা মণ্ডলের অস্তর্গত গোবর্ধনে অবস্থিত। এই স্থানে শ্রীকৃষ্ণ অরিষ্টাহুর বধ লীলা করিয়াছিলেন। শ্রীশিশুমুণ্ড রাধাকৃষ্ণ এই গ্রামে অবস্থিত (চৈ. চ. ২।।১৮।।২-৩)।

আরিজ্জা—প্রা. ধাজানার টাকা বহনকারী (চৈ. চ. ৩।।৩।।৭৮)।

আরোপণ—রোপণ (চৈ. চ. ২।।১৯।।১৩৪)।

আর্ত—আর্ত, জিজ্ঞাসু, অর্থাৎ ও জ্ঞানী—এই চারি প্রকার সুস্থিতীলোক ভগবান্কে ভজন করেন (গী: ৭।।১৬)। **আর্ত**—রোগাদি দ্বারা অভিভূত বা ভয়ে ভীত ব্যক্তি। **অর্থাৎ**—ধনকামী, অর্থলিপ্স, সিদ্ধিকামী।

জিজ্ঞাসু—আত্মজ্ঞানেচ্ছ, ভগবৎ তত্ত্ব জানে ইচ্ছুক। জিজ্ঞাসু অবস্থা ভেদে আর্ত ও অর্থাৎ হইতে পারেন। যেমন ভগবদ্বিগ্নে আর্ত, ভগবৎ কৃপা অভিলাষে অর্থাৎ। **জ্ঞানী**—আত্মবিদ্ব, ভগবৎ তত্ত্ববিদ্ব। জ্ঞানী সর্বত্র ভগবানের কল্প দর্শন করেন। ইনি নিষ্ঠাম। আর্ত, জিজ্ঞাসু ও অর্থাৎ সকাম। কিন্তু যখন আর্ত প্রেমের দৃষ্টিতে, জিজ্ঞাসু জানের দৃষ্টিতে আর অর্থাৎ সকলের কল্যাণ দৃষ্টিতে সমগ্র ক্রিয়া দর্শন করেন, তখন তাহারা নিষ্ঠাম।

আর্য—পূজনীয় (চৈ. চ. ১।।৬।।১০৪)। **আর্দ্ধপথ**—সংপথ (চৈ. চ. ১।।৪।।১৪৪)।

আলবাটী—প্রা. পিকদানী (চৈ. চ. ৩।।৬।।১২৩)।

আলস্য—১. আশ্রয় ; ২. আধার ; ৩. গতি ; ৪. রত্ন্যাদির যোগ্য (উদ্দীপন, অহুভাব এবং ব্যাভিচারী ভাবেরও) বিষয় কল্পে শ্রীকৃষ্ণকে এবং আশ্রয় কল্পে শক্তগণকে ‘আলস্য’ বলে। যাহার উদ্দেশ্যে গতি প্রবৃত্ত হব তাহাকে ‘বিদ্যম’ এবং গতির আধারকে ‘আলস্য’ বলে। বিভাব দ্রঃ।

আলস্য—অড়তা। ব্যাভিচারী ভাব দ্রঃ।

আলাঙ্ক, আলাঙ্ক—জলস্ত অস্তার।

আলাঙ্কার্য—পুরী হইতে ১।।১৫ মাইল দূরে। শ্রীজগন্নাথের অনবসরে যাহাপ্রভু আলাঙ্কার্যে গিয়া ধাক্কিতেন। সেখানকার বিগ্রহের নামও আলাঙ্কার্য। (চৈ. চ. ২।।১।।১৪)।

আলী—সখী (চৈ. চ. ১১১১৬ স্তোঃ) ।

আলোয়ারু—মগ্ন বা ভাবমগ্ন । দক্ষিণ ভারতের প্রাচীন বৈষ্ণবগণ । প্রাচীন কালে দ্বাদশ আলোয়ার দক্ষিণ ভারতে বৈষ্ণব ধর্ম প্রচার করেন । যথা—১. পঞ্জোই বা সরোয়োগী, ২. পুদ্রস্ত বা স্তুত যোগী, ৩. পের বা মহৎ যোগী, ৪. তিকুমড়িশৈ বা ভক্ষিসার, ৫. নম্ম বা শর্ত কোপ, ৬. মধুর কবি, ৭. কুলশেখুর, ৮. তিকন্ধন বা যোগিবাহন, ৯. পেরিয় বা বিষ্ণুচিন্ত, ১০. অঙ্গাল বা গোদা, ইনি গোপীভাবে শ্রীকৃষ্ণ ভজন করিতেন, ১১. তোওর ডিপোড়ি বা ভক্ত পদরেণু এবং ১২. তিকুমজ্জৈ বা পরকাল । আলোয়ারগণ বহু কবিতা ও সঙ্গীত রচনা করেন । সমস্তই উগবৎ প্রেমে ভরপূর ।

আশীর্বাদ—মঙ্গলাচরণ স্তোঃ ।

আশৰ্য—যাহা অকস্মাৎ দৃষ্ট হয়, যাহা অস্তুত বা পূর্বে অদৃষ্ট তাহাই আশৰ্য । যথা—সপ্ত মায়া ইন্দ্রজালাদি—নীলকণ্ঠ (গী. ২১২৯) ।

আশ্রয়—১. যাহাতে প্রেম থাকে বা যিনি প্রেমের সহিত সেবা করেন, তাহাকে প্রেমের আশ্রয় বলে । আর যাহার প্রতি প্রেম প্রয়োগ হয়, তাহাকে প্রেমের বিষয় বলে (চৈ. চ. ১১৪।১১৪) । স্বেহ, মান, প্রণয়, রাগ, অহুরাগ, ভাব ও মহাভাব—এই কয়টি প্রেম বিকাশের স্তর । মহাভাবের আবাব দ্রুইটি স্তর আছে—মোদন ও মাদন । স্বেহ হইতে মোদন পর্যন্ত স্তর শ্রীকৃষ্ণে, গোপীগণে ও শ্রীরাধার আছে । কিন্তু মাদন কেবল শ্রীরাধার আছে, স্তুতরাঃ মাদনের একমাত্র আশ্রয় শ্রীরাধিকা, আর শ্রীকৃষ্ণকে তিনি ইহা দ্বারা সেবা করেন বলিয়া শ্রীকৃষ্ণ ইহার বিষয় (চৈ. চ. ১১৪।১১৪, ১৬৯) । ২. দশম পদার্থ । পদার্থ স্তোঃ ।

আশ্রয়ালভন—বিভাব স্তোঃ ।

আশ্রিত দোষ—যে শব্দের একাধিক অর্থ হইতে পারে তাহার গৌণ অর্থে শক্তির প্রয়োগ বা গৌণ অর্থ প্রয়োগকূপ দোষ (চৈ. চ. ২।৬।২৪৬) ।

আলোয়ারু—প্রা. অস্ত্রি (চৈ. চ. ২।১৪।১২২) ।

আলোয়ারু—প্রা. অশ্বরোহী (চৈ. চ. ২।১৮।১৫৩) ।

আশ্রিত—বেদাদী শাস্ত্র বিদ্যাসী ।

আশ্রে ব্যক্তে—প্রা. উদ্বিগ্ন চিন্তে, খ্ৰ তাড়াতাড়ি (চৈ. চ. ১।১।১।১) ।

আহৰ—যুক্ত (গী. ১।৩।১) ।

ই

ইন্দ্ৰাকু—সূর্য বংশীয় প্রথম রাজা । বৈবস্তু মুনিয় ইচ্ছিৰ সময় নাসা হইতে

অস্থ বলিয়া প্রথিত। বশিষ্ঠের সহিত জ্ঞানালোচনা করিয়া ইনি যোগ করে দেহত্যাগ করেন (ভাঃ ৩৬১৪) ।

ইজ্যা—১. বৈদিক কর্ম ; ২. যজ্ঞ ; ৩. দেবপূজা (ভাঃ ৩৩১৫) ।

ইড়া—মেরুদণ্ডের বামভাগে অবস্থিত নাড়ীবিশেষ। ডান ভাগে অবস্থিত নাড়ীর নাম পিঙ্গলা। আর ইড়া ও পিঙ্গলার মধ্যবর্তী মেরুদণ্ডের বহির্দেশে অবস্থিত নাড়ীর নাম স্বমুঘ্না। স্বমুঘ্না মূলাধাৰ হইতে হৃদয়ের মধ্য দিয়া ব্রহ্মরক্ষে প্রসারিত। স্বমুঘ্নার যোগে উর্ধবদিকে উপর্যুক্ত হইতে পারিলে উপাসক মোক্ষ লাভ করেন (ভাঃ ১০৮৭।১৮ ; চৈ. চ. ২।২৪।৫৫ শ্লোঃ) ।

ইত্তর—১. অন্ত ; ২. যাহারা সংস্কৃত জানে না (চৈ. চ. ২।২।৭৪) ।

ইত্তিউত্তি—প্রা. এদিক ওদিক (চৈ. চ. ১।৭।৮৫) ।

ইথিলাগি—প্রা. এইজন্ম (চৈ. চ. ১।৪।৫১) ।

ইথে—ইহাতে (চৈ. চ. ১।২।৯৫) ; এই হেতু (চৈ. চ. ১।৭।১০) ।

ইথ্যুল্ত শুণ—এতাদৃশ শুণ সম্পর্ক (চৈ. চ. ২।২৪।২৮-২৯) ।

ইন্দ্রীয়বন—নীলপদ্ম (চৈ. চ. ৩।১।৫।৫৬) ।

ইন্দ্রগোপ—এক প্রকার রক্তবর্ণ কৃত্র কীট (চৈ. চ. ২।১।৫।৩ শ্লোঃ) ।

ইন্দ্রমীল—মরকত মণি, পাত্র।

ইন্দ্ৰিয়—জ্ঞানকর্মসাধন। ইন্দ্ৰিয় ত্রিবিধি, যথা—জ্ঞানেন্দ্ৰিয় (চক্ষু, কৰ্ণ, নাসিকা, জিহ্বা ও অক), অস্তিৱেন্দ্ৰিয় (মনঃ, বুদ্ধি, অহঃকাৰ ও চিন্ত) এবং কর্মেন্দ্ৰিয় (বাক, পাণি, পাদ, পায় ও উপস্থ)। মন ইন্দ্ৰিয় গণের নিয়ামক।

ইত্ত—হস্তী (চৈ. চ. ২।১।৭।১ শ্লোঃ) ।

ইষ্টকাম্বুক—অভীষ্ঠ ভোগপ্রদ, অভীষ্ঠ ফলদানকারী (শী. ৩।১০) ।

ইষ্টগোষ্ঠী—১. অভীষ্ঠ মণি ; ২. পরম্পর আলোচনাদি ; ভগবৎ কথা (চৈ. চ. ২।৬।৯।১) ।

ইষ্ট সমীক্ষিত—ইষ্ট দেবতা যাহু ভালবাসেন সেকলপ শারীরিক ব্যবহার (চৈ. চ. ১।৪।১।৭৫) ।

ইষ্টাস—থৃক (শী. ১।৪) ।

ইলা, ইলা—গৃথিবী ।

ইঁহ, ইঁহো—প্রা. ইনি (চৈ. চ. ১।২।২।, ৪০) । **ইঁহা**—প্রা. এইহানে— (চৈ. চ. ১।২।৬৪) । **ইহার**—প্রা. ইহাতে (চৈ. চ. ১।৭।৯৬) ।

উ

উপা—১. উপর ; ২. প্রভু, পাত্রী ; ৩. বিশু ; ৪. মহাদেব ; ৫.

শ্রীগোরাক্ষ (চৌ. চ. ১১১১ শ্লোঃ) ; ৬. নায়ক ; ৭. ই, ঈ, উ, উ, অ, ঝ, ঙ, ঝ—এই অষ্ট স্বরবর্ণ। ঈশ প্রকাশ—শ্রীনিত্যানন্দাদি ঈশ্বরের প্রকাশ-মূর্তিগণ। ঈশ শক্তি—শ্রীবাগাদি ঈশ্বরের শক্তগণ। ঈশ শক্তি—শ্রীগদাধরাদি ঈশ্বরের শক্তিসমূহ। ঈশ্বাৰতাৱাৰ—শ্রীঅৰ্দ্ধতাচাৰ্যাদি ঈশ্বরের অবতাৱগণ (চৌ. চ. ১১১১ শ্লোঃ)।

ঈশান—১. শচীমাতার গৃহস্থত্ব ; ২. মহেশ্বর (ভা: ৮৪।১) ; ৩. শিবের অষ্ট মূর্তিৰ সূর্যমূর্তি ; যথা—ঈশানায় সূর্য মূর্তয়ে নমঃ।

ঈশান মাগন—বৈষ্ণবাচার্য অবৈত প্রভুৰ শিষ্য। শ্রীহট্টেৰ লাউডেৱ অস্তর্গত নবগ্রামে ব্রাহ্মণ কুলে জন্ম (১৪৯২ খ্রীঃ)। ঈনি ১২ বৎসৰ বয়সে শাস্তিপুরে গিয়া অবৈতেৰ ছাত্র হন। বয়ঃপ্রাপ্ত হইলে ঈনি প্রায় সকল সময়ে অবৈতেৰ সঙ্গে থাকিতেন। ঈনি পৰে শ্রীহট্টে ফিরিয়া ‘অবৈত প্রকাশ’ নামে এক বাঙালা গ্ৰহ রচনা কৰেন (১৫৬৮ খ্রীঃ)। ঈহার বংশধরেৱা বৰ্তমান গোঘাল-নন্দেৰ নিকটবৰ্তী বালপাল গ্ৰামে আছেন (নৃতন বাঙালা অভিধান)।

ঈশানু কথা—ঈশ্বরেৰ অবতাৱ ও সাধুগণেৰ চৱিত কথা। পদাৰ্থ দ্রঃ।

ঈশ্বরকোটিঅজ্ঞা—অক্ষা দ্রঃ।

ঈশ্বরকোটিক্লজ—কন্দ শিবমূর্তি বিশেষ। কন্দ দ্বিধি—জীৰ কোটি ও ঈশ্বর কোটি। কোন কলে যোগা জীৰ পাইলে, ভগবান্ সেই জীবেই সংহার শক্তি সঞ্চালিত কৰিয়া তাহা দ্বাৰা কন্দেৰ কাজ কৰান, ইহাকে জীৰকোটিক্লজ বলে। আৱ যে কলে একপ জীবেৰ উন্নত হয় না, সেই কলে ভগবানই কন্দক্ষে অগতেৰ সংহারকাৰ্য সমাধা কৰেন। ঈহাকে ঈশ্বরকোটিক্লজ বলে।

ঈশ্বরপুরী—কুমাৰহট্টে রাঢ়ীয় আক্ষণ বংশে আবিৰ্ভা৬। ঈহার পিতা শাম-স্মৰ আচাৰ্য। শ্রীপাদ মাধবেন্দ্ৰ পুৱীৰ শিষ্য। শ্রীগোরাক্ষ মহাপ্ৰভু ঈহার নিকটে দীক্ষা গ্ৰহণ লীলা অভিনন্দ কৰেন। কুমাৰহট্টে বৰ্তমান ২৪ পৱনগণা জেলাৰ হালিসহন। ১৯০৭ খ্রীঃ অব্দে তিৰোভা৬। গ্ৰহ—‘কুমুলীলামৃত’। পুৱী গোৱামীৰ আদেশ অমুদারে তাহাৰ তিৰোধানেৰ পৱ দৌৰ সেবক পোবিদ্ব দাস ও শিষ্য কালীখৰ গোসাই মহাপ্ৰভু শুক্ৰ অগ্ৰহান কুমাৰহট্টেৰ মুক্তিকা বহন কৰিয়া নিয়াছিলেন।

ঈছা—চেষ্টা, ঈছা, আকাঙ্ক্ষা (ভা: ১১।২।৪৭)।

উ

উকালিতে—পা. খুলিতে (চৈ. চ. ২১২১৯) ।

উখড়া—পা. মৃড়কি (চৈ. চ. ৩১০১২৯) ।

উখাড়ে—পা. ঘোলে (চৈ. চ. ৩৭১০৩) । **উখাড়িয়া**—খুলিয়া ।

উচ্চাটন—উৎ-চট + নিচ, অনই, ভাব বা. করণ বা. । **উচ্চুলন**, কঞ্চল করণ ;
উৎপাটন (চৈ. চ. ২১১৫১২ শ্লোঃ) ।

উচ্ছেঃশ্রবাঃ—ক্ষীরোদ সম্মত হইতে উত্তৃত অথ ; ইন্দ্রের অথ (শী. ১০১২৭) ।

উজ্জড়—পা. অনশ্বৃত (চৈ. চ. ২১১৮১২৬) ; ধ্বংস (চৈ. চ. ১১৭১২০৪) ।

উজীর—প্রধান রাজ কর্মচারী, মন্ত্রী (চৈ. চ. ৩৩১৫১) ।

উজোর—পা. উজ্জল (চৈ. চ. ৩১৯১৩৪) ।

উজ্জল—চিরজল দ্রঃ ।

উজ্জলসন—শৃঙ্গার রস, মধুর রস (চৈ. চ. ১১১৯ শ্লোঃ) ।

উঝালি—পা. ছড়াইয়া (চৈ. চ. ২৩০১১) ।

উটজ—পর্ণশালা ; কুটীর ।

উতুপক্রষ্ট—দাক্ষিণাত্যে মধ্যাচার্যের স্থানে প্রতিষ্ঠিত শ্রীক্লফের বালগোপাল
বিগ্রহ । কথিত আছে, কোন বণিক আরক্ষ হইতে নৌকা যোগে গোপীচন্দন
আনিতেছিলেন । দৈবাৎ সেই নৌকা তুবিয়া গেলে শ্রীপাদ মধ্যাচার্য স্বপ্নাদেশ
পাইয়া সেই নৌকা তুলিয়া গোপীচন্দনের মধ্যে এই শ্রীগোপাল স্মৃতি প্রাপ্ত হন
এবং ইহাকে প্রতিষ্ঠিত করেন (চৈ. চ. ২১৩।২২৮-৩২) ।

উতুম্ভুর—১. যজ্ঞতুম্ভু ; ২. তাত্ত্ব ।

উতুরাজ—নক্ষত্রাধিপতি চক্র (ভাঃ ১০।২৯।২) ।

উচ্চি—পা. উড়ানী, চাদর (চৈ. চ. ৩।১৪।৯২) ।

উত্তরে—পা. নামিয়া আসে (চৈ. চ. ২।১৮।৩৭) ।

উত্তার—পা. ঘোল (চৈ. চ. ৩।১২।৩৬) ।

উৎকষ্টিভা—নাস্তিক দ্রঃ । **উৎসিমা** ।

উত্তর কৃতি—অস্ত্রোষি কর্ম—চক্রবর্তী (বি. মা. ২৭০) ।

উত্তরিলা—পা. নামিল (চৈ. চ. ২।১৮।১৫৩) ।

উত্তরঘোক—১. উৎ অর্থাৎ উদ্গত বা দূরীভূত হয় তথ্য : (তমোগুণ) যাহাৰ
ঝোক (কীর্তন) আৱা নিৰ্মলকীর্তি । ২. যাহাৰ যশঃ শ্রবণে বা কীর্তনে তমো
নাশ হয় (চৈ. চ. ২।২৩।১২ শ্লোঃ) ।

উত্তোলনশৰণ—চিৎ হইয়া শয়ন (চৈ. চ. ১।১৪।৪) ।

উৎপন্ন—পদ্ম, কুম্ভ।

উৎপ্রেক্ষা—(অলঙ্কার শাস্ত্র) উপরের বস্তি যেন উপরান বস্তি—এইরূপ কলনা।

উৎসজ—১. আলিঙ্গন ; ২. উক ; ৩. ক্রোড়।

উৎসিল—প্রা. উত্থিত হইল (চৈ. চ. ৩১৫১৭৪)।

উৎসার—প্রশস্ত চিত্ত (চৈ. চ. ১১১২৯)।

উৎসাস—উপেক্ষা (চৈ. চ. ২৩১৪৪) ; উদ্বাসীগ্রস্ত (চৈ. চ. ২১৪১৮)।

উৎসীটী—উত্তর দিক।

উৎসুখল—ধান ভানিবার যন্ত্র বিশেষ (চৈ. চ. ২১৯১১৯)।

উৎস্ত্রাত্মক—বিচারার্থ তর্ক (চৈ. চ. ২১৩৩৭ ; ৩৭১৮৪)।

উৎস্থাত্মক্যক—১. অবোধিত অর্থযুক্ত পদকে অর্থ বোধের জন্য যথম অন্ত পদের সঙ্গে যোজনা করা হয়, তখন তাহাকে উৎস্থাত্মক বলে। ২. নাটকের প্রস্তাবনার অঙ্গের একটি নাম বিশেষ। অঙ্গ দ্রঃ। (সাহিত্য দর্পণ ৬২৮৯ ; চৈ. চ. ৩১১৪০ খ্রোঃ)

উৎস্থুর্ণী—১. উৎস্থুর্ণ+স্তী আপ। শুণিতা। ২. উৎ-স্থুর্ণ+অ ভাব বা +স্তী আপ। চিন্তা। যোহনাথ মহাভাবের বৃত্তি বিশেষ, ইহাতে নানা প্রকার বিলক্ষণ বৈবশ্য-চেষ্টা আছে। দিব্যোন্মাদ। (চৈ. চ. ২১১৭৮ ; ২১৩৩৮ ; উ. নী.—শ্বাসীভাব ১৩১)।

উৎসীপন—যাহা শারীভাব প্রতিক্রিয়াকে প্রকাশিত করে। বিভাব দ্রঃ।

উৎসীপ্ত—একই সময়ে পাচ, ছয় বা সমস্ত সাত্ত্বিক ভাব উদ্দিত হইয়া পরমোৎকর্ষ লাভ করিলে তাহাকে উৎসীপ্ত সাত্ত্বিক ভাব বলে। (চৈ. চ. ২১৬১১, ২১৮১৩৫ ; ভ. র. সি. ২৩১৪৬)।

উৎসেশ—উল্লেখ (চৈ. চ. ২১১৬৯)।

উৎসুব—শ্রীকৃষ্ণের ধারকা মথুরা পরিকর। ইনি বস্তুদেবের ভাতা দেবভাগের পুত্র, মাতার নাম কংস। ইনি বৃহস্পতির শিষ্য ও শ্রীকৃষ্ণের যদ্রী ও ভক্ত ছিলেন। (চৈ. চ. ১৬৩৫৪, ১১৩৩৯)।

উৎসারণ কুল—সপ্তগ্রামে স্বৰ্বৰ্ণ বণিক কুলে আবিষ্ট। পিতা শ্রীকুর, মাতা জ্ঞানেবী। এক পুত্রের নাম শ্রীনিবাস। নিত্যানন্দ প্রভুর শিষ্য ও অস্তরঙ্গ পার্থক্য। গোরগণেশদীপিকার মতে ত্রিজের স্বৰ্বাহ গোপাল; ইনি ধারণ গোপালের একত্র।

উৎসেশ—বিস্তু সময়ে চক্রলতাকে উৎসেশ বলে। ইহাতে দীর্ঘবাস, চপলতা,

সন্তুষ্টি, চিষ্ঠা, অঙ্গ, বিবর্ণতা, ধর্ম প্রভৃতি প্রকাশ পাই (চৈ. চ. ১২১৫০ ; ৩১১১১৩)।

উদ্ভূতাভ্যর—অমুভাব স্তুৎ :।

উদ্ভূত—আড়বর, ঘটা (চৈ. চ. ১১৭১১২০)।

উদ্ভাবন—যে বাগানে ফলের গাছ বেশী। **উদ্ভবর**—যে বাগানে ফলের ভাগ বেশী (চৈ. চ. ২২১৯)।

উদ্ভৃত উজ্জ্বল রস—শৃঙ্খল রস, মধুর রস। ইহাতে শাস্ত্রের কুঞ্জনিষ্ঠা, দাস্তের কুঞ্জ সেবা, সথ্যের কুঞ্জে অসঙ্গোচ ভাব, বাঁসলের মমতাধিক্য এবং মধুরের নিজাত্ম স্বার্থ সেবন আছে। স্বতরাং এই রসে সর্বাপেক্ষা স্বাদাধিক্য ও সর্বাপেক্ষা গুণাধিক্য আছে বলিয়া ইহা সর্বাপেক্ষা উদ্ভৃত ও উজ্জ্বল। এজন্য শৃঙ্খল রসকে ‘উদ্ভৃত উজ্জ্বল রস’ বলে। (চৈ. চ. ১১১৪ খ্রোঃ, ২১৮৩৭)।

উদ্বাহন—ব্যাচিয়ারী ভাব স্তুৎ :।

উপকর্তা—হিতকারী (চৈ. চ. ২১৬১৫৭)।

উপজ্ঞান—প্রা. উৎপন্ন হয় (চৈ. চ. ২২২১২৯)।

উপবর্জন—উজ্জ্বান স্তুৎ :।

উপমা—অর্ধাঙ্গার বিশেষ। ‘উপমানোপমেয়যোর্ধাকথফিদ্ যেন কেনাপি সমাসেন ধর্মেন উপমা’। উপমান ও উপমেয়ের যে কোন প্রকারের সমান ধর্ম-স্বার্থ যে সম্বন্ধ, তাহাকে ‘উপমা’ বলে (অঙ্গার কৌষ্টভ)। ইহাতে সাধারণ ধর্ম বিশিষ্ট ভিন্ন জাতীয় বস্তুত্বের সামৃদ্ধ করিতে হয়। **উপমান**— যাহার সহিত তুলনা করা যায় তাহা উপমান। **উপজ্ঞেন**—যাহাকে উপমা করা হয় তাহা উপমেয়। **উপমিতি**—সমৃদ্ধীকৃত, তুলিত; যাহার উপমা বা তুলনা করা হইয়াছে একল।

উপযোগ—উপভোগ, আহার (চৈ. চ. ৩১০১৩)।

উপরাগ—চন্দ্ৰগ্ৰহণ (চৈ. চ. ১১৩১৬), (চন্দ্ৰগ্ৰহণ ও সূর্যগ্ৰহণ উভয় অর্থেই ইহা ব্যবহৃত হয়।)

উপল কোগ—ছত্ৰ ভোগ, বাল্য ভোগ, প্রাতঃকালীন ভোগ (চৈ. চ. ২১১৪৮)।

উপাংশ—উপ-অন্ত, +ট কৃত্বা। **অপরের অবগ**—অমোগ্য কৃপ বিশেষ।

উপাংশ অপ কেবল নিজের কর্মেই গ্রাহ হয়।

উপাহার কার্য—বিমিস্ত কার্য স্তুৎ (চৈ. চ. ১৩১৫০)।

উপাহার—১. সাধন ; ২. সাম, দান, জেদ, দণ্ড—(অর্ধাং শব্দের সহিত সংক্ষি-

শত্রুকে অর্থাদি দানে বশ, শত্রুর গৃহ বিচ্ছেদ ঘটান এবং শত্রুর সহিত যুক্ত) —
গ্রাজ্য রক্ষার চতুর্ভিধ পদা ; ৩. উপার্জন।

উপেন্দ্র—পরবোয়াম চতুর্ভুজের অস্তর্গত সংকর্ষণের বিলাস (চৈ. চ. ২১২০।১৭৩-
৭৪, ২০৫) ; বিষ্ণু ইন্দ্রলোকের উপরে আছেন বলিয়া তাঁহাকে উপেন্দ্র বলে।
অথবা বামনাবতারে বিষ্ণু ইন্দ্রের পরে আবিষ্ট'ত হওয়ায় তাঁহাকে উপেন্দ্র
বলে। •

উপেন্দ্র বিঞ্চি—শীহটুনাসী। শীমন মহাপ্রভুর পিতামহ। “বৈষ্ণব পতিত
ধনী, সদ্গুণ প্রধান।” পুত্র কংসারি, পরমানন্দ, পদ্মবান্ড, সর্বেশ্বর, অগ্নাথ,
জনার্দন ও ত্রৈলোক্যনাথ। জগন্নাথের পুত্র মহাপ্রভু। জগন্নাথ স্নঃ (চৈ. চ.
১।১৩।৫৪-৬২)।

উপেয়—সাধ্য, প্রয়োজন, প্রাপ্য।

উপোষ্ঠৰ্ণ—উপবাস (চৈ. চ. ২।১।১।১০২)।

উবরিল—প্রা. উদ্বৃত্ত (বেশী) হইল (চৈ. চ. ২।১।৪।৪১)।

উক্তক্রম—যাহার ক্রম বড়। ক্রম শব্দের অর্থ—পাদবিক্ষেপণ, শক্তি, কম্প,
পরিপাটি, যুক্তি ও শক্তি দ্বারা আক্রমণ। যিনি বিভুরূপে সমস্ত ব্যাপিয়া
আছেন, শক্তিদ্বারা সকলকে ধারণ ও পোরণ করেন, মাধুর্য শক্তিদ্বারা
গোলোক ও ঐশ্বর্য শক্তিদ্বারা পরবোয়াম প্রকাশ করেন এবং মাঝে শক্তিদ্বারা
ব্ৰহ্মাণ্ডি পরিপাটারূপে স্থষ্টি করেন তিনিই উক্তক্রম। বামন দেব; বিষ্ণু;
শ্রীকৃষ্ণ (চৈ. চ. ২।২।৪।১৫-১৮)।

উক্তগান্ধ—উক্ত—বহু+গায় (যাহার মহিমাদি বহু গীত), ভগবান्।—(ভা:
৩।১।১।১, চৈ. চ. ১।৩।২০ শ্লোঃ)।

উরোজ-কোক—সন্তুপ চক্ৰবাক (চৈ. চ. ৩।১।৪।৭ শ্লোঃ)।

উজ্জিঞ্জা—দৃঢ়া (ভা: ১।১।১।৪।২০)।

উবৰ্বীশ—উবৰ্বী—পৃথিবী+ঈশ, পৃথিবীপতি (চৈ. চ. ১।৩।২৯ শ্লোঃ)।

উচ্ছাটি—কিৰিয়া (চৈ. চ. ২।৪।৯।৭)।

উচ্ছূক—পেচক (চৈ. চ. ১।৩।৬।৯)।

উচ্ছু—অৱামু (গী. ৩।৩৮)।

উচ্ছাস—উচ্ছাস (চৈ. চ. ১।৪।৬।৯)।

উচ্ছৰা—অকাচাৰ্য (গী. ১।০।৩।৭)।

উবিমিবি—প্রা. উস্পিসু; অহিন্দভাবে উঠা বসা, মড়াচড়া (চৈ. চ. ৩।৩।১।১।৫)।

ত

উত্তি—১. কর্ম বাসনা ; ২. লীলা (চৈ. চ. ২২১১২ শ্লোঃ)। পদাৰ্থ জ্ঞাঃ ।

উত্তরপুণ্ডু—চন্দনাদি দ্বারা লম্বাটাঙ্গিত উত্তরপুণ্ড সৱল রেখা ।

উত্তুবৰ্তুব্রি—লবণাক্ত অহুৰ্বৰা ভূমি (চৈ. চ. ২৬১৯৯)।

থ

আত্ত—পৰত্ৰী, সত্য।

আত্তিক—পুরোহিত, যজ্ঞকৃৎ।

আজি—১. সমৃদ্ধি ; ২. স্বত্ত্বাচনেৰ অঙ্গ বিশেষ (চৈ. চ. ২১১১২০ শ্লোঃ)।

আবন্ত—১. বৃষ ; ২. সঙ্গীতে স্বরগ্রামেৰ দ্বিতীয় স্বর—ৱে ; ৩. শ্রেষ্ঠ—(চৈ. চ. ২২৪১২৭ শ্লোঃ) ; ৪. দক্ষ সাবর্ণি মহস্তৱে মহস্তৱাবতার (চৈ. চ. ২১২০১২৭৬)।

আবন্তপৰ্বত—দাক্ষিণাত্যে দক্ষিণ কৰ্ণাটে মাতৃৱা জেলার একপ্রাচ্যে অবস্থিত।
বর্তমান নাম ‘পালনি হিলস’।

আবন্তপুণ্ড—অবস্থান সংস্কৰণে মতভেদে আছে। নিজাম রাজ্যেৰ বেলারি জেলার হাস্পি গ্রামেৰ নিকট তুঙ্গভদ্রা নদীৰ তীব্ৰেৰ অপ্রশস্ত গিৰিবস্তৰেৰ পার্শ্ববৰ্তী পৰ্বতকে খণ্ডনুখ বলিয়া কেহ কেহ বলেন। কাহারো মতে ইহা মধ্যপ্রদেশেৰ ‘হাস্পি’ পৰ্বত। আবার কেহ বলেন—পম্পা নদীৰ উৎপন্নি স্থলেৰ পৰ্বতই খণ্ডনুখ ।

ঘ

একাক্ষর—প্রণব (গী. ১০১২৫)।

একাঠাঙ্গি—প্রা. একহানে (চৈ. চ. ১৪১৫০)।

একাত্ম—একাস্ত (চৈ. চ. ২৬১২৩১)।

একল, একলা, একলি, একলে—প্রা. একাকী (চৈ. চ. ২১১৫৯)।

একাদশ তত্ত্ব—পঞ্চতত্ত্ব, পঞ্চেন্দ্ৰিয় ও আত্মা (ভাঃ ১১২২১২—সামি-টিকা)।

একাদশ অঙ্গু—ব্ৰহ্মার ১৪জন পুত্ৰ মহু নামে খ্যাত। একাদশ মহুৱ নাম—ধৰ্ম সাবর্ণি। মহস্তৱ জ্ঞাঃ। **একাদশ অৰ্বতুৱ**—একাদশ মহু ধৰ্ম সাবর্ণিৰ কাল (ভাঃ ৮। ১৩। ১৪)।

একাদশ কুঞ্জ, একাদশ তত্ত্ব—মহাদেবেৰ ভিৰ ভিৰ এগাৱটি মূৰ্তি, যথা—অজ, একপাথ, অহিত্ব, পিনাকী, অপমাঞ্জিত, অ্যাদৰ, যহেৰ, বৃষাকণি, শত্রু, হৃষণ, জৈবৰ।—(মহাভাৰত)।

একেশ্বর—একাকী (চৈ. চ. ২১১৫।১৯৩) ।

এড্ডাইল—প্রা. পলাইয়া গেল, বাদ পড়িল (চৈ. চ. ১।৭।৩০), অব্যাহতি পাইল (চৈ. চ. ২।৪।১৮১) ।

গ্রণ—হরিণ (চৈ. চ. ২।১।৭।১ শ্লোঃ) ।

গ্রথা, এথাকে—প্রা. এইস্থানে (চৈ. চ. ৩।২।৩৯) ।

গ্রথ, এথঃ—ইন্দুন, কাট (ভাঃ ১।১।৪।১৯ ; চৈ. চ. ২।২।৪।১৮ শ্লোঃ) ।

গ্রেঙ্গো—প্রা. এথনও (চৈ. চ. ৩।১।২।১৯) ।

গ্রেহো—প্রা. ইহাও (চৈ. চ. ১।৪।৫, ৮২) ।

ত্রি

ঞ্জন—প্রা. এইরূপ (চৈ. চ. ১।১।৩।৯৭) ।

ঞ্জে—প্রা. এইরূপ (চৈ. চ. ১।২।১৪) ।

ঞ্জিলাবজ্ঞ—ঠিক্সের হস্তী ।

ঞ্জৰ্ষ্য—নম লীলার ভাবকে অপেক্ষা না করিয়া যে স্ত্রীরত্বের প্রকাশ, তাহাকে ঐশ্বর কহে, যেমন শ্রীনিবাসের জয়কালে পিতামাতাকে চতুর্ভুজরূপ প্রদর্শন ।
মাধুর্য—যেখানে ঐশ্বর প্রকাশিত হইলেও বা না হইলেও নম লীলার ভাব অস্তিত্ব করে না, তাহাকে মাধুর্য কহে ।

ত্রি

ওঁ—প্রণব, ওকার, আচ্ছবীজ । **প্রণব স্তুৎঃ** ।

ওঁ তৎসৎ—পরব্রহ্মের অবয়বত্ত্ব যুক্ত নাম । পুরাকালে উহা হইতে ত্রাঙ্গণ, বেদসকল ও যজ্ঞের সৃষ্টি হইয়াছিল । ওঁ ব্রহ্মপূর্ণ, তৎ স্তুত্যর নির্দেশক এবং তৎ এবং নিমিত্ত যে কর্ম তাহাই সৎ । আবার যজ্ঞ, তপস্যা ও দানে দৃঢ়তাকেও সৎ বলে । সুতৱাঃ বৈশুণ্য দোষ পরিহারের নিমিত্ত ওঁ তৎসৎ উচ্চারণ করিয়া যজ্ঞ, দান ও তপস্যা বিধিবিহীন অনুষ্ঠান করিতে হয় (গী. ১।৭।২৩-২৮) ।

ওঁৰো—রোজা, সর্প বিষের চিকিৎসক, যে ভূত নামায়, (চৈ. চ. ৩।১।৮।৫৩) ।

ওড়ফুল—জবাফুল (চৈ. চ. ১।১।৭।৩৫) ।

ওড়মপাড়ুন—লেপ তোষক (চৈ. চ. ৩।১।৩।১৮) ।

ওড়ু—উড়িয়াবাসী । **ওড়ু কুকুরস্ত,** **ওড়ু শিবামস্ত,** **ওড়ু সিংহেশ্বর—** শ্রীচৈতন্য শাখার উড়িয়াবাসী তিন জন ভক্ত (চৈ. চ. ১।১।০।১৩৩, ১৪৬) ।

ওচ্চাস্ত—প্রা. উড়ুনীর মত করিয়া গায়ে দেয় (চৈ. চ. ৩।১।৩।৬৮) ।

ওড় হৈয়া—প্রা. দেহকে গোপন করিয়া (চৈ. চ. ২।২।৪।১৫৬) ।

শুধা—প্রা. ঐশ্বানে (চৈ. চ. ৩১৮।৫৬) ।

শুধু—১. অস্ত ; ২. ভক্ত—শ. ক. স্ত. ।

শুরু—প্রা. সীমা (চৈ. চ. ২।৩।১১) ।

শুরুপার—প্রা. সীমা পরিসীমা (চৈ. চ. ৩।২।০।৯১) ।

শুলাহুন—প্রা. দোষ, তিরস্কার, মৃত্যু অভিযোগ (চৈ. চ. ১।১৪।৩৪ ; ৩।৭।১৪০ ; ৩।৭।৩১) ।

(৩)

ঙ্গ্রে—ব্যভিচারী ভাব স্তুৎ ।

ঙ্গুলুরু—১. যমরাজ ; ২. তাম্রময় পাত্র ।

ঙ্গুলোমি—অঙ্গবাদী খণ্ডি । ভেদাভেদবাদের প্রবর্তক বা সমর্থক ।

ঙ্গুলীর্থ—অলকার স্তুৎ (চৈ. চ. ২।৮।১৩৬) ।

ঙ্গুলুর্দেহিক, ঙ্গুলুর্দেহিক—মৃত্যুর পরে প্রেতাভাব উদ্দেশ্যে কৃত্যাদি ।

ঙ্গুলুক্য—ব্যভিচারী স্তুৎ ।

ক

কংসারিসেন—সদাশিব স্তুৎ ।

কঁকুক—১. কাঁচুলি, স্তন আচ্ছাদনের জামা ; ২. জীর্ণত্বক, সর্পজ্বর (ভাঃ ১।০।৮।৭।১৮) ।

কঞ্জ—ক্রসা, কেশ, অমৃত, পদ্ম (ভাঃ ২।১।৮) ।

কড়চা—১. সূল কথা ; ২. সংক্ষিপ্ত বিবরণ, দিনলিপি ; ৩. যে পুস্তকে অনুবালী বিষয়গুলির সংক্ষিপ্ত বিবরণ লিখিত হয় (চৈ. চ. ৩।১।৩১) ।

কড়ার—প্রা. প্রসাদী চন্দন (চৈ. চ. ৩।১।৬৫) ।

কত্তি—১. কড়া (চৈ. চ. ১।১।৩।১০৮) ; ২. দধি ও বেসম সংযোগে প্রস্তুত খাষ্ট বিশেষ (চৈ. চ. ২।৪।৬৯) ; ৩. ছাদের লম্বা কাঠ, লোহা ইত্যাদি ; ৪. চড়াহুর ।

কটক—উড়িশ্বার গঙ্গা বংশীয় রাজাদের রাজধানী । বর্তমানে দেশ আধীন হওয়ার পরে উড়িশ্বা রাজ্যের রাজধানী কটক হইতে ভুবনেশ্বরে স্থানান্তরিত হইয়াছে । কাটজুড়ী ও মহানদীর মধ্যবর্তী ।

কত্তি—প্রা. কোথাওয় (চৈ. চ. ১।১।২।৪০) । **কত্তে—**কত রকম (চৈ. চ. ২।৪।৫৭) । **কত্তেক—**কত পরিমাণ (চৈ. চ. ১।১।৪৮) ।

কমুক—সমুহ (চৈ. চ. ১।১।৪ ঝোঁ) ; বৃক্ষ বা পুষ্প বিশেষ ।

কলক—কলা (চৈ. চ. ২।১।৪।২৪) ।

কম্ভুক—খেলার লাটিম।

- করি—** ১. বিদ্বান् (ভা: ১১৩১৯); ২. কর্মনিপুণ (ভা: ৩২০। ৩);
 ৩. সর্বজ্ঞ (ভা: ১০৮৬। ১৩); ৪. ব্রহ্মবিৎ (ভা: ১১২৯। ৬); ৫.
 অধ্যাত্মবিদ, জ্ঞানী (ভা: ৪। ২১। ১); ৬. নব মহাভাগবতের অন্তর্গতম
 (ভা: ৫। ৪। ১১); ৭. যজ্ঞরূপী বিশ্ব ও দক্ষিণার অষ্টম পুত্র (ভা: ৪। ১। ৬);
 ৮. তুরিত্বদেবগণের অন্তর্গতম (ভা: ৪। ১। ১); ৯. [বিবৰানের (সূর্যের)]
 পুত্র (ভা: ৩। ১। ১২); ১০. ক্ষত্রিয় দুর্বিতপয়ের পুত্র (ভা: ৩। ২। ১। ১৯);
 ১১. শ্রীকৃষ্ণের পত্নী কালিঙ্গীর গর্ভজাত পুত্র (ভা: ১০। ৬। ১। ১৪);
 ১২. বিবেকী; ১৩. ভাবুক; ১৪. ক্রান্তদর্শী (সর্বজ্ঞ) (গী. ৮। ৯);
 ১৫. শুক্রচার্য; ১৬. ভগবন্তক, পশ্চিত; ১৭. অমুভবী; ১৮.
 সবীজবা ক্রি (শ্রষ্টা); ১৯. লেখক।—বৈ. আ. ২০. সর্বদৃক (উপোঃ ৮)।
কর্ম্ম— ১. কূর্ম, কচ্ছপ (চৈ. চ. ৩। ১। ৭। ১৫ শ্লো:); ২. সম্মাসীদের জলপাত্র
 বিশেষ।

কমলাপুর— পুরী হইতে তিনি ক্রোশ দূরে একটি প্রাচীন গ্রাম। এখান
 হইতে পুরীর শ্রীজগন্নাথ দেবের মন্দিরের ধ্বজা দেখা যায়।

কমলাকুর পিঙ্গলাই— রাঢ়ীয় পিঙ্গলাই শাখাভুক্ত আঙ্গণ। লগলী জেলার
 মাহেশ ইছার শ্রীপাট। আদশ গোপালের একত্তম, ঝজের মহাবল—গোপাল।
 সুন্দরবনের নিকটবর্তী ধালিঙ্গলি গ্রামে ইছার আবির্ভাব। নিত্যানন্দ
 শাখাভুক্ত। ইছার পুত্রের নাম চতুর্ভূজ। চতুর্ভূজের পুত্রের নাম নারায়ণ
 ও জগন্নাথ। নারায়ণের পুত্র জগদানন্দ এবং জগদানন্দের পুত্র রাজীব লোচন।
 শ্রীবান্দ নামে একজন নিষিদ্ধন ভক্ত মাহেশে শ্রীজগন্নাথ বিগ্রহ প্রতিষ্ঠা
 করিয়া বৃক্ষাবস্থায় কমলাকুরের হস্তে তাহার সেবার ভার অর্পণ করেন।
 ইছার বৎশের রাজীব লোচন ১০৬০ সালে মুসলমান নবাবের নিকট হইতে
 শ্রীজগন্নাথের সেবার জন্ম ১১৮৫ বিষ্ণু জমি দান অরূপ প্রাপ্ত হন। ইহা
 হইতে বিগ্রহের সেবাপূজা চলিতেছে।

কমলাকান্ত বিশ্বাস— অষ্টৈত শাখা। অষ্টৈতের কিন্দর ও হিসাব বৃক্ষক।
 অষ্টৈতের শখ দেখিয়া ইনি রাজা প্রতাপকুন্তের কাছে সাহায্য চাহিয়া এক পত্র
 দেন। কিন্তু সে পত্র রাজার হাতে না পৌছিয়া পাকেচকে মহাপ্রভুর
 হাতে পড়ে। ঈশ্বর তত্ত্ব অষ্টৈতের দৈন্য জানাইয়া পত্র দেওয়ায় মহাপ্রভু
 অত্যন্ত বিবরণ হন এবং কমলাকান্তকে তাহার বাড়ীতে আসিতে নিষেধ করিয়া
 ‘ঠার মান’ করেন। পরে কমলাকান্তকে অষ্টৈতের শ্রিয় সেবক জানিয়া

ক্ষমা করেন এবং উপদেশ দিয়া বলেন—“বাহাতে আচার্যের লজ্জা বা ধর্মহানি হয়, এমন কাজ করিব না। “প্রতিগ্রহ না করিয়ে কভু রাজধন। বিষয়ীর অন্ন থাইলে দুষ্ট হয় ঘন।” ঘন দুষ্ট হইলে নহে ক্ষেত্রে শ্রবণ॥” (চৈ. চ. ১১২১২৬-৫২)।

কম্পি—সাধিক ভাব স্তুৎ।

করুজ—প্রা. জলপাত্র (চৈ. চ. ৩১৬১৩৭)।

করঙ্গিয়া—জলপাত্র বহনকারী (চৈ. চ. ২১২৫১১৩৬)।

করড়িয়া শোম—এক রকম লবণ (চৈ. চ. ৩১০১১৪৬)।

করমা পাটৰ—করণের অর্ধাং ইঞ্জিয়ের অপাটৰ অর্ধাং অপটুতা। ইঞ্জিয়ের অসামর্থ্য (চৈ. চ. ১২১৭২)।

করঘ—করে (চৈ. চ. ১১৭১২৫১)।

করঘে লাগানি—বিকল্পে কথা বলে (চৈ. চ. ২১১১৬৩)।

করপিণ্ডি—আসিয়া কর (চৈ. চ. ৩১৬১১১)।

করপুষ্কর—হস্তরূপ শুও (চৈ. চ. ১১৮১৮১)।

করাঙ—করাইব (চৈ. চ. ৩১৬১৭৬)।

করাকরি—হাতে হাতে (চৈ. চ. ৩১৮১৮৪)।

করিচু—করিলাম (চৈ. চ. ১৩১১৫২)।

করিয়াছেঁ।—করিয়াছি (চৈ. চ. ২১৩৩৬)।

কর্ণগুৰ—বৈষ্ণব কবি ও পদকর্তা। প্রকৃত নাম পৱনমন্দ সেন। কবি কর্ণপুর নামে প্রসিদ্ধ। মহাপ্রভু পরিহাস করিয়া ইহাকে পুরী দাস বলিয়া ডাকিতেন। শিবানন্দ সেনের কনিষ্ঠ পুত্র। কাফন পল্লীতে (বর্তমান কাঁচড়া-পাড়ায়) আবিভাব। সাত বৎসরের বালক খোকে ব্রজপ্রদানাগণের কর্ণ-ভূষণের বর্ণনা করায় চৈতান্তদেব ইহাকে ‘কর্ণপুর’ আখ্য প্রদান করেন। কবি কর্ণপুরের রচিত গ্রন্থের নাম আর্যশতক, অলক্ষ্ম কৌস্তু, শ্রীচৈতান্ত চরিতামৃত মহাকাব্য, শ্রীচৈতান্ত চন্দ্রোদয় নাটক, গৌরগণোদ্দেশদীপিকা, আনন্দ বৃন্দাবন, চম্পু প্রভৃতি। ইনি পিতার সঙ্গে প্রতি বৎসর নীলাচলে গিয়া প্রভুকে দর্শন করিতেন। ইহার অনেক বর্ণনা তাহার গ্রন্থে আছে।

করুণ রস—গোণ রস স্তুৎ (চৈ. চ. ২১১১৬০)।

করোঘা—জলপাত্র (চৈ. চ. ৩১৭১১)।

কর্ম—কার্য, ক্রিয়া, লোকপ্রসিদ্ধ দেহাদি চেষ্টা, শাস্ত্রবিহিত অস্থান। বিকর্ম—শাস্ত্রমিষিক ব্যাপার—(স্থামী)। **অকর্ম—ক্রিয়ার অভাব,**

শাস্ত্রনির্দিষ্ট কর্ম ত্যাগ বা সন্ন্যাস ও তদ্বিক্ষণকাচরণ—(শামী)। **অপরাধ—কর্ম—স্বধর্মাচরণ**। **বিকর্ম**—বিশেষ কর্ম। **স্বধর্মাচরণের** বাহু কর্মের সহায়ক মানসিক কর্ম। কর্মের সহিত মনের সংযোগ। **অকর্ম**—বাহু কর্ম ও বিকর্ম বা মানসিক কর্ম এককল হইয়া চিত্তের পূর্ণসূক্ষ্ম, শাস্ত্র ও বাসনাহীন অবস্থার নাম অকর্ম (শী. ৪।১৬।১৮)।

কলম—১. দর্শন, গণন (চৈ. চ. ৩।১৫।১৩ শ্লোঃ) ; ২. চিহ্ন, দোষ, ভুগ ;
৩. বেতস বৃক্ষ।

কলহাস্ত্রিতা—মারিকা দ্রঃ।

কলা—১. অংশের অংশ (চৈ. চ. ১।১।৭ শ্লোঃ) ; ২. কদলী, রসা ;
৩. চন্দ্রের যোড়শ ভাগের এক ভাগ ; ৪. বিভূতি—(ক্রম সন্দর্ভ) ;
৫. নৃত্য গীতাদি চৌষট্টী বিজ্ঞা। ভাগবতের (১।০।৪।২।৩৬) শ্লোকের
শ্রীধর সামিক্ষণ টিকায় উন্নত শিবতন্ত্রোত্ত ৬৪ কলার বিবরণ এইকল্প :—

১. গীত ; ২. বাঞ্ছ ; ৩. নৃত্য, ৪. নাট্য ; ৫. আলেখা, ৬. বিশেষকচ্ছেষ্ট,
৭. তঙ্গুল-কুমুম-বালি-বিকার ; ৮. পুস্পাস্তরণ, ৯. দর্শন-সন্মাঙ্গরণ ;
১০. মণিভূমিকা-কর্ম ; ১১. শয়ন-রচনা ; ১২. উদক বাঞ্ছ, উদক ঘাত,
১৩. চতুর্যোগ ; ১৪. মাল্য গ্রথন বিকল্প ; ১৫. শেখরা পীড় যোজন ;
১৬. মেপথ্য যোগ ; ১৭. কর্ণপত্রভঙ্গ ; ১৮. স্বগন্ধ ঘূর্ণি ; ১৯. ভূষণ যোজন,
২০. ঐন্দ্রজাল ; ২১. কোচুমার যোগ ; ২২. হস্তলাঘব ; ২৩. চিত্রশাকাপুণ ভক্ষ্য
বিকার ক্রিয়া ; ২৪. পানক-রস-রাগাসব-যোজন ; ২৫. স্মৃচ্বায় কর্ম ; ২৬.
- স্মৃত্র ঝীড়ী ; ২৭. রীনা উমরক বাঞ্ছাদি ; ২৮. প্রহেলিকা ; ২৯. প্রতিমালা ;
৩০. দুর্বচক ষোগ ; ৩১. পুষ্টক বাচন ; ৩২. নাটকাধ্যায়িকা দর্শন ;
৩৩. কাব্য সমস্তা পুরণ ; ৩৪. পটিকা বেত্রবাণ বিকল্প ; ৩৫. তর্ক কর্ম সমূহ ;
৩৬. তক্ষণ ; ৩৭. বাস্ত্র বিশ্বা , ৩৮. কুপ্য রস্ত পরীক্ষা ; ৩৯. ধাতুবাদ ;
৪০. মণিরাগ জ্ঞান ; ৪১. আকার আন ; ৪২. বৃক্ষাযুবেদ যোগ ; ৪৩. মেষ-
কুকুট-লাবক-যুক্তবিধি ; ৪৪. শুক-সারিকা প্রলাপন ; ৪৫. উৎসাদন ; ৪৬.
- কেশ মার্জন কৌশল ; ৪৭. অক্ষয়-মুষ্টিকা-কথন ; ৪৮. প্রেচ্ছিত কুতুক বিকল্প ;
৪৯. দেশ ভাষা জ্ঞান ; ৫০. পুণ্য শকটিকা-নির্মিত জ্ঞান ; ৫১. যন্ত্র মাতৃকা
ধারণ মাতৃকা ; ৫২. সম্পাট্য ; ৫৩. মানসী কাব্য ক্রিয়া ; ৫৪. অভিধান
কোশ ; ৫৫. ছন্দোজ্ঞান ; ৫৬. ক্রিয়া বিকল্প ; ৫৭. ছলিতক যোগ , ৫৮.
- বস্ত্র গোপন ; ৫৯. দ্রুত বিশেষ ; ৬০. আকর্ম ঝীড়ী ; ৬১. বাল ঝীড়ুনক,

৬২. বৈনায়িকী বিজ্ঞান জ্ঞান; ৬৩. বৈজ্ঞানিকী বিজ্ঞান জ্ঞান এবং
৬৪. বৈতালিকী বিজ্ঞান জ্ঞান।

কলার সরলো—আন্ত কলাপাতার মধ্যবর্তী ডগা।

কলা—অঙ্গার এক দিনকে কলা বলে। মহস্তর দ্রঃ।

কল্যাণ—পাপ, ভক্তি বিবোধী ধর্ম, অধর্ম (চৈ. চ. ২১১৫২৭০)।

কল্যাণ—১. মোহ, ঘূর্ছা (ভাঃ ৩১৪।১৬); ২. শিষ্টজন নিন্দিত মালিঙ্গ,
মোহ (গী. ২।২)।

কলিলে মা হয়—বলা যায় না (চৈ. চ. ১।১০।৩৯)।

কহো—কহি (চৈ. চ. ১।৮।১২)।

কাঁকড়ু—কক্ষ (চৈ. চ. ২।১২।১০)।

কংসারি মিঞ্চি—মহাপ্রভুর পিতৃব্য। মহাপ্রভুর পিতৃব্য ছয়জন, যথা—কংসারি,
পরমানন্দ, পদ্মনাভ, সর্বেশ্বর, জনার্দন, ত্রৈলোক্যনাথ (চৈ. চ. ১।১৩।৫৫-৫৬)।

কাকভাজীয়—শায় বিশেষ। তালগাছ হইতে পাকা ফল আপনা আপনি
পড়ে। গাছে কাক বসার পর স্বভাবতঃ পাকা তাল পড়িলে কাকের বসার
দফণ একপ ঘটনা ঘটিয়াছে, কখন কখন অমুমান করা হয়। এ ভাবে কার্য
কারণ সমস্কৃতী দুইটি ঘটনা ঘটিলে এই ‘শ্যায়’ প্রযোজ্য হয়।

কাচ—ছদ্মবেশ (চৈ. ভা. ২।৪।২।৪)।

কাঞ্চন পঞ্চালিকা—সোনার পুতুল (চৈ. চ. ২।৮।২।২২)।

কাটোয়া—বর্ধমানের অস্তর্গত কটক নগর। এই স্থানে শ্রীগৌরাঙ্গ কেশব
ভারতীর নিকটে সংযোগ গ্রহণ করিয়াছিলেন।

কাঢ়—আ. বাহির কর (চৈ. চ. ২।৪।৩৬)।

কাঞ্জায়ঝী—পরম বৈকল্পী শিবপ্রিয়া পার্বতী, যোগমায়া (ভাঃ ১।০।২।১।,
চতুঃ—১।১।২)।

কামাই খুঁটিয়া—নীলাচলবাসী উৎকল দেশীয় ত্রাক্ষণ। কৃষ্ণ অন্ধ যাত্রা
লীলাভিময়ে ইনি নদীবেশে শ্রীনন্দ মহারাজের ভাবে আবিষ্ট হইয়া গোপবেশধারী
মহাপ্রভুর নমস্কার গ্রহণ করিয়াছিলেন এবং ‘আবেশে বিজাইল ঘরে যত
ছিল ধন’। (চৈ. চ. ২।১।৫।২০; ৩০-৩১)।

কামাইর মাটশালা—গৌড়ের নিকটে, রাজমহল হইতে তিনি ক্রোশ দূরে।
মহাপ্রভু এখানে পদার্পণ করিয়াছিলেন।

কাঞ্জু ঠাকুরু—নিত্যানন্দ শাখার ভক্ত। বৈষ্ণ। যশোহর জেলার বোধখানাবাসী
পুরুষের দাস ঠাকুরের পুত্র। মাতার নাম জাহবা দেবী। নদীয়ার

ভাজন ঘাটের গোমারীগণ ইহারই বংশধর। কামু ঠাকুর, তাহার পিতা পুরুষোত্তম দাস, পিতামহ সদাশিব কবিরাজ ও প্রপিতামহ কংসারি সেন—এই চারি পুরুষই গৌর পরিকল্পন ভুক্ত।

কাঞ্জা প্রেম—গোপী প্রেম। কৃষ্ণজ্ঞয় প্রীতিবাঞ্ছ। কাঞ্জা বলিতে পরবীয়া ভাবাপন্না প্রিয়া বুঝায়। কাঞ্জা প্রেমে শাস্তের নিষ্ঠা, দাস্তের সেবা, সখ্যের অসঙ্গে ভাব, বাঁসল্যের লালন ও মমতাধিকা ত আছেই, অধিকল্প কৃষ্ণ-স্থার্থে নিজাঙ্গ দ্বারা সেবাও আছে। সেজন্য ইহা সর্বসাধ্যসার (চৈ. চ. ২১৮।৬৩, ২১৯।১৮৯-১২)।

কাঞ্জারতি—যথুরা রতি। কৃষ্ণ বিষয়ক প্রেম। রতি দ্রঃ (চৈ. চ. ২২৪।২৭)।

কাঞ্জি—অলঙ্কার দ্রঃ।

কাবেরী—দক্ষিণ ভারতের নদী। পশ্চিমঘাট পর্বত শ্রেণী হইতে উৎপন্ন হইয়া বঙ্গোপসাগরে পতিত হইয়াছে। কাবেরীর জলপানে ভগবদ্ভক্তি জন্মে বলিয়া শ্রীমদ্ভাগবতে উল্লেখ আছে। ভারতবর্দের সাতটি পবিত্র নদীর অন্যতম। ইহাকে অর্ঘন্মা ও বলা হয়। শিব সম্মুখ, শ্রীরঞ্জপাটনা, শ্রীরঞ্জ প্রভৃতি প্রধান বৈষ্ণব তীর্থগুলি ইহার তীরে অবস্থিত। প্রায় ৫৪ মাইল দীর্ঘ।

কাম—আঘেস্ত্রিয় প্রীতি ইচ্ছা। নিজের ইচ্ছিয় তৃপ্তি। “কাম অক্ষতম, প্রেম নির্মল ভাস্তু”—(চৈ. চ. ১৪।১৪৭)। প্রেম দ্রঃ। গোপী প্রেম প্রাকৃত কাম নহে, ইহাতে স্বস্থ বাসনার লেশ মাত্র নাই এবং ইহা অপ্রাকৃত। কাম ক্রীড়ার সহিত সান্দৃশ্য আছে বলিয়া গোপী প্রেমকে কাম বলা হয়, যথা—“সহজে গোপীর প্রেম—নহে প্রাকৃত কাম। কামক্রীড়া সাম্যে তার কহি কাম নাম”।—(চৈ. চ. ১৪।১৪০-৪৭, ২৮।১৭৪-৭৬)।

কামকোষ্ঠিপুর—দক্ষিণ ভারতের শ্রীশৈল ও মাতৃরার মধ্যে অবস্থিত। তাঙ্গোর জেলার কুষ্ঠকোনম।

‘**কাম গায়ত্রী**—“কামদেবায় বিজ্ঞহে পুঁশবাণায় ধীমহি তরোহনঙ্গপ্রচোদয়াৎ”।’ এই গায়ত্রী ব্রজেন্দ্রন শ্রীকৃষ্ণের উপাসনা মন্ত্র। ইহা কৃষ্ণবৰ্কপ। ইহাতে সার্ধ চবিশ অক্ষর আছে। ‘কামদেবায়’ শব্দের ‘য়’-কে অর্ধ অক্ষর বলা হয় (চৈ. চ. ২৮।১০২, ২২।১০৪-১৪)। ‘কাম’ শব্দে বুঝায় শৃঙ্খলীয়তা ও কামনীয়তা। সৌন্দর্য, মাধুর্য, বিলাস ও বৈদ্যত্যে কৃষ্ণই সর্বোত্তম কাম্য বস্ত। এই মন্ত্র অপে কৃষ্ণবাসনা, কৃষ্ণে গাঢ় প্রীতিয়রী উর্বেলতা অয়ে।

কামলেশ—নিজের প্রেম প্রকাশক পত্র (চৈ. চ. ৩।।।১২০; উ. নী. পুরুষাগ—২৬)।

কাম্যবন—অজমগুলের দ্বাদশ বনের একটি বন। কাম্যবনে অনেক তীখ আছে।

কায়বৃহ—কায়—যুর্তি; বৃহ—সমৃহ। যোগবলে এক শরীরীর বহুতর শরীর প্রকটকরণের নাম কায়বৃহ। যথা—একই শ্রীরাধা শ্রীকৃষ্ণকে রস বিশেষ আস্থান করাইবার জন্য অজগোপী রূপে বহু হইয়াছেন। (চৈ. চ. ১।।।৪২, ২।।।০।।।৪২)। “আকার স্বভাব-ভেদে ব্রজদেবীগণ। কায়বৃহকূপ তাঁর রসের কারণ”—(চৈ. চ. ১।।।৬৩)। ঘোল হাজার মহিষী বিবাহে ও রাসমালায় শ্রীকৃষ্ণ কায়বৃহ করেন নাই। সেখানে তাঁহার শ্রেকাশ-কূপ। কিন্তু সৌভাগ্যী ঋষি যোগবলে কায়বৃহ প্রকাশ করিয়া বহুর্মুর্তিতে বহু স্তু উপভোগ করিয়াছিলেন (চৈ. চ. ১।।।৩৫-৩৭)।

কারণার্থবশায়ী, **কারণার্কিশায়ী**—আগ অবতার; প্রথম পুরুষ অবতার; সমষ্টি ব্রহ্মাণ্ডের অস্তর্ধায়ী। ইনি সহস্রশীর্ষ। স্থষ্টির পূর্বে দৃষ্টি দ্বারা শক্তি সঞ্চার করিয়া ইনি সাম্যাবস্থাপন্ন মায়া বা প্রকৃতিকে বিশূল্ক করেন। এই অস্তাভাসেই জীবকূপ বীর্যের আধান হয় এবং ব্রহ্মাণ্ড সকলের জন্ম হয়। ইনি স্থষ্টি, স্থিতি, প্রলয়ের কর্তা, সমস্ত বিশ্বের আশ্রয় এবং গর্ভোদকশায়ী ও ক্ষীরোদশায়ী পুরুষ ইহার অংশ। ইনি মৎস কুর্মাদি অবতারের অঙ্গী এবং প্রকৃতির আধার ও আধেয় হইয়াও প্রকৃতির সহিত ইহার স্পর্শ নাই। কারণার্থবশায়ী পুরুষ প্রত্যেক ব্রহ্মাণ্ডে প্রবেশ করিয়া স্বীয় স্বেদজলে অর্ধেক ব্রহ্মাণ্ড পূর্ণ করিয়া অনন্ত শয্যায় শয়ন করেন এবং গর্ভোদকশায়ী বিত্তীয় পুরুষ রূপে পরিচিত হন। গর্ভোদশায়ী ব্যষ্টি ব্রহ্মাণ্ডের অস্তর্ধায়ী। ইহার নাভিপদ্ম হইতে ব্যষ্টি জীব অষ্টা ব্রহ্মার উন্নতি। ইনি ব্রহ্মারূপে ব্যষ্টি স্থষ্টি, বিষ্ণুরূপে জগৎ পালন এবং বন্দুরূপে স্থষ্টি সংহার করেন। ইনি হিরণ্যগঞ্জ-অস্তর্ধায়ী, সহস্রশীর্ষ, মায়ার আশ্রয় হইয়াও মায়াতীত। ইনিই আবাহ তৃতীয় পুরুষ ক্ষীরোদশায়ী চতুর্ভুজ বিষ্ণুরূপে ব্যষ্টি জীবের অস্তর্ধায়ী এবং অগতের পালনকর্তা। ক্ষীরোদ সমন্বের অস্তর্গত শ্বেতস্বীপ ইহার নিজ ধাম বলিয়া ইহাকে ক্ষীরোদশায়ী বিষ্ণু বলে। ইনি প্রতি যুগে ও প্রতি যমস্তৱে নামা অবতার রূপে ধর্ম সংহাপন ও অধর্ম সংহার করেন (চৈ. চ. ১।।।৪০, ১।।।৬৪-৬৯, ১।।।৭৮, ২।।।০।।।২৩০-৫৩)।

কারণার্থ, **কারণ সমুজ্জ**—বিমুজ্জ। সিঙ্গ লোকের বাহিরে যে চিন্ময়

জলপূর্ণ সমুদ্র পরিখাকারে পরব্যোমকে বেষ্টন করিয়া আছে। ইহা নিত্য, চিমুয়, ‘সর্বগ, অনন্ত, বিভু, কৃষ্ণ তমুসম’। ইহারই এক কণিকা—পতিত পাবলী গঙ্গা। (চৈ. চ. ১৫১৪৩-৪১)।

কার্লিকর—শিল্পী (চৈ. চ. ৩১১৪১৪১)।

কার্লগ্য—করণ। পরহংখ সহ করিতে অসমর্থ্যক্তিকে করণ বলে। করণের ভাব কারণ (ভ.র.সি. ২১১৬৪ চৈ. চ. ২৮১১২৮)।

কারে—কাহাকেও (চৈ. চ. ১৫১৪২); কাহারও নিকটে (চৈ. চ. ১১৭১২৬)।

কালসাম্য—তুল্যধর্ম বিশিষ্ট সময় বর্ণনা প্রসঙ্গ (চৈ. চ. ৩১১১৮)।

কালাকৃষ্ণনাস—শুক কুলীন আক্ষণ। নিত্যানন্দ শাখা। বর্ধমান জেলায় কাটোয়ার নিকটবর্তী আকাহি হাটে শ্রীপাট। মহাপ্রভুর দক্ষিণ দেশ যাত্রার সঙ্গী। ইনি দাদশ গোপালের একতম; ব্রজের লক্ষ্ম সন্ম।

কার্ত্তা—মর্যাদা; নিত্যাধার (ভাঃ ১১১২৩)।

কালিন্দাস—রঘুনাথ দাস গোষ্ঠীর জ্ঞাতি খূড়া। কায়ন্ত। সপ্তগ্রামে শ্রীপাট। বৈষ্ণবের পদবজে ও বৈষ্ণবের উচ্ছিষ্টে ইহার অচলা নিষ্ঠা ছিল।

কালিঙ্গী—যমনা নদী।

কাশী—উত্তরপ্রদেশে অবস্থিত প্রসিদ্ধ তীর্থস্থান। বারাণসী।

কাশীমিঞ্চি—উৎকলবাসী আক্ষণ। উৎকলের রাজা প্রতাপ কল্পের শুক ও শ্রীজগম্বাথের সেবার অধ্যক্ষ। ইহারই গৃহস্থিত গঙ্গারায় মহাপ্রভু অবস্থান করিতেন। মহাপ্রভুর প্রিয় সেবক।

কাশীখর গোষ্ঠাঞ্জি—শ্রীপাদ ঈশ্বরপুরীর শিষ্য ও সেবক। পুরী গোষ্ঠামৌর নির্ধানের পর তাহার আদেশে ইনি নীলাচলে আসিয়া মহাপ্রভুর সেবা করিতে থাকেন।

কাহা—কোথায় (চৈ. চ. ১৯১০২), কি (চৈ. চ. ৩৬৩৩৫), কাহাও (চৈ. চ. ২১২১৫)। **কাহা কাহা**—কি কি (চৈ. চ. ২৪১১১২), **কাহাতে**—কোনও স্থানে (চৈ. চ. ৩১১৬১), **কাহামো**—কাহারও সহিত (চৈ. চ. ২১২১৫), **কাহে**—কেন (চৈ. চ. ১১২১৪৭), **কাহো**—কোনও স্থানে (চৈ. চ. ১৫১১১১), **কাহো**—কোনও স্থানে (চৈ. চ. ২২৫১২১৯)।

কিঞ্জক—কেশর (ভাঃ ৩১৫১৩, চৈ. চ. ২১৭১৯ প্লোঃ)।

কিঞ্চব—শঠ (ভাঃ ১০৩১১৬)।

কিলকিঞ্চিত—অলসার দ্রঃ।

কিলিষ—পাপ (গী. ৩১৩)।

କୀତା—କୌଟ, ପୋକା (ଚେ. ଚ. ୨୧୧୩୩-୭୫) ।

କୁଞ୍ଜା—ଜଳପାତ୍ର ବିଶେଷ (ଚୈ. ଚ. ୩୬୧୨୯୦) ।

କୁଡ଼ା—ଶ୍ରୀ ଜୁଣ ଥଣ (୮୦. ଚ. ୨୧୨୧୧୨୮) ।

କୁଟ୍ଟମିତ—ଅଲକାର ଦ୍ରୁଃ ।

କୁଡ଼ାଙ୍ଗ—କୁଡ଼ାଙ୍ଗ (ଉ. ନୀ. ସଥୀ—୪) ।

କୁଣ୍ଡିକା—ଭାଗ (ପେ. ଚ. ୨୧୩୧୫୦) ।

କୁଣ୍ଡଳ—୧. ସ୍ତତି ପାଠକ ; ୨. ନଟ, ଅଭିନେତା ।

କୁଆର ହଟ୍—ବର୍ତ୍ତମାନ ୨୪ ପରଗଣୀ ଜେଲାର ହାଲି-ଶହର । ଶ୍ରୀପାଦ ଈଶ୍ଵର ପୁରୀର ଆବିର୍ତ୍ତିବ ସ୍ଥାନ । ମହାପ୍ରଭୁର ସମ୍ୟାସେର ପର ଶ୍ରୀବାସ ପଣ୍ଡିତଙ୍କୁ ଏହି ହାନେ ଆସିଯାବାସ କରିଯା ଛିଲେନ ।

କୁମାରିଲ ଶ୍ଟ୍ରେ—ପୂର୍ବ ମୀମାଂସାବାଦୀ ଶ୍ରେଷ୍ଠ ପଣ୍ଡିତ । ଇନି ଖୃଷ୍ଟୀୟ ଅଞ୍ଚଳ ଶତାବ୍ଦୀରେ ବୌଦ୍ଧ ଧର୍ମର ବିକ୍ରିତ ପ୍ରଭାବ ହିତେ ଦେଶକେ ଉଦ୍ଧାର କରେନ । ପୂର୍ବ ମୀମାଂସାର ଭାଷ୍ୟ ଓ ବୈଦିକ ଦେବତତ ବ୍ୟାଖ୍ୟା ଇହାର ପ୍ରଧାନ କର୍ମକ୍ରତି । କଥିତ ଆଛେ ଇନି ଛାଗବେଶେ ବୌଦ୍ଧ ଗୁରୁଙ ନିକଟେ ବୌଦ୍ଧ ଶାସ୍ତ୍ର ଅଧ୍ୟୟନ କରେନ ଏବଂ ପ୍ରକାଶ ବିଚାରେ ଗୁରୁଦେବକେ ପରାଜିତ କରେନ । ବିଚାରେର ସର୍ତ୍ତ ଅହୁମାରେ ବୌଦ୍ଧଗୁରୁ ବିଚାରେ ପରାଜିତ ହିୟା ଯୁତ୍ୟାବନ୍ଧ କରେନ । ଇହାର ପ୍ରାୟଶିତ୍ତ ସ୍ଵରୂପ ଇନି ନିଜେକେ ତୁଥାନଲେ ଦଶ କରେନ । ଏହି ଅବସ୍ଥାର ଶକ୍ତରାତରେ ସହିତ ଇହାର ସାକ୍ଷାତ ହସ । ଇହାର ପରାମର୍ଶେ ଶକ୍ତ କୁମାରିଲେର ଶ୍ରେଷ୍ଠ ଶିଖ୍ୟ ମତ୍ତୁମ ମିଶ୍ରକେ ବିଚାରେ ଆହ୍ସାନ କରେନ ଏବଂ ମତ୍ତୁମ ପରାଜିତ ହିଲେ ତୋହାକେ ଶିଶ୍ୱକୁପେ ସନ୍ଧ୍ୟାମୀ ସଜ୍ଜେ ଗ୍ରହଣ କରେନ ।

କୁଳପଦ୍ଧତି— ଏହା ମନୋଗ୍ରହିତ ଧ୍ୟାନଶ ବନେର ଏକଟି ବନ ।

କୁରୁକ୍ଷେତ୍ର — କଲିକାତା ହିତେ ୧,୦୫୧ ମାଇଲ ଦୂରବତୀ ଥାନେଶ୍ଵର ଟେଶନ । ଏଥାନେ ମହାଭାଗିତେ ଉପ୍ଲିଥିତ କୁରୁପାଣିବେଳ ସ୍ମୃତ ହିଁଯାଇଲି । ଶ୍ରୀକୃଷ୍ଣ ଏହି ସ୍ଥାନେଇ ଅଞ୍ଜନେବ ନିକଟେ ଶ୍ରୀମଦ୍ଭଗବତୀତା ପ୍ରକାଶ କରିଯାଇଲେନ । ପୂର୍ବେ ଏହି ସ୍ଥାନ ଶୁଭମ୍ଭାବମୁକ୍ତ ପକ୍ଷକ ନାମେ ଖ୍ୟାତ ଛିଲ । ପରମାମ ପୃଥିବୀ ନିଃକ୍ଷତ୍ରିତ କରିଯା ଏଥାନେ ପାଚଟି ଶୋଣିତ-ପୂର୍ଣ୍ଣ ହୃଦ ପ୍ରସ୍ତତ କରିଯାଇଲେନ । ପରେ ଖବିଗଣେର ବରେ ଇହା ତୀର୍ଥକ୍ଷେତ୍ରେ ପରିଣତ ହସ । ଏବଂ ମହାରାଜ କୁରୁ ଏହି କ୍ଷେତ୍ରକେ କର୍ଣ୍ଣ କରାଇଯାଇଲେନ ବଲିଯା ଇହା କୁରୁକ୍ଷେତ୍ର ନାମେ ପରିଚିତ ହସ । କୁରୁକ୍ଷେତ୍ରର ସ୍ମରେ ପୂର୍ବେ କୋନ ଏକ ଶୂର୍ଯ୍ୟଗ୍ରହଣ ଉପଲବ୍ଧ୍ୟ ଶ୍ରୀକୃଷ୍ଣ ଶୁଭମ୍ଭାବ ପକ୍ଷକ ତୀର୍ଥକ୍ଷେତ୍ରେ ଗିଯାଇଲେନ ଏବଂ ସେଇ ସ୍ଥାନେ ଶ୍ରୀରାଧିକାଦିର ସହିତ ତୋତାର ସାଙ୍କ୍ଷାଂ ହିଁଯାଇଲି ।

କୁଳବନ୍ଧ ଉତ୍ସୁ—କୁଳାଳନା । କୁଳବନ୍ଧ ଉତ୍ସୁ ଧର୍ମ—ସତୀଷ ଧର୍ମ (ବି. ଶା. ୧୧୦୩ ;—
ଚେ. ଚ. ୩୧୨୩ ଜ୍ଞାଃ) ।

কুলিয়া—নবদ্বীপ গঙ্গার যে তীরে, তাহার অপর তীরের একটি গ্রাম। প্রাচীন নবদ্বীপের অধিকাংশই এখন গঙ্গাগভে। বর্তমান সাতকুলিয়াই কুলিয়া বলিয়া অস্থিত হয়।

কুলিমগ্রাম—বর্তমান জেলায়, মহাপ্রভুর ভক্ত শুণগোজ খান ও রামানন্দ বস্ত্র বাসস্থান। শ্রীল হরিদাস ঠাকুরও কিছুকাল কুলিমগ্রামে ছিলেন।

কুশাবর্তু—নাসিকের নিকটবর্তী। পশ্চিমঘাট বা সহান্তি কুশট বা কুশাবর্তু নামক প্রদেশ হইতে গোদাবরী নদীর উৎস। (চৈ. চ. ২১৯২৮৯)।

কুহক—ঐন্দ্রজালিক, যাহারা পুরুল নাচায়।

কুষ্টকর্ণ কপাল—দক্ষিণ ভারতে তাঙ্গোর জেলার অস্তর্গত বর্তমান কুষ্টকোনম।

কুটপু—১. নিবিকার, গৃঢ়, চিরস্থায়ী (গী. ৬১৮); ২. কৃটে মায়া প্রপঞ্চে অধিষ্ঠানদেন অবস্থিতম্ স্থায়ী; মায়াধিষ্ঠিত (গী. ১২১৩)। **কুট**—মিথ্যা হইয়াও যাহা সত্যবৎ প্রতীত।

কুর্প—কক্ষ (ভাঃ ১০। ৭। ১। ১৯, চৈ. চ. ১। ৪। ২৬ শ্লোঃ)।

কুর্পর—অধীন, দাস, ভৃত্য (চৈ. চ. ২। ১। ১। ৮২)।

কুর্মক্ষেত্র—বর্তমান শ্রীকুর্মম। দক্ষিণ ভারতের গঙ্গাম জেলায় সমুদ্রের ধারে চিকাকোল হইতে ৮ মাইল পূর্বদিকে। শ্রীবিষ্ণুর কূর্ম অবতার মন্দিরের জন্ম বিথাত।

কুত—১. সত্যবুঝ (ভাঃ ১২। ৩। ৫২); ২. যাহা করা হইয়াছে, সম্পাদিত; ৩. শিক্ষিত।

কুতক্ষণ—১. কৃতকর্মাদি বিষয়ে অভিজ্ঞ; কৃতকর্ম যিনি জানেন (চৈ. চ. ২। ২। ২। ১। ১); ২. উপকারীর উপকার স্বীকারকারী।

কুতমালা—নদী। বর্তমান নাম ভাইগ়া বা ভাগাই। মলয় পর্বত হইতে উৎপন্ন। মাছরা সহুর ইহার তীরে অবস্থিত। শ্রীচৈতন্ত ইহার পবিত্র অল্পে আন করিয়াছিলেন।

কুৎস্তকর্মকৃৎ—(কুৎস্ত—সকল) সর্বকর্মের অনুষ্ঠাতা; সর্বকর্মকারী—(গী. ৪। ১৮)। **কুৎস্তবিত্ত**—আনী, সর্বজ (গী. ৩। ২। ৯)।

কুপণ—১. শুদ্ধাশয়, দীন, কাতৰ (গী. ২। ৪। ৯ শ্লোঃ, ভাঃ ১০। ৩। ০। ৩। ৯, (চৈ. চ. ১। ৬। ১। ০ শ্লোঃ); ২. ব্যঞ্জকৃষ্ট; ৩. যো বা এতদক্ষয়ং গার্গি অবিদিষ্মা অস্মাদ্ব লোকাদ প্রেতি স কুপণঃ।—(বৃহঃ উপ. ৩। ৮। ১। ০) অর্থাৎ যিনি এই অক্ষর অঙ্কাকে না আনিয়া ইহলোক হইতে প্রাণ করেন তিনি কুপণ (গী. ২। ৭)।

কুশ—দেবকীর অষ্টম গর্জাত পুত্র। পিতা বস্ত্রদেব। ইনি শৈশবে গোকুলে

নন্দগোপের গৃহে যশোদার পুত্রকে পালিত হন। ইহার লৌকিক জীবন-
অধানতঃ তিনি ভাগে বিভক্ত, যথা—অজলীলা, মথুরালীলা ও অস্ত্যলীলা (ঘারকা
ও প্রভাস লীলা)। শকট ভঙ্গ, পুত্রনাবধ, যমলাজুন ভঙ্গ, কালিয় দমন,
ধেৰুক—প্রলম্বস্থুর বধ, গিরিয়জ্ঞ, গোবর্ধন ধারণ, অরিষ্ট বধ, রামলীলা প্রভৃতি
অজলীলার অন্তর্গত। কেশীবধ, ধৃতভঙ্গ, কুবলয়াপীড় বধ, কংসবধ, উগ্রসেনের
অভিযোক, বিষাধ্যয়ন প্রভৃতি মথুরালীলা। মহাভারত বণিত কুরু পাণব
সংবর্মে এবং জরাসন্ধবধ, যুধিষ্ঠিরের রাজস্থ যজ্ঞ প্রভৃতিতে ইনি পাণব সহায়।
কুরুক্ষেত্র যুক্তে ইনি পার্থ সারাধি। অস্ত্যলীলায় যদুবংশ ধৰ্মস ও যোগাবিষ্ট
অবস্থায় ব্যাধশরে লীলাবসান। গৌড়ীয় বৈষ্ণব মতে যদুবংশ ধৰ্মস ও ব্যাধ
শরে কুফের দেহাবসান কুফের মায়া বা ছল। প্রকৃত ঘটনা তাহা নহে।
ইহার বিবরণ মহাভারত, হরিবংশ, বিষ্ণুপুরাণ, পদ্মপুরাণ, ব্রহ্মপুরাণ, ব্রহ্ম
পুরাণ, শ্রীমদ্ভাগবত, দেবীভাগবত, গুরুত পুরাণ, ব্রহ্মবৈবর্তপুরাণ, স্বল্পপুরাণ,
কৃমপুরাণ, আদি পুরাণ ও অন্যান্য প্রাচীন গ্রন্থে বিস্তৃত হইয়াছে। মহাভারতের
ভৌগ পর্বের অন্তর্গত শ্রীমদ্ভগবদ্গীতা পদ্মনাভ শ্রীকৃষ্ণের মৃগপন্থ বিনিঃসৃত।
যিনি ইহাকে যে ভাবে ও যতটুকু দেগিয়াছেন, ততটুকু বিবৃত করিয়াছেন।
গৌড়ীয় বৈষ্ণব মতে ‘কুষ্ঠস্ত ভবগবান্ স্বয়ঃ’—(ভাৎ ১৩।২৮, চৈ. চ.
১১।১৩ শ্লোঃ)। ইনি সমস্ত অবতারের অবতারী। ব্রহ্ম সংহিতা (৫।১)
মতে—শ্রীকৃষ্ণ পরমেশ্বর,—সচিদানন্দ বিশ্বাহ, অনাদি কিঞ্চ সকলের আদি,
গোবিন্দ এবং সমস্ত কারণের কারণ।

কুষ্ঠ শব্দের অর্থঃ—কুষ্ঠভূত্বাচকঃ শব্দে গৃহ নিয়ুক্তি বাচকঃ।

তয়োরৈকঃ পরং ব্রহ্ম কুষ্ঠ ইত্যাভিধীয়তে ॥—

(মহাভারত উত্তোগ পর্ব ৭।১।৪, চৈ. চ. ২।২৯।৪ শ্লোঃ)।

কুষ্ঠ—কুষ + ন + ক। কুষিভূত্বাচক অর্থাৎ সন্তানাচক আৱ ‘গ’ নিয়ুক্তি বাচক
অর্থাৎ আনন্দ বাচক শব্দ। এই উভয় শব্দের ঐক্যে বা মিলনে কুষ্ঠশব্দ নিষ্পন্ন।
অতএব কুষ্ঠ শব্দে সৎ স্বরূপ ও আনন্দ স্বরূপ পরব্রহ্মকে বুৰায়। অপর অর্থ—
কুষি শব্দের অর্থ সংসার ও গ শব্দের অর্থ নিয়ুক্তি বা ঘোচন কৰা। অতএব
যিনি সংসার হইতে ঘোচন (অর্থাৎ উদ্ধার) কৰেন, সেই পরব্রহ্মকেই কুষ্ঠ
বলে। **অপৰা—**কৰ্যয়েৎ সর্বং জগৎ স্থাবরজন্মম্।

কালক্রমেন ভগবাংস্তেনায়ঃ কুষ্ঠ উচ্যাতে ॥—অর্থাৎ স্থাবর-
জন্মাত্মক সমস্ত জগৎকে, সমস্ত শক্তিবর্গকে এমন কি নিজেকে পর্যন্ত যিনি
আকর্ষণ কৱিতে সমর্থ, সেই আনন্দ বিশ্বাহ শ্রীকৃষ্ণ।—(বৃহৎ গোত্তঃ)। বিভিন্ন

স্বরূপে কৃষ্ণের বিভিন্ন লীলার মধ্যে মরলীলাই সর্বোত্তম । এই লীলায় তাহার স্বরূপ নয়বপু এবং তিনি গোপবেশ, বেণুকুর, নবকিশোর, নটবর । ব্রজলীলার তিনি দ্বিতীয় । অন্যান্য স্বরূপে কথনও দ্বিতীয় কথনও চতুর্ভুজ ।

কৃষ্ণধার্ম শঙ্খ—“ক্রাণে মধ্যে চতুর্দশ ভূবন—সপ্তস্তর্গ ও সপ্ত পাতাল । তাহার বাহিরে প্রকৃতির আটটি আবরণ, তাহার পর বিরাজা, কারণ সমুদ্র । তনুর্ধে সিঙ্গ লেক, সায়জ্যমুক্তিস্থান অথবা নিবিশেষ জ্যোতির্ময় লোক, সিঙ্গ লোকের উর্বে পরবোম ; শ্রীকৃষ্ণের বিলাস মূর্তি—শ্রীনারায়ণ ইচ্ছার অধিপতি । পরবোমে মৎস্য কৃষ্ণাদি অনন্ত ভগবৎ স্বরূপ স্ব পরিকরণগণের সহিত বিহার করেন । ঈশাদের প্রতোকেরই ভিন্ন বৈকুণ্ঠ আছে—কাজেই—পরবোমে অনন্ত বৈকুণ্ঠের সংষ্ঠিতি । যে ভগবৎ স্বরূপ যখন প্রাকৃত ব্রাহ্মণে প্রকট বিহার করিতে ইচ্ছুক হন, তখন ধার্ম পরিকরাদির সহিত তিনি আবিষ্ট হয়েন । সন্দ পুরাণে উক্ত আছে যে প্রত্যোক ভগবদ্ধামই বৈকুণ্ঠে ও পৃথিবীতে—উপরে ও নীচে—স্থিত আছে । একই শ্রীকৃষ্ণ যেমন যুগপৎ বহু প্রকাশ মূর্তি ধরিতে পারেন, তদ্বপু ধার্ম ও যুগপৎ এই ব্রজাদে বিরাজমান থাকিতে কোনই বাধা হয় না । ভগবদ্ধাম—সর্বগ, অনন্ত, বিভূতি ও শ্রীকৃষ্ণতত্ত্ব সম । শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ বলিয়া যেখন পরমতম স্বরূপ, তদ্বপু তদীয় ধার্ম ও সর্বোপরি বিরাজমান । সর্বোপরি বিরাজ করিলেও শ্রীবৃন্দাবনাদি শ্রীকৃষ্ণধার্মত্বাত্মক তদীয় ইচ্ছায় এই পৃথিবীতেও অভিন্ন ক্লপে প্রকাশ পান । ধার্মত্বের তত্ত্বতঃ অভিন্নতা থাকিলেও লীলা মাধুরী প্রকটনের তারতম্যে শ্রীকৃষ্ণ স্বরূপবৎ তারতম্য উজ্জ্বল করেন । শ্রীবজেন্দ্র নন্দন—স্বরূপে যেমন শ্রীকৃষ্ণের অন্য সাধারণ মাধুরী প্রকটিত হয়, তদ্বপু শ্রীবৃন্দাবন ও অসমোর্ধ্ব ধার্ম বলিয়া স্বীকার্য । আবার উপরিতম গোলোক সৃন্দাবন হইতেও ভৌম গোকুলের অধিকতর মাধুরী রসগ্রাস সমূহে সিঙ্গাস্তিত হইয়াছে । ভৌম ধার্ম ও প্রপঞ্চাত্মীত, নিতা, অলৌকিক এবং শ্রীভগবানের নিত্য বিহার ভূমি । কদাচিত এই অপ্রাকৃত গোলককে লক্ষ্য করিয়াই শাস্ত্রে হালোক, স্বর্গ, কাষ্ঠা ইত্যাদি শব্দ ব্যবহৃত হইয়াছে ।

ধার্মের প্রকাশ দ্বিধি—অপ্রকট ও প্রকট । প্রাপক্ষিক লোকের অগোচর হইলে অপ্রকট এবং তদগোচর হইলে প্রকট প্রকাশ বলা হয় । অপ্রকট প্রকাশে ধার্ম পৃথিবীত হইলেও অন্তর্ধান শক্তি বলে তাহাকে স্পর্শ না করিয়াই বিরাজ করেন, পক্ষান্তরে প্রকট প্রকাশে কৃপা করিয়া ঐ ধার্ম পৃথিবীকে স্পর্শ করিয়াই ধাকেন, লীলার অপ্রকট কালে দর্শন পার্থিব চক্রতে সম্বপ্ত নহে, প্রকট কালের যথাযথ দর্শনও কৃপা সাপেক্ষ । প্রকট প্রকাশে শ্রীকৃষ্ণ বিহার

କରିଲେ ଇଚ୍ଛକ ହିଲେ ଧାର ଶୃଷ୍ଟ ପୃଥିବୀକେ ସ୍ଥିକାର କରେନ । ଆବାର ଅପ୍ରକଟ କାଳେ ଧାରା ଯେମନ ପୃଥିବୀକେ ଶର୍ପ ନା କରିଯାଇ ବିରାଜ କରେନ, ଶ୍ରୀକୃଷ୍ଣ ତତ୍ତ୍ଵପ ପୃଥିବୀର ଅମ୍ପର୍ଶେ ବିରାଜଯାନ ଥାକେନ । ଏହି ଦୁଇ ପ୍ରକାଶ ସମ୍ବନ୍ଧେ କଥନାର ଭେଦେ, କଥନାର ବା ଅଭେଦେ ବିବରଣ୍ୟ ହୁଏ” ।—ବୈ. ଅ. ।

କୁକୁର ଚତୁର୍ବତ୍ତି ଶୁଣ—ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେ ଶୁଣ ଅନ୍ତର୍ଗତ, ଇହାର ମଧ୍ୟେ ୬୪ଟି ପ୍ରଧାନ (ଚୈ. ଚ. ୨୧୩୧୪୬) । ଭକ୍ତିରସାମ୍ଯତ ସିନ୍ଧୁ ଦକ୍ଷିଣ ବିଭାଗେ, ବିଭାବ ଲହରୀତେ (୨୧୧୧-୧୨) ଇହା ବିବୃତ ହିଲାଛେ ଏବଂ ଚୈ. ଚ. ୨୧୩୧୨୪-୩୮ ପ୍ଲୋକେ ଉଚ୍ଛବ୍ରତ ହିଲାଛେ । ଶୁଣଶୁଣି ଚାରିଭାଗେ ବିଭିନ୍ନ । ନିଶ୍ଚଲିଥିତ ପଞ୍ଚାଶଟିଶୁଣ ଏକମାତ୍ର ପୁରୁଷୋତ୍ତମ ଶ୍ରୀକୃଷ୍ଣଙ୍କେଇ ପରିପୂର୍ଣ୍ଣ ରୂପେ ପ୍ରକାଶିତ, ସାଧାରଣ ଜୀବେ ସଭ୍ବପର ନହେ; ତବେ କୋମ କୋନ ଜୀବେ ଶୁଣେର ବିନ୍ଦୁ ବିନ୍ଦୁ ଅର୍ଥାତ୍ ଆଭାସ ମାତ୍ର ଦୃଷ୍ଟ ହୁଏ । ଯଥ—ନାରକ ଶ୍ରୀକୃଷ୍ଣ—୧. ଶୁରମ୍ୟାଙ୍ଗ (ଇହାର ଅନ୍ତ ସମ୍ବିନ୍ଦ୍ରିୟ ଅତ୍ୟନ୍ତ ରମଣୀୟ), ୨. ସର୍ବସଙ୍କଳ-ଗାସିତ (ଇନି ସମ୍ପତ୍ତ ସ୍ତର ଲକ୍ଷଣ ମୁକ୍ତ), ୩. କଟିର (ନୟନାଭିରାମ), ୪. ତେଜ-ଶାସିତ, ୫. ବଳୀହାନ୍, ୬. ବସନ୍ତାଶିତ (ନବ କିଶୋର), ୭. ବିବିଧ ଅନ୍ତ୍ର ଭାଷାବିଳ, ୮. ସତ୍ୟବାକ୍ (ଇହାର ବାକ୍ୟ କଥନାର ମିଥ୍ୟା ହୁଏ ନା), ୯. ପ୍ରିୟବଦ, ୧୦. ବାବନ୍ଦୁକ (ଇହାର ବାକ୍ୟ ଶ୍ରୀମତୀ ଓ ସର୍ବଗାସିତ), ୧୧. ଶ୍ଵପଣିତ, ୧୨. ସୁକ୍ରିଯାନ୍, ୧୩. ପ୍ରତିଭାଶିତ, ୧୪. ବିଦନ୍ଧ (ଚୌଷଟି ବିଶ୍ଵାସ ଓ ବିଲାସାଦିତେ ନିପୁଣ), ୧୫. ଚତୁର (ଏକଇ ସମୟେ ବହ କାର୍ଯ୍ୟ ସାଧନେ ସମର୍ଥ), ୧୬. ଦର୍ଶକ, ୧୭. କୁତ୍ତଙ୍କ (ଅନ୍ତର୍ଗତ ଦେବାଦି କାର୍ଯ୍ୟ ଜୀବିତେ ସମର୍ଥ), ୧୮. ଶୁଦ୍ଧଚରତ, ୧୯. ଦେଶକାଳ ଶୁପାତ୍ରଙ୍ଗ (ଦେଶକାଳ ପାଆନ୍ତୁମାରେ କାଜେ ନିପୁଣ), ୨୦. ଶାନ୍ତ-ଚକ୍ର (ଶାନ୍ତାନୁମାରେ କର୍ମ କରେନ), ୨୧. ଶୁଚି, ୨୨. ବଶୀ (ଜିତେନ୍ଦ୍ରିୟ), ୨୩. ହିର, ୨୪. ଦାନ୍ତ (ଦୁଃଖ ହିଲେଓ କ୍ଲେଶ ସହମଣୀୟ), ୨୫. କ୍ଷମାଶୀଳ, ୨୬. ଗଞ୍ଜୀର, ୨୭. ଧୂତମାନ (ପୂର୍ଣ୍ଣକାମ ଓ କ୍ଷୋଭେର କାରଣ ସହେଓ କ୍ଷୋଭଶୂନ୍ୟ), ୨୮. ସମ (ରାଗଦେଶ୍ୱର୍ଣ୍ଣା), ୨୯. ବଦାନ୍ତ, ୩୦. ଧାର୍ମିକ, ୩୧. ଶୂର (ଯୁଦ୍ଧ ଉତ୍ସାହୀ ଓ ଅନ୍ତ ପ୍ରୋଗେ ନିପୁଣ), ୩୨. କର୍କଣ (ପର ଦୁଃଖେ ଅନ୍ତହିସ୍ତୁ), ୩୩. ମାନ୍ଦ୍ରମାନକ୍ରୁଦ୍ଧ (ଶୁଣ, ବ୍ରାହ୍ମଣ ଓ ବୃକ୍ଷାଦିର ପୂଜକ), ୩୪. ଦକ୍ଷିଣ (ଶୁଦ୍ଧଭାବ ବଶତଃ କୋମଳଚରିତ), ୩୫. ବିନ୍ଦୀ, ୩୬. ହୀରାନ୍ (ସ୍ଥିର କ୍ଷତିବେ ସଙ୍କୁଚିତ), ୩୭. ଶରଣାଗତ ପାଳକ, ୩୮. ଶୁଧୀ, ୩୯. ଡକ୍ଷମହାଦୁ, ୪୦. ପ୍ରେମବଶ, ୪୧. ସର୍ବଶୁଦ୍ଧର (ସକଳେର ହିତକାରୀ), ୪୨. ଶ୍ରୀତାମୀ, ୪୩. କୌରିତମାନ, ୪୪. ରଙ୍ଗଲୋକ (ସକଳ ଲୋକେର ଅଭ୍ୟାସଗେର ପାତ୍ର), ୪୫. ସାଧୁ ସମାଧିଯ, ୪୬. ନାରୀଗଣ ମନୋହାରୀ, ୪୭. ସର୍ବାଗ୍ରାଧ୍ୟ, ୪୮. ଶୁକ୍ରିଯାନ୍, ୪୯. ରବୀହାନ୍ (ସର୍ବଶ୍ରେଷ୍ଠ) ଏବଂ ୫୦. ଈଶ୍ଵର (ଇନି ଅତ୍ୟନ୍ତ ଓ ଇହାର ଆଜ୍ଞା କୁର୍ଯ୍ୟାଙ୍କ୍ୟ) ।

গিরিশাদিতে (শিবাদিতে) অংশতঃ বিষ্ঠমান् থাকিলেও নিম্নলিখিত পাঁচটিগুণ শ্রীকৃষ্ণেই পরিপূর্ণ রূপে বিরাজিত, যথা—১. সদাচরণ সম্মাপ্ত (সর্বদা স্বরূপে বিরাজিত), ২. সর্বজ্ঞ, ৩. নৃতন, ৪. সচিদানন্দ সাক্ষাৎ (সৎ, চিৎ ও আনন্দ ব্যতীত অন্ত বস্তুর স্পর্শও তাঁহাতে নাই), ৫. সর্বসিদ্ধি নিয়েবিত (সমস্ত সিদ্ধি তাঁহাকে সেবা করে) ।

নিম্নলিখিত পাঁচটি গুণ নারায়ণাদিতে দৃষ্ট হইলেও শ্রীকৃষ্ণে অঙ্গুত ভাবে বিষ্ঠমান । যথা—৬. অবিচ্ছ্য যহাশক্তি (ইহার মহাশক্তি চিন্তার অভীত), ৭. কোটি-ত্রিশাশ-বিগ্রহ (ইহার দেহ কোটি ত্রিশাশ ব্যাপিয়া অবস্থিত), ৮. অবতারাবলী বীজ (অবতার সমূহের মূল, অবতারী), ৯. হতারি-গতি-দায়ক (নিপাতিত শত্রুর মৃত্তিদাতা), ১০. আআরামগণকযী (আআনন্দে বিভোর মুণ্ডিগণের চিন্ত আকর্ষণকারী) ।

নিম্নের চারিটি অসাধারণ গুণ চরাচরের বিশ্ব, এমনটি আর কোন স্বরূপে নাই, যথা—১. লীলামাধুর্য, ২. প্রেমমাধুর্য, ৩. বেণুমাধুর্য ও ৪. রূপ-মাধুর্য ।

কৃষ্ণের ষড়বিধি বিজ্ঞাস—ষয়ংকৃপ, ব্যতীত শ্রীকৃষ্ণ সাধারণতঃ আরো ছয় রূপে বিজ্ঞাস করেন, যথা—প্রাত্ব ও বৈত্ব দুইটি প্রকাশ রূপে ; অংশ ও শক্ত্যাবেশ,—দ্বিবিধি অবতার রূপে ; এবং বাল্য ও পৌগণ দুইটি দেহ ধর্মে । (চৈ. চ. ১২।৮০-৮৩) ।

স্বয়ংকৃপে—শ্রীকৃষ্ণ অজে গোপমূর্তি,—গোপবেশ, বেশুকর, নব কিশোর, নটবর । **স্বয়ংকৃপ**—অন্ত নিরপেক্ষ স্বয়ং সিদ্ধরূপ । আকার, গুণ ও জীলায় সম্যক রূপে একরূপ থাকিয়া একই বিশ্বাহের একই সময়ে অনেক স্থানে যে আবির্ভাব, তাহাকে প্রকাশ বলে—(চৈ. চ. ১।১।৩৪ খোঃ)

প্রকাশ ছিবিধি, প্রাত্ব প্রকাশ ও বৈত্ব প্রকাশ, যথা—প্রাত্ব—বৈত্ব রূপে ছিবিধি প্রকাশে । একবপু বহুরূপ যৈছে হৈলরাসে ॥ মহিষী বিবাহে হৈল মূর্তি বহুবিধি । ‘প্রাত্ব প্রকাশ’ এই শাস্ত্রে পরমিতি—(চৈ. চ. ২।২।০।১।৪০-৪১) । একই দেহ সর্বতোভাবে সমান বহু দেহরূপে আবিষ্কৃত হইলে সেই বহু দেহের প্রত্যেককে মূল দেহের প্রাত্ব প্রকাশ বলে । রামলীলায় প্রত্যেক গোপীর পার্থে এবং দ্বাপর লীলায় ঘোল হাজার মহিষী বিবাহে শ্রীকৃষ্ণের আবির্ভাব প্রাত্ব প্রকাশ । এই প্রকাশ স্বয়ং রূপ হইতে অভেদ । একই দেহে থাকিয়া যদি ভাব ও আবেশ ভেদে বর্ণ বা অঙ্গ সংবিবেশের কিছু পার্থক্য থাকে, তবে তাহাকে বৈত্ব প্রকাশ বলে । প্রাত্ব প্রকাশ অপেক্ষা বৈত্ব প্রকাশে

শক্তির বিকাশ কিছু বেশী। স্বয়ং রূপ শ্রীকৃষ্ণ লীলা বিশেষের জন্য অন্ত আকারে প্রতিভাত হইলে এবং এই অন্ত আকারের শক্তি প্রায় স্বয়ং রূপের তুল্য হইলে, তাহাকে বিজ্ঞাস বলে। (চৈ. চ. ১১১৩৫ স্নোঃ)।

বিলাস ত্রিবিধ—প্রাঙ্গণ বিলাস ও বৈষ্ণব বিলাস। বাস্তুদেব, সমুর্ধণ, প্রদূষণ ও অনিকৃক্ষ শ্রীকৃষ্ণের প্রাঙ্গণ বিলাস। আর কেশব, মারায়ণ, মাধবাদি বৈষ্ণব বিলাস। অজে গোপবেশে বলরাম বৈষ্ণব প্রকাশ কিন্তু দ্বারকায় ক্ষত্রিয় বেশে প্রাঙ্গণ বিলাস (চৈ. চ. ২১২০। ১৫৪-১৬০)।

অংশ ও শক্ত্যাবেশের জন্য অবতার স্নঃ।

কৃষ্ণলোক—প্রকৃতির পারে মায়াতীত চিয়ায় পরব্যোগ বৈকৃত অবস্থিত। ইহার উপরে কৃষ্ণলোক বা শ্রীকৃষ্ণের ধাম। ইহার ত্রিবিধ অভিধাতি, ধর্ম—দ্বারকা, মথুরা ও গোকুল। গোকুলের অপরাপর নাম ব্রজলোক, গোলক, খেতদ্বীপ ও বৃন্দাবন। গোকুলের অবস্থিতি সর্বোপরি। ইহা মাধুর্য, ঈশ্বর ও কৃপাদির ভাগীর। এই ধর্মেই রাসাদি লীলাসার প্রকটিত হয়। সমস্ত কৃষ্ণলোক—সর্বগ, অনন্ত, বিভু, কৃষ্ণ তত্ত্ব সম। ইহার উর্বর অধের নিয়ম নাই, সর্বত্র ব্যাপিয়া আছে। শ্রীকৃষ্ণ যখন এই ব্রজাণ্ডে প্রকটিত হন, তাহার ধামও ব্রজাণ্ডে প্রকটিত হন। প্রাকৃত চর্চাক্ষে ইহা প্রাকৃত বস্ত্র ত্যায় ঘনে হইলেও সেখানকার ভূমি চিন্তায়নি ও এন কঠুন্দময়। প্রেমনেত্রে দর্শন করিলে তাহার স্বরূপ ও গোপ গোপী সঙ্গে শ্রীকৃষ্ণের লীলা বিলাস প্রকাশ পায়। (চৈ. চ. ১১১১৩-১৪, ২১২০। ১৮২-৮৩, ২২১। ৩৩-৩৪)। কৃষ্ণধাম তত্ত্ব স্নঃ।

কৃষ্ণদাস কবিরাজ—শ্রীশ্রীচৈতন্য চরিতামৃত গ্রন্থ রচয়িতা। বর্ধমান জেলার কাটোয়া মহকুমার অস্তর্গত ঝামটপুর গ্রামে জন্ম। ডক্টর দৌমেশ চন্দ্র সেন ‘বঙ্গ ভাষা ও সাহিত্যে’ লিখিয়াছেন—কবিরাজ গোস্বামীর জন্ম ১৫১৭ খ্রীষ্টাব্দে। তাহার পিতার নাম ভগীরথ, মাতার নাম সুনন্দা ও ভাস্তার নাম শ্রামদাস। পিতা কবিরাজী ব্যবসা করিতেন। অল্প বয়সেই কবিরাজ গোস্বামী পিতৃমাতৃহীন হন। এ সমস্ত তথ্য কোথা হইতে পাইয়াছেন, ডক্টর সেন লিপিবদ্ধ করেন নাই। কবিরাজ গোস্বামীর জন্মসন সমৰ্জে পাঞ্চিতগণের মধ্যে মতভেদ আছে। ডক্টর মাধা গোবিন্দ নাথের মতে আশুমানিক ১৫২৮ খ্রীঃ অব্দে কবিরাজ গোস্বামীর জন্ম। শ্রেষ্ঠ কবি হিসাবেই তিনি ‘কবিরাজ’ উপাধিতে ভূষিত হইয়াছিলেন বলিয়া অনেকের অভিযত। কবিরাজ গোস্বামী নিত্যানন্দ প্রভুর ভক্ত ছিলেন। অপ্য যোগে তাহার আদেশে কৃষ্ণদাস বৃন্দাবনে চলিয়া যান। তিনি লিখিয়াছেন—“শ্রীকৃপ, সনাতন, ভট্ট রঘুনাথ। শ্রীজীব

গোপাল ভট্ট দাস রম্যনাথ ॥”—তাহার শিক্ষা গুরু ছিলেন (চৌ. চ. ১১১১৮-১৯)। ইহাদের শিক্ষায় ও বৃদ্ধাবনের বৈষ্ণব গোস্বামীদের কৃপায় ও সাহচর্যে কৃষ্ণদাস সর্বশাস্ত্রে পারদর্শী হইয়া উঠেন এবং শীরাধা গোবিন্দের অষ্টকালীয় লীলাত্মক ‘শ্রীগোবিন্দ লীলামৃতম্’ এবং বিষ্ণুপ্রস্ত ঠাকুরকৃত শ্রীকৃষ্ণ কর্ণামৃতের ‘সারঙ্গ রম্পদা’ নামী টাকা প্রণয়ন করেন।

শ্রীমন् মহাপ্রভুর লীলা ও জীবনী সম্বন্ধে তখন পর্যন্ত যে সমস্ত গ্রন্থ ছিল, তাহাদের মধ্যে প্রধান—মূরারিগুপ্তের কড়চা (শ্রীশ্রীকৃষ্ণ চৈতামৃতম্), কবিকর্ণপুরের শ্রীচৈতামৃত চন্দ্রাদয় নাটক ও শ্রাচৈতামৃত মহাকাব্যম্, লোচনদাস ঠাকুরের শ্রীচৈতামৃত মঙ্গল এবং বৃদ্ধাবন দাস ঠাকুরের শ্রীচৈতামৃত ভাগবত। শেষোক্ত গ্রন্থ বৃদ্ধাবনবাসী বৈষ্ণবগণ শৰ্কার সহিত আগ্রাদন করিতেন। কিন্তু ইহাতে শ্রীচৈতামৃতের অস্ত্যলীলা বিশেষ না থাকায় বৈষ্ণবগণের আদেশে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী—তাহার মতে তথম—“অক্ষজরাতুর আমি অক্ষ বধিৱ। হস্ত হালে, মনোবৃক্ষি নহে ঘোৱ হিহ ॥”—(চৌ. চ. ৩২০।৮৪) হইলেও শ্রীশ্রীচৈতামৃত চরিতামৃত গ্রন্থ প্রণয়ন আরম্ভ করেন এবং নয় বৎসরের অক্রান্ত পরিশ্রমে ১৬১৫ থঃ অন্তে জ্যৈষ্ঠ মাসে প্রবিবারে কৃষ্ণপঞ্চমী তিথিতে তথাবহুল বাষটি পরিচ্ছদে এই বিশাল গ্রন্থ রচনা সমাপন করেন। এই গ্রন্থ বাংলা ভাষায় রচিত শ্রেষ্ঠ জীবন চরিত। প্রতি পরিচ্ছদে বিষয়বস্তুর উপাদান উল্লেখ করায় গ্রন্থের বৈজ্ঞানিক ভিত্তি স্বন্দৃঢ়। গ্রন্থ রচনার পর কবিরাজ গোস্বামীর তিরোভাব হয়।

কৃষ্ণদাস—শ্রীচৈতামৃত রচয়িতা কৃষ্ণদাস ব্যতীত সেই গ্রন্থে ও শ্রাচৈতামৃত ভাগবতে বার (১২) জন কৃষ্ণদাসের উল্লেখ পাওয়া যায়।
যথা—১. মহাপ্রভুর দক্ষিণ দেশ অঘণের সঙ্গী। কালাকৃষ্ণ দাস ঙ্গঃ।
(চৌ. চ. ১১০।১৪৩ ; ২।১০।৬০, ১২, ১৩)।

২. কৃষ্ণদাস পত্রিত—দেবানন্দের আতা, নিত্যানন্দ শাখা, (চৌ. চ. ১১১।৪৩)।
৩. দ্বিতীয় কৃষ্ণদাস, রাঢ়ে জন্ম, নিত্যানন্দ শাখা (চৌ. চ. ১১১।৩৩,
২।১৬।১০-১১)।

৪. কৃষ্ণদাস—অষ্টৈত শাখা (চৌ. চ. ১।১২।৬০)।

৫. কৃষ্ণদাস—নিত্যানন্দ শাখা, শৰ্দুলাস সরথিলেৰ আতা (চৌ. চ. ১।১।১২২)।

৬. অগ্রজাধ সেবক পর্ববেত্তারী কৃষ্ণদাস (চৌ. চ. ২।১০।৪০)।

৭. কৃষ্ণদাস বৈত—শ্রীচৈতামৃত শাখা (চৌ. চ. ১।১০।১০১)।

৮. কৃষ্ণদাস ব্রহ্মচারী—গদাধর শাখা (চৈ. চ. ১১২১৮৩)।
৯. কৃষ্ণদাস রাজপুত—মধুমাবাসী। বজ মণ্ডল, প্রয়াগে ও আড়েল গ্রামে অবগ কালে ইনি মহাপ্রভুর সঙ্গী ছিলেন (চৈ. চ. ২১১৮।৭৫-৮৩, ১২৮, ১৪৮-২০৮, ২১৩।৮২)।
১০. কৃষ্ণদাস হোড়—বড়গাছি নিবাসী ব্রাহ্মণ। নিত্যানন্দ শাখা। ইনি মুগ্ধমাথ দাস প্রদক্ষ চিড়া মহোৎসবে যোগদান করিয়াছিলেন (চৈ. চ. ৩৬।৬১)।
১১. কৃষ্ণদাস—অব্দেতাচার্দের দ্বিতীয় পুত্র। মহাপ্রভুর ভক্ত। (চৈ. চ. ১১২।১৬)।
১২. প্রেমী কৃষ্ণদাস—বৃন্দাবন বাসী, ভূগর্ভ গোস্বামীর শিষ্য।

কৃষ্ণবেষ্টা—নদী। সহান্ত্রি পর্বতের মহাবালেশ্বর হইতে উদ্ভূত। ইহার তীরে বিষমঙ্গল ঠাকুরের বাসস্থান ছিল।

কৃষ্ণা—১. জ্ঞাপনী; ২. দক্ষিণ ভারতের একটি পরিত্র নদী।

কেবল—১. অধিগম দ্রঃ; ২. অভিপ্র; ৩. শুক; ৪. বিকার রহিত (চৈ. চ. ২১১৯।১৬৫)। **কেবল ভ্রজোপাসক**—জ্ঞানমার্গ দ্রঃ।

কেবলারতি—যে রতিতে ঐশ্বর্য গক্ষ নাই, শুধু নিজের মমতাময় সমস্ক সর্বদা শূরিত হয়, তাহার নাম কেবলারতি—(চৈ. চ. ২১১৯।১৬৬)।

কেশব—১. কৃষ্ণ (কেশী নামক অশুরের বধকারী)—(ভাঃ ১।১।২০); ২. শ্রীরাধার কেশ বাধিয়া দেন যিনি তিনি কেশব; ৩. হরি, বিষ্ণু।

কেশবছত্তী—গোড়েখর জন্মেন সাহের কর্মচারী। মহাপ্রভু রামকেলিতে গেলে জন্মেন সাহ ইহাকে মহাপ্রভুর গতিবিধি জানার জন্য নিযুক্ত করিয়াছিলেন।

কেশব ভারতী—আঁচেতনের সম্মানার্থের শুক। কন্টক নগর বা কাটোয়ায় গৃহাতীরে ইহার আশ্রম ছিল। ইনি শশব্রাচার্য প্রবর্তিত ‘ভারতী’ সম্প্রদায়ের সন্ন্যাসী। মহাপ্রভু শুভ্যাত্মক করিয়া কাটোয়াতে গিয়া ইহার নিকটে সম্মান গ্রহণ লৈলার অভিনয় করেন।

কেশাৰতাৱ—কেশ+অবতার। কৌরোদ শায়ী বিশুব শুক ও কৃষ্ণ কেশ হইতে উৎপন্ন অবতার। আবাৱ.কেশ অৰ্থ জ্যোতিঃ। অতএব কেশাৰতাৱ অৰ্থ শুক ও কৃষ্ণছত্তি বিশিষ্ট বলৱাম ও কৃষ্ণ।

কেশীজীৰ্ণ—শ্রীবৃন্দাবনে যমুনার কেশী ঘাট।

কৈতব—অজ্ঞানাক্ষকাৰী, কপটতা, আত্মবঞ্চনা, যাহা ভগবন্তকিৰ সাধক।

অজ্ঞান তমেৱ নাম কহিয়ে কৈতব। ধৰ্ম-অৰ্থ-কাম-মোক্ষ-বাহ্য-
আদি সব। তাৰ মধ্যে মোক্ষ বাহ্য কৈতব প্ৰধান। যাহা হৈতে
কুফভঙ্গ হয় অস্তৰ্ধাৰণ। কুঞ্চ ভঙ্গিৰ বাধক যত শুভাঙ্গভ কৰ্ম।
সেহো এক জীবেৱ অজ্ঞান-তমো ধৰ্ম। (চৈ. চ. ১১১৫০-৫২)।

ভগবানেক সহিত জীবেৱ সেব্য সেবক সম্বক। তাহা ভূলিয়া ধৰ্ম, অৰ্থ, কাম
ও মোক্ষ লাভেৱ আকাঙ্ক্ষা কৈতব বা আত্মবঞ্চনা। বৰ্ণাশ্রম ধৰ্মেৱ আচৰণে
যে স্বৰ্গাদিলাভ, ধনৱত্তাদি লাভে যে আচ্ছেদিয় তৃষ্ণি, কাম অৰ্থাৎ ইচ্ছিয় তৃষ্ণিতে
যে স্থথ, মুক্তি বা ব্ৰহ্ম সায়ুজ্য লাভে যে আনন্দ তাহা কৈতব অৰ্থাৎ
কপটতা বা ঘোৱ অজ্ঞানতা প্ৰস্তুত আত্মবঞ্চনা। মানব ফল লাভেৱ আশায়
ধৰ্মকৰ্মাদিয় অমুষ্টান কৱে, হৃতৰাঃ এইসব ধৰ্মাকৰ্মাদি কৈতব। তবে
ধৰ্মকৰ্মাদিয় অমুষ্টানে হৃদয়ে ভঙ্গিৰ উৎসেক হৈতে পারে, কিন্তু মুক্তিকামী
ব্যক্তিৰ হৃদয়ে কথনও ভঙ্গিৰ স্থান নাই, কাৰণ ‘সোহহস্ম’ অৰ্থাৎ আমি সেই
অৰ্ক্ষ—এইভাৱ মনে আসিলেই মন হৈতে সেব্য সেবক ভাৱ অৰ্থাৎ ভঙ্গি দূৰ হয়,
সেজন্ত মোক্ষ লাভেৱ ইচ্ছা কৈতব প্ৰধান।

কৈশোৱ—১১শ হৈতে ১৫শ বৰ্ষ বয়ঃক্রম পৰ্যন্ত। কৈশোৱে কুক্ষেৱ নিত্যাস্থিতি
(চৈ. চ. ২১২০।৩।১৮)।

কৌমারং পঞ্চমাদ্বাস্তং পৌগণং দশমাবধি।

কৌমারমাপঞ্চদশাদ্ যৌবনস্ত ততঃপৱম। (ভাঃ ১০।১৩।৩৭ শ্ৰীধৰ
স্বামী টাকা)।

কোকড়—বাঁকা, কোকড়া (চৈ. চ. ৩।৩।১৯৭)।

কোঙৰ—কুমাৰ, পুত্ৰ (চৈ. চ. ২।২।০।১৭০)।

কোণার্ক—তৰ্কতীর্থ। বৰ্তমান নাম ‘কোনারক’। পুৱী হৈতে ১৯ মাহিল
উত্তৱে, সমুদ্রতীৱে। ইহার সূৰ্য মন্দিৰ স্থাপত্য শিল্পেৱ অপূৰ্ব নিৰ্দৰ্শন।

কোঢলী—প্রা. খ়িলৰা (চৈ. চ. ৩।১।০।২।১)।

কোথাকে—প্রা. কোথায় (চৈ. চ. ২।৩।২।২)।

কোমপাকে—প্রা. কোনও প্ৰকাৰে (চৈ. চ. ১।১।২।২৮)।

কোলাপুৰ—বোঝাই প্ৰদেশেৱ একটি রাজ্য। এখানে অনেক দেৱমন্দিৰ
আছে (চৈ. চ. ২।৩।২।৫৪)।

কোলি—প্রা. কুল, বদৱি (চৈ. চ. ৩।১।০।২।২)।

କ୍ଲୋଥ—ପ୍ରତିକ୍ରିୟା ଅବଶ୍ୟକ ଦ୍ୱାରା ଚିତ୍ରର ଦାହ ; ଝୋଷ । ଇହାତେ ପାକ୍ଷି, ଅକୁଟି, ନେଙ୍ଗୋହିତ୍ୟାଦି ପ୍ରକଟ ହସ (ଚୈ. ଚ. ୨୧୪୧୧୧) ।

କ୍ଲୋଶେ—ଚୀରକାର କରେ (ଚୈ. ଚ. ୨୧୪୧୧୧) ।

କ୍ଲପା—ରାତ୍ରି ।

କ୍ଲର—ନୟର (ଗୀ. ୮୧୪) ।

କ୍ଲାନ୍ସି—କୋଡ ଶୃନ୍ତା (ଚୈ. ଚ. ୨୧୨୩୮ ଶ୍ଲୋଃ)

କ୍ଲୌରୋଫ—ପୁରାଣୋକ୍ତ ହଳ୍କ ସମ୍ମ୍ରେ, ଯାହାତେ ବିଶ୍ଵ ଅନ୍ତର୍ଜାତୀୟ ଧାରେନ ।

କ୍ଲୌରୋଫଶାମୀ, କ୍ଲୌରୋଫକଶାମୀ—କାରଣାର୍ଥ ଶାମୀ ଦ୍ରୁଃ ।

କ୍ଲେକ୍ଟ— ୧. ପୁରୀଧାର ; ୨. ପ୍ରକୃତି ; ୩. ଭାର୍ଯ୍ୟ ; ୪. ଦେହ, ପଞ୍ଚମହାତ୍ମ୍ୟ, ଅହକାର, ବୃଦ୍ଧି (ମହତ୍ୱ) ; ପ୍ରକୃତି, ଦଶ ଇଞ୍ଜିନ୍ୟ, ମନ, ଶ୍ରୋତାଦି ପଞ୍ଚ ଇଞ୍ଜିନ୍ୟେର ପଞ୍ଚ ବିଷୟ, ଇଚ୍ଛା, ଦେବ, ସ୍ଵର୍ଗ, ଦୁଃଖ, ସଜ୍ଜାତ (ଶରୀର ଓ ଇଞ୍ଜିନ୍ୟେର ସଂହତି), ଚେତନା ଶକ୍ତି ଓ ଧୃତି—ଏ ସମ୍ପଦ ସବିକାର (ବିକାରେର ସହିତ) ‘କ୍ଲେକ୍ଟ’ । (ଗୀ. ୧୩୬-୭) ; ସାଂଖ୍ୟୟମତେ—ଚତୁର୍ବିଂଶତି ତତ୍ତ୍ଵରେ ଏକତ୍ରେ କ୍ଲେକ୍ଟ ନାମେ ଅଭିହିତ । “ସବିକାରମ୍ ଇଞ୍ଜିନ୍ୟାଦି ବିକାର ସହିତମ୍”—ଆଧିର ; “ସବିକାରର ଜନ୍ମାଦି ସତ୍ୱ, ବିକାର ସହିତମ୍”—ବିଶ୍ଵନାଥ । [ଜନ୍ମାଦି ସତ୍ୱ, ବିକାର—ଜନ୍ମ, ଅନ୍ତିମ, ବୃଦ୍ଧି, ବିପରିଗାମ, ଅପକ୍ଷୟ ଓ ବିନାଶ] ।

କ୍ଲେକ୍ଟେଜ— ୧. ଅର୍ତ୍ତର୍ଧାମୀ (ଭାଃ ୧୧୧୧୧୪୪) ; ୨. ଜୀବାଜ୍ମା (ଗୀତା ୧୩୧) ।

କ୍ଲେକ୍ଟ ସର୍ଜ୍ୟାଜ—ସଂସାର ତ୍ୟାଗ କରିଯା ଯାବଜ୍ଜୀବନ ଶ୍ରୀପୁରୁଷୋତ୍ତମେ ବାସେର ସଂକଳନ (ଚୈ. ଚ. ୨୧୬୧୨୯) ।

କ୍ଲେମ— ୧. କଲ୍ୟାଣ ; ୨. ମୋକ୍ଷ (ଭାଃ ୧୧୩୧୩) ।

କ୍ଲୋଶୀ—ପୃଥିବୀ (ଚୈ. ଚ. ୧୧୧୧୧ ଶ୍ଲୋଃ) ।

କ୍ଲୋଶ— ୧. ରେଶମୀ ବତ୍ର ; ୨. ଶୁଦ୍ଧ ଅତ୍ସୀ ତତ୍ତ୍ଵଜ୍ଞାତ ବତ୍ର ।

୪

କ୍ଲୁଣ୍ଟ— ୧. ଗଡ (ଚୈ. ଚ. ୩୧୦୧୨୩) ; ୨. ଶ୍ରୀଥତ୍ତ୍ଵ, ବର୍ଧମାନ ଜ୍ୱେଳାର । ଶ୍ରୀଲ ନର-ହରି ସମକାର ଠାକୁରେର ଶ୍ରୀପାଟ ।

କ୍ଲୁଣ୍ଟା—ନାନ୍ଦିକା ଦ୍ରୁଃ ।

କ୍ଲିନିକ୍ସମ—ବ୍ରଜମଣ୍ଡଳ ଆଦଶବନେର ଏକଟି ବନ ।

କ୍ଲୁନ୍ସା—ଆ. ଚୁଲକୁନି (ଚୈ. ଚ. ୩୧୪୪) ।

କ୍ଲାପରା—ଆ. ୧. ଭାବୀ ଷଟ୍ଟେର ଖୋଲା ; ୨. ଶୁଦ୍ଧ କରେନ ଅଙ୍ଗଳି (ଚୈ. ଚ. ୨୧୨୧୯୯) ।

বেলাত্তীর্থ—অজ মণ্ডল একটি ভৌর্থ।

খোলা—বকল (চৈ. চ. ৩১৬৩১)।

গ

ভারতে রঞ্জনাথের মন্দির তিনটি। আদি রঞ্জনাথ—শ্রীরঞ্জপাটনায়—মহীশূর নগর হইতে ১০ মাইল উত্তরে; মধ্য রঞ্জনাথের মন্দির শিবসমুদ্রমে—মহীশূর হইতে ৪৮ মাইল দূরে এবং অস্ত্যরঞ্জনাথ শ্রীরঞ্জমে। তিনটি তীর্থই কাবেরী নদীর তীরে অবস্থিত। যামুনাচার্য, রামামুজাচার্য প্রভৃতি বিখ্যাত বৈষ্ণব আচার্যগণ শ্রীরঞ্জমের মহাস্ত ছিলেন।

শ্রীরাঘবগুণত— ঔৰাস দ্রঃ।

শ্রীরূপগোস্বামী— রূপগোস্বামী দ্রঃ।

শ্রীশৈল— মন্দির পর্যতের উত্তরাংশ। বর্তমানে ‘পালসী হিলস’ নামে খ্যাত।

শ্রীসনাতন গোস্বামী— সনাতন গোস্বামী দ্রঃ।

শ্রীছট— শ্রীমন্মহাপ্রভুর পিতা অগন্নাথ মিশ্র, মাতামহ নীলাস্বর চক্রবর্তী, অবৈতাচার্য এবং মুরারী শুপ্ত, শ্রীবাস, চন্দ্রশেখর আচার্যর প্রভৃতি বহু শ্রীগোরাঙ্গ পার্বদের জয়ভূমি। ভারত স্বাধীন হওয়ার সঙ্গে সঙ্গে এই জেলার করিমগঞ্জ মহকুমা ব্যতীত বাকী অংশ পাকিস্তানের অস্তভুক্ত হইয়াছে। উত্তর শ্রীছট মহকুমার ঢাকা দক্ষিণে অস্তাপি শ্রীমন্মহাপ্রভুর বাটী ও বিগ্রহ বিদ্যমান। এখানে রথযাত্রা, ঝুলন ও চৈত্রমাসে রবিবারীতে মেলা বসে।

শ্রুতি, শ্রুতি— বেদ ও বেদানুগ শাস্ত্র। অধিগম দ্রঃ।

শ্রুতেক্ষিতি পথ— শ্রুতি (বেদাদি শাস্ত্র শ্রন্দণ) দ্বারা দীপ্তিত (দৃষ্ট) পথ (প্রাপ্তির উপায়) যাহার। বেদাদি শাস্ত্র শ্রবণে গাহার প্রাপ্তির উপায় দৃষ্ট হয়।

শ্রেষ্ঠঃ শক্তি— শ্রেষ্ঠের (মঙ্গলের) শক্তি (উপায়, মার্গ, রাস্তা)-স্বরূপ। কল্যাণ-লাভের উপায়-স্বরূপ (ভাঃ ১০। ১৪। ৪)।

শ্রূতামুস— শৃঙ্গার রস ((চৈ. চ. ২। ৮। ১৪।))

অ

শৃষ্টচক্র (যোগশাস্ত্রোক্ত)— দেহমধ্যস্থ শৃঙ্গানাড়ীতে অবস্থিত পদ্মাকার ছয়টি চক্র। যথা—যুলাধীর, স্বাধিষ্ঠান, মণিপুর, অমাহত, বিশুদ্ধ ও আজ্ঞা।

শৃষ্ট-সম্বর্ত— শ্রীজীবগোস্বামীকৃত বৈষ্ণব দর্শন গ্রন্থ। ইহার অপর নাম ভাগবৎ-সম্বর্ত। তত্ত্ব-সম্বর্ত, ভগবৎ-সম্বর্ত, পরমাত্ম-সম্বর্ত, শ্রীকৃষ্ণ-সম্বর্ত, ভক্তি-সম্বর্ত ও প্রীতি-সম্বর্ত ইহার অষ্টগত।

শৃঙ্গপুজা— অৱ, অল, বস্ত, দীপ, তাপুল ও আসন—এই ছয়টি অঙ্গসহ পূজা (চৈ. ভা. ১৬৭। ১। ২৮)।

ବଡ଼୍‌ଭକ୍ତି—ଗୁରୁ, ଭକ୍ତ, ଦେଖ, ଅବତାର, ପ୍ରକାଶ ଓ ଶକ୍ତି ।

ବଡ଼୍‌ବର୍ଷା—ମୀମାଂସା (ପୂର୍ବ ମୀମାଂସା), ବେଦାଙ୍ଗ (ଉତ୍ତର ମୀମାଂସା), ସାଂଖ୍ୟ, ପାତଙ୍ଗଲ ଯୋଗ, ଶ୍ରାୟ ଓ ବୈଶେଷିକ । ଇହାରୀ ସକଳେଇ ବେଦ ଦୀକାର କରିଯାଛେ, ଏହାରୀ ଇହାଦିଗରେ ଆଣ୍ଜିକ ବର୍ଷା ବଲେ । ମୀମାଂସା—ଜୈମିନିକୃତ, ବେଦାଙ୍ଗ—ବାଦରାଯଣ ବା ବ୍ୟାସକୃତ, ସାଂଖ୍ୟ—କପିଲକୃତ (ଏହି କପିଲ ଭାଗବତୋତ୍ତମ ଦେବହତି-ପୁତ୍ର କପିଲ ନହେନ), ଯୋଗ—ପତଞ୍ଜଲିକୃତ, ଶାର—ଗୋତମକୃତ ଏବଂ ବୈଶେଷିକ—କଣାଦକୃତ (ଚୈ. ଚ. ୨୧୭୧୯୨) ।

ବଡ଼୍‌ବର୍ଗ (ଜ୍ୟୋତିଷ ଶାସ୍ତ୍ରେ)—ଜାତକେର ଅସ୍ତକାଲୀନ ଶୁଭାଶୁଭ ଫଳପ୍ରଚକ—କ୍ଷେତ୍ର, ହୋରା, ଦ୍ରୋକାଣ, ନବାଂଶ, ଦ୍ୱାଦଶାଂଶ ଓ ତ୍ରିଂଶାଂଶ—ଇହାଦେଇ ସମାନିକେ ଷଡ଼୍‌ବର୍ଗ ବଲେ ।

ବୈଡ୍‌ବସ୍ତର୍—ପ୍ରଭୁତ୍ୱ, ପରାକ୍ରମ, ଯଶ, ସମ୍ପଦ, ଜ୍ଞାନ ଓ ବୈରାଗ୍ୟ (ଚୈ. ଚ. ୨୧୨୧୭) ।
ଡଗବାନ ଦ୍ରୁତି ।

ବାଠୀର ଆଶ୍ରତୀ—ନୀଳାଚଲେର ସାର୍ବଭୌମ ଡ୍ରୋଚାର୍ଥେର ପଢ୍ଠୀ । ଇହାର କଷ୍ଟାର ନାମ ବାଠୀ (ଚୈ. ଚ. ୨୧୫୧୨୯୪) ।

ବୋଭୁଶ କଳା—ପଞ୍ଚ ଜାନେନ୍ଦ୍ରିୟ (ଚକ୍ର, କର୍ଣ୍ଣ, ନାସିକା, ଜିହ୍ଵା ଓ ଭ୍ରକ୍ତ), ପଞ୍ଚ କର୍ମେନ୍ଦ୍ରିୟ (ବାକ୍, ପାଣି, ପାଦ, ପାଯୁ ଓ ଉପଷ୍ଟ), ଯନ ଏବଂ ପଞ୍ଚ ମହାଭୂତ (କ୍ଷିତି, ଅପ୍, ତେଜ୍ଜଃ, ମରୁତ୍ ଓ ବ୍ୟୋମ) (ଡା: ୧୩୧ ; ଚୈ. ଚ. ୧୫୧୩ ପ୍ଲୋ:) ।

ବୋଲ ସୋଜ—ଯାହା ବହନ କରିଲେ ବତ୍ରିଶ ଜନ ଲୋକେର ଦରକାର (ଚୈ. ଚ. ୧୧୦୧୧୪) ।

ସ୍ତ୍ରୀ

ସଂକରଣ—ଆକର୍ଷକ, ବଳଦେବ । ଧାରକା ଓ ପରବ୍ୟୋମ ଚତୁର୍ବ୍ୟହେର ବିତୌଯ ବ୍ୟାହ ।
ଚତୁର୍ବ୍ୟହ ଦ୍ରୁତି ।

ସଂଘ୍ୟ—ଯୁଦ୍ଧ (ଶୀ. ୧୫୭) ।

ସଜର୍—ଚିତ୍ରଜଳ ଦ୍ରୁତି ।

ସଂଷ୍ଟଟମା—ସାମଙ୍ଗନ୍ୟ ସଟନାସପ୍ରିବେଶ (ଚୈ. ଚ. ୩୧୬୫) ।

ସଂପର୍କ, ସର୍ବିତ୍—ଆନ (ଚୈ. ଚ. ୧୧୨୧୦) । **ସର୍ବିତ୍ ଅନ୍ତିକ—**ଚିଂ ବା ଆନ-ବିଷୟକ ଶକ୍ତି (ଚୈ. ଚ. ୧୫୧୫୫) ।

ସଂଲାପ—ଉଦ୍ଧିତ ଓ ପ୍ରତ୍ୟୁଷିତ ବାକ୍ୟ (ଚୈ. ଚ. ୧୧୬୩୦) ।

ସଂପ୍ରିତ—ମୃତ (ଚୈ. ଚ. ୩୧୧୧ ପ୍ଲୋ:); ହିତ, ସର୍ବିତ୍, ମରାପ ।

ସର୍ବୀ—ଆରାଧାର ପ୍ରାୟ ସମଜାତୀୟ ସେବାଯ ଥାହାରୀ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଶ୍ରୀତି ବିଧାନ କରେନ, ତୋହାରୀ ସର୍ବୀ । ଲଜିତା, ବିଶାଖା ପ୍ରଭୃତି । ଇହାରୀ ସ୍ଵର୍ଗ ଶକ୍ତି । **ସର୍ବୀଭାବେ**

সাধন—সথীভাবে সথীদের আচুগত্যে ভজন। সথীভাবে অর্থ—সাধক নিজে শ্রীরাধার কিঙ্গীরূপা এক গোপকিশোরী—এইরূপ ভাবে। ইহাকে রাগাচুগা ভজন বলে। এই ভজনে ঐশ্বর্যজ্ঞান থাকে না। যতক্ষণ পর্যন্ত ঐশ্বর্যজ্ঞান বা শ্রীকৃষ্ণের মহিমাজ্ঞান হয় না। যশোরী দ্রঃ।

সাধ্যরতি—রতি দ্রঃ।

সঙ্গ—একত্রবাস (চৈ. চ. ২১১১৮৬)।

সঙ্গাট্ট—ভিড় (চৈ. চ. ২১১১৮০)।

সজাতীয়—ভেদ দ্রঃ।

সঞ্চয়—সমূহ (চৈ. চ. ২১৪১৯)।

সঞ্চয়ন—একত্রিত (চৈ. চ. ৩১০১১০৮)।

সঞ্চারি—প্রচার করিয়া (চৈ. চ. ১১৭১২০৩); অমুপ্রবিষ্ট করা (চৈ. চ. ৩১১৮১)।

সঞ্চারী ভাব—ব্যভিচারী ভাব দ্রঃ।

সঞ্চয়—১. কুরুরাজ ধূতরাষ্ট্রের মন্ত্রী। শ্রীমদ্ভগবদ্গীতার প্রবক্তা। ইনি বাসপ্রসাদে দিয়া চক্র-কর্ণ লাভ করিয়া অক্ষরাজা ধূতরাষ্ট্রের নিকটে কুরুক্ষেত্র যুদ্ধ ও শ্রীমদ্ভগবদ্গীতায় বর্ণিত কৃষ্ণাঞ্জনসংবাদ বর্ণনা করেন। যুদ্ধাত্মে সাতাকি ইঁহাকে হত্তা করিতে উচ্ছত হইলে দাসদেব নিষেধ করেন। ইঁহার শেষ জীবন তপস্যায় অতিধাহিত হয়।

মুকুলসঞ্চয়—চৈত্যদেবের নববৰ্ষীপবাসী ব্রাহ্মণ ছাত্র। ইঁহার পুত্র পুরুষোত্তমও মহাপ্রভুর ছাত্র ছিলেন। মুকুলসঞ্চয়ের গৃহে মহাপ্রভুর চতুর্পাঠী ছিল। ইনি নববৰ্ষীপে মহাপ্রভুর সঙ্গী ছিলেন এবং নীলাচলেও তাঁহাকে দর্শনের জন্য যাইতেন।

সংড়াগঞ্জ—পঁচাগঞ্জ (চৈ. চ. ৩১৬৩০৯)।

সংড়ি—পচিয়া (চৈ. চ. ৩১৬৩০৮)।

সংকার—প্রশংসা (চৈ. চ. ১১৬৩৫)।

সংস্কা—স্থিতি।

সত্যভাসু—বালগোপালের জনৈক উপাসক। জগন্নাথ মিশ্র ও শ্রীবাস পণ্ডিতের সমসাময়িক। শ্রীহট্টবার্সী^১ বিপ্র। ইনি নববৰ্ষীপে জগন্নাথ মিশ্রের গৃহে উপস্থিত হইয়া ইষ্টদেব ষ বালগোপালকে অৱ নিবেদন করিলে দুঃপোষ্য নিমাই সেই অৱ গ্রহণ করেন। তিনবার একপ হইলে তিনি ধ্যানস্থ হইয়া জানিতে পারেন নিমাই-ই তাঁহার ইষ্টদেব বালগোপাল। তখন শ্রীগোপাল তাঁহাকে অৱপে দর্শন দিয়া উক্তার করেন (চৈ. চ. ১১৪১৩৪)।

সত্যজাগাপুর—উড়িষ্যা রাজ্যে পুরীর অন্তরে একটি গ্রাম। এই হানে দেবী সত্যজাগা শ্রীকৃপ গোৱাচীকে স্থপ্ত দর্শন দিয়া ব্ৰজলীলা ও দ্বাৰকালীলা পৃথকভাবে রচনা কৰিতে আদেশ কৰেন। ইহার ফলে শ্রীকৃপ বিদ্যুমাধব ও মলিনমাধব নামক দ্বইথানি মাটক রচনা কৰেন।

সত্যরাজ খান—কুলীনগ্রামবাসী গুণরাজ খানের পুত্র লক্ষ্মীনাথ বস্তু। উপাধি সত্যরাজ খান। চৈতন্যদেবের একান্ত ভক্ত। রামানন্দ বস্তু দ্রঃ।

সদাচার—বৈষ্ণবের পক্ষে কৃষ্ণত্বিহ মূখ্য সদাচার।

সদাত্মত—অভিধেয দ্রঃ।

সদাশিব কবিরাজ—নিত্যানন্দশাখা। বৈশ্যবৎশে আবিষ্ট্রত। পিতা—কংসারি সেন। পুত্র—পুরুষোত্তম দাস। পৌত্র—কাহুঠাকুর। ইহারা চারি পুরুষ গোরপার্ষদ। ব্ৰজলীলাৰ চন্দ্ৰাবলী। পুরুষোত্তম দাস ও কাহুঠাকুৰ দ্রঃ।

সদৰ্থ শিক্ষা পৃচ্ছা—সদৰ্থ অৰ্থ সতেৱ ধৰ্ম, অৰ্থাৎ সাধু মহাজনদিগেৱ আচাৰিত ধৰ্ম, অথবা সৎসম্বৰ্কীয় ধৰ্ম বা ডাগবত ধৰ্ম। একপ শিক্ষা বা একপ ধৰ্ম সমষ্টে প্ৰশ্ন বা নিবেদন (১৮. চ. ২।২।২।৬।)।

সনকাছি—ব্ৰহ্মার চারি মানসপুত্ৰ, যথা—সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার।

সনাতন গোৱাচী—বৃন্দাবনেৱ ছয় গোৱাচীৰ অন্ততম। ভৱাজ গোত্ৰীয় যজুৰ্বেদীয় আক্ষণ। পিতা—কুমারদেব। আতা—কৃপ গোৱাচী ও অহুপম বল্লভ। অহুপমেৱ পুত্ৰ শ্ৰীজীৰ গোৱাচী। সনাতন গৌড়েশ্বৰ হসেন সাহেব প্ৰধানমন্ত্ৰী ছিলেন। গৌড়েশ্বৰ—দন্ত নাম সাকৰ মন্ত্ৰিক। রামকেলিতে চৈতন্যদেবেৱ সহিত সাক্ষাতেৱ পৱ তিনি ইহার নাম দেন সনাতন। ইনি মহাপ্ৰভুৰ গুণে আৰুষ্ট হইয়া প্ৰধানমন্ত্ৰী ত্যাগ কৰিয়া চীৱধাৰী অবাচক অনিকেতন বৈষ্ণবে পৱিণ্ট হন। বাৰিথও পথে পদব্ৰজে নীলাচল আসায় ইহার অক্ষে দূষিত কণ্ঠ উৎপন্ন হইয়াছিল। এই কাৰণে এবং যৰন রাজেৱ অধীনে ছিলেন বলিয়া ইনি নিজেকে অস্পৃশ্য জ্ঞান কৰিতেন। কিন্তু মহাপ্ৰভু ইহাকে কোল দিয়াছিলেন এবং কাৰ্শীতে ইহাকে সাধ্য-সাধন ও সমৰ্থ-অভিধেয়-প্ৰয়োজনত্ব সমষ্টে উপদেশ দিয়াছিলেন। শ্ৰীশ্ৰীচৈতন্য চৱিতামৃত, মধ্যলীলা, ২০শ-২৪শ পৱিষ্ঠে ইহা বিবৃত হইয়াছে। ইনি মহাপ্ৰভুৰ আদেশে বৃন্দাবনে গিয়া লুক্ষ্যতীর্থাদি উজ্জ্বার কৰেন এবং বহু ভক্তি-শাস্ত্ৰ রচনা কৰেন। তাৰখ্যে বৃহদ্বাগবতামৃত, শ্ৰীশ্ৰীহৰিভজ্জিবিলাসেৱ টীকা, শ্ৰীমদ্ভাগবতেৱ বৃহদ্বৈষ্ণবতোষণী টীকা, দশম চাৰিতাদি বিশেষ

প্রসিদ্ধ। অজলীলায় ইনি রত্নমঞ্জরী, নাম ভেদে লবঙ্গমঞ্জরী ছিলেন বলিয়া প্রসিদ্ধ। ইহার বৎশ পরিচয় ও অস্ত্রাঙ্গ বিধরণ ‘রূপ গোষ্ঠামী’-তে প্রষ্টব্য।

সংজ্ঞেশ্বর—আদেশ, বার্তা।

সংজ্ঞি—তাবদকি। এক কারণজনিত বা বহুকারণজনিত দুই বা বহু ভাব একত্র মিশ্রিত হইলে তাহাকে সংজ্ঞি বলে। যথা—স্বর্কপয়োর্ভিস্বয়োর্ভা সংজ্ঞি: শাস্ত্রাবর্জনোমুত্তিঃ (চৈ. চ. ২১২১৫৪)।

সংজ্ঞিমী শক্তি—সত্তা বিষয়ক শক্তি। শক্তি স্তঃ।

সংগুরুঘৰ্ষি—মৰীচি, অঙ্গি, অঙ্গিয়া, পুলস্তা, পুলহ, কুতু ও বশিষ্ঠ।

সংগুগোদাবৰী—মাস্তাজ রাজে রাজমহেন্দ্রী জেলায় সংগুগোদাবৰী নামে একটি প্রসিদ্ধ তীর্থ আছে। ইহার অপর নাম ‘গোতমী সঙ্গম’। গোদাবৰীর সাতটি শাখা, যথা—বাণগঙ্গা, উর্বা, পাণিগঙ্গা, মঞ্জিয়া, পূর্ণা, ইন্দ্রবতী ও গোদাবৰী। মহাভারত, বনপর্বের ৮৫তম অধ্যায়ে সংগুগোদাবৰীর উল্লেখ আছে।

সংগুণ্ঠাম—কলিকাতা। হইতে সাতাশ মাইল দূরে হগলী জেলায় আদি সংগুণ্ঠাম নামে একটি রেলওয়ে স্টেশন আছে। ইহার অপর দূরে সংগুণ্ঠাম। পূর্বে এখানে বাহুদেবপুর, বীশবেড়িয়া, কৃষ্ণপুর, নিত্যানন্দপুর, শিবপুর, সংগুণ্ঠাম ও শঙ্খনগর নামে সাতটি গ্রাম ছিল; প্রাচীন সংগুণ্ঠাম সরন্তাতী নদীতীরের একটি সমৃদ্ধিশালী মগর ও বন্দর ছিল। ইহা রঘুনাথ দাস গোষ্ঠামীর আবর্তিত্বস্থান। এই স্থানে শ্রীকৃষ্ণ দন্ত ঠাকুরের পাটবাড়ী অঞ্চলিপি বিঠমান।

সংগুষ্ঠীপ—অস্মু, পক, শাল্পলী, কুশ, ক্লোঁঁ, শাক ও পুকুর (চৈ. চ. ২১২০।৩২১; ৩।২।১-১০)।

সংগুত্তিনয়—ধর্থিগম স্তঃ।

সংগুসংযুক্ত—লবণ, ইচ্ছ (রস), স্বরা, স্বত, দধি, দুষ্ট ও জল সম্মত। দধি-সংযুক্তের অপর নাম ক্ষীর সমূজ বা ক্ষীরাকি (চৈ. চ. ২।১২০।৩২১)।

সংবল—সোম্যাগ (ভাঃ ৩।৩৩।৬; চৈ. চ. ২।১৬।৩ স্তোঃ)।

সংবে—কেবলমাত্র (চৈ. চ. ১।৪।১৩২), একমাত্র (চৈ. চ. ২।১।১৮৮)।

সংবের—সকলের (চৈ. চ. ১।১০।১৪৯)।

সংজ্ঞা—সকল (চৈ. চ. ১।৬।৬০); সমিতি (চৈ. চ. ২।৪।১০) **সংজ্ঞাতে—**

সকলের মধ্যে (চৈ. চ. ১।১।৪১)। **সংজ্ঞায়—সকলকে (চৈ. চ. ১।১।৩।১০৫);**

সংজ্ঞার—সকলের (চৈ. চ. ১।১।৩২); **সংজ্ঞারে—সকলকে (চৈ. চ. ১।১।২৭)।**

সমজঙ্গসা রুভি— রতি দ্রঃ ।

সমর্থ—পারগ (চৈ. চ. ২১২২১৫)।

সমর্থা রুভি— রতি দ্রঃ ।

সমষ্টি—নায়িকা দ্রঃ ।

সমাধান—শেষ (চৈ. চ. ২১৩১০৮) ; নির্বাহ (চৈ. চ. ৩১১১)।

সমুবো—বুবো (চৈ. চ. ১১২১৫২)।

সম্পুট—কোটা (চৈ. চ. ২১১৪।১২৮)।

সম্বন্ধতন্ত্র—সমস্ত শাস্ত্রের প্রতিপাদ্য বিষয় । যাহা হইতে সমস্ত জগতের ঘট্ট, স্থিতি ও প্রণয় । যাহাতে সমস্ত জগৎ অবস্থিত । তিনিই সমস্ত শাস্ত্রের প্রতিপাদ্য বিষয় (চৈ. চ. ২১২০।১০৯, ২১২১২)।

ভগবান ব্রহ্মাকে বলেন—আমি ‘সমস্ত তত্ত্ব’, আমার জ্ঞান বিজ্ঞান ।

আমা পাইতে সাধন ভক্তি ‘অভিধেয়’ নাম ॥

সাধনের ফল প্রেম মূল ‘প্রয়োজন’ ।

সেই প্রেমে পায় জীব আমার সেবন ॥—চৈ. চ. ২১১৫।৮৬-৮৭

অর্থাৎ ভগবানই সম্বন্ধতন্ত্র ; তাহার সম্বৰ্কীয় জ্ঞান এবং তাহার সম্বৰ্কীয় বিজ্ঞানও সম্বন্ধতন্ত্রেই অস্তিত্ব রয়েছে । ভগবানকে পাইবার উপায়সন্ধান যে সাধনভক্তি, তাহাই অভিধেয়তন্ত্র । আর এই সাধনের ফল যে প্রেম, তাহাই প্রয়োজন তন্ত্র । যেহেতু, এই প্রেমের দ্বারাই জীব ভগবানের সেবা লাভ করিয়া থাকে ।

সম্ভিৎ, সম্ভিতশক্তি—সংবিত দ্রঃ ।

সম্ভাবিত—মানী ব্যক্তি (গী. ২।৩৪)।

সম্ভাল—ধৈর্য ।

সম্ভূতি—পথ ।

সম্ভাস—প্রসিদ্ধ রাস্তা (চৈ. চ. ৩।৬।১৮৩)।

সম্ভি—শেষ হইয়া (চৈ. চ. ২।৪।১২০)।

সম্ভু—কুশ (চৈ. চ. ৩।১০।১৭)।

সম্ভু—পদাৰ্থ দ্রঃ ।

সম্ভু অবস্থণ—সর্বশেষ ।

সম্ভুকারণকারণ—সচিদানন্দবিশ্রাহ শ্রীকৃষ্ণ অনাদি, কিন্তু আবার সকলের আদি,

সমস্ত কারণের কারণ । যথা—

ঈশ্বরঃ পুরুষঃ কৃষ্ণঃ সচিদানন্দবিশ্রাহঃ ।

অবাদিদ্বাদির্গোবিশ্বঃ সর্বকারণ কারণম্ । অক্ষসংহিতা-৫।

সর্বজিজ্ঞু—সর্বময় কর্তা, সর্বজ্ঞী (চৈ. চ. ১১১৬৫)।

সহজ—প্রকৃত সাভাবিক কথা (চৈ. চ. ২১১৫২৫৪)। **সহজ বস্তু—**প্রকৃততত্ত্ব (চৈ. চ. ২১২১৭৫)।

সহস্রপাদ—সহস্রপাদ (চৱণ বা মশি) যাহার। শ্রীবিষ্ণু। শূর্য।

সহস্রারু—সহস্র অর (দল) যাহার। যোগশান্তে উক্ত শিরোমধ্যস্থ স্মৃত্যানাত্তীন্তিত সহস্রদলপদ্ম।

সঁচা—প্রা. সত্য (চৈ. চ. ১১১১১৪২)।

সাজন—প্রা. সজ্জা (চৈ. চ. ২১১৪১৯৩)। **সাজনি—**সজ্জা (চৈ. চ. ২১৩১৮)।

সাত্ত্বত, সাত্ত্বত—১. নারদপঞ্চরাত্রাদি শাস্ত্র (চৈ. চ. ২১১৩১ খ্রোঃ) ;
২. ভক্তজন (ভাঃ ২১৩১৪) ; ৩. যত্নবংশীয় বীরগণ—শ্রীজীব।

সাত্ত্বিক ভাব—ভগবৎসমষ্টীয় ভাবসমূহ দ্বারা চিন্ত আক্রান্ত হইলে সেই চিন্তকে সত্ত্ব বলে। এই সত্ত্ব হইতে উৎপন্ন ভাবসমূহকে বলে সাত্ত্বিক ভাব।

সাত্ত্বিক ভাব আট প্রকার। যথা—স্তুতি, স্নেদ, রোমাঙ্গ, স্বরভেদ, কম্প,
বৈবর্ণ্য, অঞ্চ ও প্রলয় (যুচ্ছী) (চৈ. চ. ২১২৬২, ২১৩১১২, ২১৬১১)।

স্তুতি—হৰ্ষ, ভয়, আশৰ্য্য, বিষাদ ও অমৰ্ত্ত হইতে স্তুতি উৎপন্ন হয়। ইহাতে বাক্যাদি শৃঙ্খলা, নিচলতা, শৃঙ্খলাদি অয়ে ; কর্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়ের ক্রিয়াদি লোপ হয়। **স্বেচ্ছ—**ঘর্য। হৰ্ষ, ভয় ও ক্রোধাদিবশতঃ শরীরের ক্ষেদ বা আর্দ্রতাকে স্বেদ বলে। **রোমাঙ্গ—**লোমোদগম ; পুলক। আশৰ্য্য বস্তুর দর্শন, হৰ্ষ, উৎসাহ ও ভয়াদিবশতঃ রোমাঙ্গ হয় ; ইহাতে রোমসকলের উদ্গম ও গোত্রসমূহের পরম্পরার সংলগ্নতাদি হয়। **অবশ্যেন—**বিষাদ, বিশ্বায়, ক্রোধ, আনন্দ ও ভয়াদি হইতে স্বরভেদ হয়। ইহাতে স্বরের বিকৃতি অয়ে ; বাক্য গদগদ (অস্পষ্ট) হয়। **কম্প—**ক্রোধ, আস ও হৃষাদি দ্বারা গাত্রের যে চাকলা, তাহাকে কম্প বলে। **বৈবর্ণ্য—**বর্ণের অন্যথাভাব। বিষাদ, ক্রোধ ও ভয়াদিবশতঃ বর্ণবিকৃতার নাম বৈবর্ণ্য। ইহাতে মলিনতা ও ক্ষুণ্ণতা হয়।

অক্ষয়—নেত্র-অল। হৰ্ষ, ক্রোধ ও বিষাদাদিবশতঃ বিনা চেষ্টার চক্ষু হইতে বে অল বাহির হয়, তাহার নাম অক্ষয়। হৰ্ষজনিত অঞ্চ শীতল, ক্রোধাদি-জনিত অঞ্চ উক্ত। কিন্তু সকল অবস্থায়ই চক্ষুর ক্ষোভ, ইক্ষিয়া ও সম্মার্জনাদি হইয়া থাকে। মাসিকাভাব ইহার অঙ্গবিশেষ। **প্রেক্ষন—**হৃথ ও দৃঢ়বশতঃ চেষ্টাশৃঙ্খলা ও আনশৃঙ্খলার নাম প্রলয় বা যুচ্ছী। প্রলয়ে স্থিতে পতনাদি হয় (উ. নী., সাত্ত্বিক ১-২৪)।

ସାଧକ—“ଆହାଦେର ଶ୍ରୀକୃଷ୍ଣ ରତ୍ନ ଉଦୟ ହେଇଯାଛେ, କିନ୍ତୁ ସମ୍ୟକ ପ୍ରକାରେ ନିର୍ବିଜ୍ଞ ହେଇତେ ପାରେନ ନାହିଁ ଏବଂ ଶ୍ରୀକୃଷ୍ଣ-ସାକ୍ଷାତ୍କାରେର ଯୋଗ୍ୟତା ଓ ଅର୍ଜନ କରିଯାଛେ—ତୋହାରାଇ ସାଧକ; ସେମନ ବିଜ୍ଞମଙ୍ଗଳାଦି” (ବୈ. ଅ.) ।

ସାଧନ—ସାଧ୍ୟବନ୍ଧୁର ପ୍ରାପ୍ତିର ଉପାୟ । ସାଧ୍ୟ ଦ୍ରୁଃ ।

ସାଧନଭକ୍ତି—ରତ୍ନ ବା ପ୍ରେମାକୁର ଜୟାଇବାର ପୂର୍ବ ପର୍ଯ୍ୟନ୍ତ ଯେ ଭଜନ ତାହାର ନାମ ସାଧନଭକ୍ତି । ଇହା ଇନ୍ଦ୍ରିୟ-ବ୍ୟାପାର ଦ୍ୱାରା ସାଧ୍ୟ । ଇହାର ଲକ୍ଷ୍ୟ ପ୍ରେମ । ଅବଶ କୌରନାଦି କ୍ରିୟା ସାଧନଭକ୍ତିର ‘ସ୍ଵରୂପଲକ୍ଷଣ’ ଏବଂ କୃଷ୍ଣପ୍ରେମ ଇହାର ‘ତଟକୁ ଲକ୍ଷଣ’ । କୃଷ୍ଣପ୍ରେମ ଆବାର ନିତ୍ୟସିନ୍ଧ, ଅବଶ କୌରନାଦି ଦ୍ୱାରା ଚିନ୍ତନ ଶୁଦ୍ଧ ହଇଲେ ଇହାର ଉଦୟ ହୁଏ । ସାଧନେ ଅର୍ଦ୍ଧକ ଭାବ ଅହସାରେ ସାଧନଭକ୍ତି ବୈଶୀ ଓ ରାଗାଚୁଗୀ ଭେଦେ ବ୍ରିବିଧି । ବୈଶୀ ଭକ୍ତିର ଅଙ୍ଗ ୬୪ ପ୍ରକାର । ସଥା—ଚୌଷଟୀ ଅତି ସାଧନଭକ୍ତି—୧. ଗୁରୁପାଦାଶ୍ୟ, ୨. ଦୀକ୍ଷାଗ୍ରହଣ, ୩. ଶୁଦ୍ଧ ସେବା, ୪. ସନ୍ଦର୍ଭ ଶିକ୍ଷାପ୍ରଚ୍ଛା, ୫. ସାଧୁବର୍ତ୍ତମାନଗମନ, ୬. କୃଷ୍ଣପ୍ରୀତେ-ଭୋଗ-ତ୍ୟାଗ, ୭. କୃଷ୍ଣଭୀର୍ତ୍ତେ ବାସ, ୮. ଯାବ୍ୟ ନିର୍ବାହ ପ୍ରତିଗ୍ରହ (କରନିର୍ବାହେର ଜନ୍ମ ଯତ୍ନକୁ ପ୍ରୋଜନ, ମାତ୍ର ତତ୍ତ୍ଵକୁ ପ୍ରତିଗ୍ରହ ବା ଗ୍ରହଣ), ୯. ଏକାଦଶୀର ଉପବାସ, ୧୦. ଧାତୀ-ଅଶ୍ଵ-ଗୋ-ବିପ୍ର-ବୈଷ୍ଣବ ପୂଜନ, ୧୧. ସେବାନାମାପରାଧାଦି ଦୂରେ ବର୍ଜନ, ୧୨. ଅବୈଷ୍ଣବ ସଙ୍କତ୍ୟାଗ, ୧୩. ବହୁଶିଷ୍ଟ ପରିହାର, ୧୪. (ଭକ୍ତିବିରୋଧୀ) ବହ ଗ୍ରହେର ଓ ବହକଳାର (ଚତୁଃସ୍ଥି କଳାର) ଅଭ୍ୟାସ ଓ ବ୍ୟାଖ୍ୟାନ ବର୍ଜନ, ୧୫. ଲାଭ ଓ କ୍ଷତିତେ ଶମଜାନ, ୧୬. ଲୋକାଦିର ବୈଶୀତ ନା ହେଉଥା, ୧୭. ଅନ୍ୟ ଦେବତା ଓ ଅନ୍ୟଶାସ୍ତ୍ରେର ନିମ୍ନା ନା କରା, ୧୮. ବିଶ୍ୱ ଓ ବୈଷ୍ଣବେର ନିମ୍ନା ନା ଶୁନା, ୧୯. ଗ୍ରାମ୍ୟବାର୍ତ୍ତା ନା ଶୁନା, ୨୦. ଆଣୀମାତ୍ରେ ଘନୋବାକ୍ୟେ ଉଦ୍‌ଦେଶ ନା ଦେଓୟା, ୨୧. ଶ୍ରୀହରି ମଦିରାଧ୍ୟତିଳକାଦି ବୈଷ୍ଣବଚିହ୍ନ ଧାରଣ, ୨୨. ଶ୍ରୀହରିର ଅଶ୍ରେ ନୃତ୍ୟ, ୨୩. ଦେଖବ୍ୟ ନମସ୍କାର, ୨୪. ଶ୍ରୀଶୂରି ଦର୍ଶନେ ଅଭ୍ୟାସ ବା ଗାତ୍ରୋଥାନ, ୨୫. ଶ୍ରୀମୂର୍ତ୍ତିର ପାଛେ ପାଛେ ଗମନ, ୨୬. ଶ୍ରୀଭଗବଦ୍ ଅଧିଷ୍ଠାନ ଥାମେ ଗମନ, ୨୭. ପରିଜ୍ଞାଯା, ୨୮. ଅର୍ଟନ, ୨୯. ପରିଚର୍ଚା, ୩୦. ଶୀତ, ୩୧. ସଙ୍କିର୍ତ୍ତନ, ୩୨. ଅପ, ୩୩. ବିଜ୍ଞପ୍ତି (ନିଷେଦନ), ୩୪. କ୍ରବଗାର୍ତ୍ତ, ୩୫. ନୈବେଚ୍ଛେନ (ମହାପ୍ରଶାଦେର) ଦ୍ୱାର ଗ୍ରହଣ, ୩୬. ଚରଣମୁଦ୍ରର ଆସ୍ତାଦ ଗ୍ରହଣ, ୩୭. ଧୂ-ମାଲ୍ୟାଦିର ଶୋରଙ୍ଗ ଗ୍ରହଣ, ୩୮. ଶ୍ରୀମୂର୍ତ୍ତିର ଶ୍ରମ, ୩୯. ଶ୍ରୀମୂର୍ତ୍ତିର ଦର୍ଶନ, ୪୦. ଆରତି ଓ ଉତ୍ସବାଦି ଦର୍ଶନ, ୪୧. ଭଗବତକଥା ଅବଶ, ୪୨. ଶ୍ରୀକୃଷ୍ଣର କୃପାଳାଙ୍ଗେ ଜନ୍ମ ପ୍ରାର୍ଥନା ଓ ଆଶା, ୪୩. ଆରପ, ୪୪. ଧ୍ୟାନ, ୪୫. ଦାସ୍ତ, ୪୬. ସଥ୍ୟ, ୪୭. ଆଜ୍ଞାନିବେଦନ, ୪୮. ଶ୍ରୀକୃଷ୍ଣନିବେଦନେର ଉପଦୋଶୀ ଶାଶ୍ଵାବିହିତ ଜ୍ଞାନାଦିନ

মধ্যে শীঘ্র প্রিয় বন্ধু শ্রীকৃষ্ণের অর্পণ, ১. কৃষ্ণার্থে অধিল চেষ্টা (অর্থাৎ শ্রীকৃষ্ণসেবার্থে কর্ম), ২. সর্বপ্রকারে শ্রীকৃষ্ণে শুরণাগতি, ৩. তুলসী-সেবা, ৪. শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্রসেবা, ৫. মথুরাধাম গমন, ৬. বৈষ্ণবাদিত্ব সেবা, ৭. নিজের অবস্থামুহ্যমুহী জ্ঞানাদিত্ব দ্বারা উজ্জ্বলসহ যহোৎসবকরণ, ৮. কার্ত্তিকাদি ত্রত (নিয়ম সেবাদি), ৯. জগ্নাটার্হী আদি উৎসব, ১০. অক্ষার সহিত শ্রীযুক্তি সেবা, ১১. রসিকবৃন্দের সহিত শ্রীমদ্ভাগবতের অর্থস্থাদন, ১২. সজাতীয় আশয়যুক্ত (সমভাবাগম), আপনা হইতে শ্রেষ্ঠ এবং প্রিম্প প্রকৃতির সাধুর সঙ্গ, ১৩. নাম সঙ্কীর্তন এবং ১৪. শ্রীমধুরামণ্ডলে অবস্থিতি। এই চৌষট্টি অঙ্গ সাধনভক্তি (ভ. র. সি. ১২১৭-১৯ ; চৈ. চ. ২১৯১৫১, ২১২২১৫৬-১৩)।

ইহার মধ্যে পাঁচটি অঙ্গ শ্রেষ্ঠসাধন, যথা—

সাধুসঙ্গ, নামকীর্তন ভাগবত শ্রবণ।

মথুরাদাস, শ্রীযুক্তির অক্ষায় সেবন॥

সকল সাধনশ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ।

কৃষ্ণপ্রেম জন্মায় এই পাঁচের অন্ত সঙ্গ॥

(চৈ. চ. ২১২২১৫৪-১৫)।

ইহাদিগকে পঞ্চাঙ্গসাধন বলে। ‘ভক্তি’ শব্দে বৈধীভক্তি ও রাগানুগা ভক্তি দ্রঃ।

সাধনসিদ্ধপার্য্য—পার্য্য দ্রঃ।

সাধনসিদ্ধা গোপী—গোপী দ্রঃ।

সাধনসূচী বৰ্ণি—বৰ্ণি দ্রঃ।

সাধিপাত্তি—প্রা. রাজকর্মাদি আদায় করিয়া (চৈ. চ. ৩৯১১)।

সাধিবারু—প্রা. সাধিয়া আনিবার (চৈ. চ. ৩৬১৬২)।

সাধে—প্রা. পিক করে (চৈ. চ. ১৩১২৪)।

সাধনস—আস (চৈ. চ. ১১৭১২৭১) ; সম্মুচক ভৱ (চৈ. চ. ৭১২১২)।

সাধ্য—সাধকগণ সাধন দ্বারা, যাহা পাইতে চান সেই অভীষ্ট বস্তুই সাধ্য।

পুরুষার্থ। প্রেম মৃত্যু সাধ্যবন্ধ। রায় রামানন্দের সঙ্গে বিচারে সাধ্যের নির্ণয়প্রসঙ্গে শ্রীমন् মহাপ্রভু স্বধর্মাচরণে লভ্য বিষ্ণুভক্তি, কৃষ্ণে কর্মার্পণ, স্বধর্ম ত্যাগ ও জ্ঞানমিশ্রাভক্তিকে ‘এহোবাহ’ বলিয়াছেন। এছলে ‘স্বধর্ম’ অর্থ ‘বর্ণাঞ্জলমধর্ম’। মহাপ্রভুর মতে জ্ঞানশূন্যা ভক্তি, প্রেমভক্তি এবং দাস্তপ্রেম—সাধ্য; সধ্যপ্রেম ও বাসসলাপ্রেম—উভয় সাধ্য এবং কান্তাপ্রেম—‘সাধ্যাবধি

সন্মিশ্র’। আর প্রেমবিলাসবিবর্ত—‘সাধ্যবস্থ-অবধি’ (চৈ. চ. ২১৮৫৪-৭৫
এবং ১৪২-১৫১)।

সাঞ্জি—প্রা. বিশাইয়া (চৈ. চ. ৩১৯৩৭)।

সাঞ্জীপ্য—সমীপে অবস্থানগ্রাস্তি। মুক্তি দ্রঃ।

সামুজ্য—প্রমেখের লয়প্রাপ্তি। সামুজ্য মুক্তি দ্রহ প্রকার,—অঙ্গসামুজ্য ও উপর-
সামুজ্য। প্রথমটি নিরাকার উক্তে লয়, অপরটি সাকার ভগবানে লয়। মুক্তি দ্রঃ।

সার্বভৌম ভট্টাচার্য—নববীপবাসী মহেশ্বর বিশারদের পুত্র। ‘চৈতন্যমঙ্গল’
ও ‘ভক্তিরস্তাকর’ মতে ইহার নাম বাসুদেব, উপাধি ‘সার্বভৌম’। ইনি
নববীপ হইতে নীলাচলে গিয়া বাস করেন। সার্বভৌম সর্বশাস্ত্রে বিশেষতঃ
গ্রাম ও বেদান্ত শাস্ত্রে অসাধারণ প্রারদ্শনী ছিলেন। ইনি নীলাচলে
অবৈত্ব বেদান্তের (মায়াবাদ-ভাষ্যের) অধ্যাপনা করিতেন। সার্বভৌম
বহু সন্ন্যাসীরও ‘উপকর্তা’ ছিলেন। উড়িষ্যার রাজা প্রতাপকুজ ইহাকে
গুরু শ্যাম অঙ্কা করিতেন। মহাপ্রভু শ্রীচৈতন্য সন্ন্যাস গ্রহণের পর পুরীধামে
আসিয়া জগন্নাথমন্দিরে ভাবাবেশে অজ্ঞান হইয়া পড়েন। সার্বভৌম
ভট্টাচার্য দৈবক্রমে সে সময়ে গলিয়ে ছিলেন। তিনি ইহাকে এ অবস্থায়
স্বগৃহে আনয়ন করেন এবং শুশ্রাব আরু আরোগ্য করেন। সার্বভৌমের
ভগ্নীপতি গোপীনাথ আচার্য মহাপ্রভুকে চিনিতেন। সার্বভৌম মহাপ্রভুর
পিতা অগ্রাধি মিশ্র ও মাতামহ নীলাচল চক্রবর্তীকে জানিতেন। গোপীনাথ
আচার্যের নিকটে ইহার পরিচয় পাইয়া তিনি এই বালক সন্ন্যাসীকে
অশেষ স্নেহে বেদান্ত পড়াইতে লাগিলেন। কিন্ত মহাপ্রভু ইহার ব্যাখ্যার ভ্রম
প্রদর্শন করিলে সার্বভৌমের চৈতন্য হইল। পরিশেষে মহাপ্রভু বেদান্তের প্রকৃত
তাৎপর্য বিশ্লেষণ করিয়া সার্বভৌমকে—“দেখাইল আগে তারে চতুর্ভুজ রূপ।
পাছে শ্যাম বংশীমুখ—স্বকীয় স্বরূপ” (চৈ. চ. ২১৩১৮৩।) অর্থাৎ মহাপ্রভু
সার্বভৌমের সাক্ষাতে প্রথমে চতুর্ভুজ নারায়ণরূপ, তৎপরে নন্দননন, শ্যাম
কলেবর, বংশীবদন স্বকীয় কৃষ্ণরূপ ধারণ করিলেন। ইহাতে সার্বভৌমের
বিষ্ণুর গর্ব চূর্ণ হইয়া যায় এবং তিনি ভক্তিগদগ্দকর্ত্ত্বে একশত শ্রোকে
মহাপ্রভুর স্তব পাঠ করেন। মহাপ্রভুর কৃপায় ইনি ভক্তিমার্গের শ্রেষ্ঠ বৈষ্ণবে
পরিণত হন। ইনি মহাপ্রভুর স্তবমালা এবং আয়ো বহু গ্রন্থ রচনা করিয়াছেন।
তাহার মধ্যে ‘সমাসবাদ’ নামে শ্যামের গ্রন্থ, শ্যামশাস্ত্র ‘তত্ত্বচিন্তামণি’
গ্রন্থের ‘সামাবলী’ নামক টিকা এবং লক্ষ্মীধরকৃত ‘অবৈত্ব মকরনদের’ টিকা
সমধিক প্রসিদ্ধ।

সারঞ্জস্য—বিশুল। সারঙ্গ=বিশুল ধনু অথবা শৰ্ষচন্দ (চৈ. ডা. ৩০১১১)।

সারুপ্য—সমানরূপ প্রাপ্তি। মূল্য ত্রুৎ।

সার্বত্রিকতা—অভিধেয় ত্রুৎ।

সালোক—সমান লোক প্রাপ্তি। মূল্য ত্রুৎ।

সিংহাসন ঘর্ঠ—শৃঙ্গেরী ঘর্ঠ। মহীশূর রাজ্যের অস্তর্গত চিক্মাগরু জেলায় অবস্থিত। ‘তুঙ্গ’ নদীর তীরে। শ্রীপাদ শকরাচার্য ভারতবর্ষে চারিটি ঘর্ঠ স্থাপন করিয়াছিলেন, যথা—দক্ষিণভারতে শৃঙ্গেরী ঘর্ঠ, বদরিকাশ্রমে জ্যোতিশর্ঠ বা যোগীঘর্ঠ, শ্রীক্ষেত্রে গোবর্ধন ঘর্ঠ এবং আরকায় সারদা ঘর্ঠ। শৃঙ্গেরীর বিষ্ণুলক্ষণের মন্দির এবং সারদার বিগ্রহ প্রসিদ্ধ।

সিজ—এক রকম কাঁটা গাছ (চৈ. চ. ৩১৩৮০)।

সিঙ্কদেহ—জীবের প্রাকৃত অড়দেহে অপ্রাকৃত চিয়ার ভগবানের সাক্ষাৎ সেবা চলিতে পারে না। তাই সাধনে সিঙ্কলাভ করিতে হইলে গুরুদেব সাধককে সিঙ্কপ্রণালিকা মতে বর্ণ-বয়স-বেশ-ভূষা-সেবা ইত্যাদি উল্লেখ করিয়া এক অপ্রাকৃত দেহের পরিচয় দেন। ইহার নাম সিঙ্কদেহ। ইহাকে অস্তিচিন্তিত সিঙ্কদেহ-ও বলে। রাগালুগামার্গে মধুর ভাবের উপাসকগণের অস্তিচিন্তিত সিঙ্কদেহ—গোপকিশোরী দেহ। এই দেহে সাধকের রাধাদাসী অভিমান। সাধক মনে মনে চিন্তা করিবেন—শ্রীরাধাকৃষ্ণের অষ্টকালীয় লীলার শ্রীক্ষেপ-মঞ্জরীর আচুগত্যে গুরুরূপ। মঞ্জরীগণের আদেশে বা ইঙ্গিতে ইনি যেন সর্বদা যুগলকিশোরের সেবা করিতেছেন। এইরূপ চিন্তাই মানসিক সেবা, মৃত্যু ভজনান্ত (চৈ. চ. ২১২২১৯০-৯১)।

সিঙ্কলোক—পরবোামে সবিশেষ ধার্মসমূহের বহির্দেশে সিঙ্কলোক নামে একটি নিবিশেষ জ্যোতির্ময় ধার্ম আছে, ইহাই অব্যক্তিক ক্ষেত্রে ধার্ম। এই স্থানে চিংশক্তি আছে, কিন্তু চিংশক্তির বিলাস নাই। সিঙ্কলোকে নির্ভেদ ব্রহ্মোপাসনায় সিঙ্কব্যক্তিগণ এবং হরিকর্তৃক নিহত দৈত্যগণ ব্রহ্মস্মৃথে নিমগ্ন হইয়া বাস করেন (চৈ. চ. ১৫১২৮-২৯; ড. র. সি. ১২১৩৮)।

সিঙ্কি—অষ্টাদশ সিঙ্কি ত্রুৎ।

সিঙ্কিপ্রাপ্তি—দেহরক্ষা, মৃত্যু। সাধনের ফলপ্রাপ্তি। যথা বিহিত সাধনার পর ইঙ্কলোক হইতে নিজ অভীষ্ট ভগবন্ধামে গমনপূর্বক শ্রীভগবানের নিত্য-পার্বদত্তপ্রাপ্তি (চৈ. চ. ২১২২৭২)।

সিঙ্কিবট—সিঙ্কিবট। দক্ষিণ ভারতে ‘কুড়াপা’ নগরের পূর্বদিকে দশ মাইল মূরে অবস্থিত।

সুকুতা—পাটপাতা (চৈ. চ. ৩।১।০।১৫)।

সুজল—চিরজল শ্রঃ।

সুজাত—পরম কোমল (ভা: ১।০।৩।১।১৯, চৈ. চ. ১।৪।২।৬ শ্লঃ)।

সুস্তিয়া—গুতিয়া শ্রঃ।

সুন্দরামল ঠাকুর—যশোহর জেলার মহেশপুর গ্রামে আঙ্গকুলে আবিষ্ট ত।

ইনি ছিলেন মহাপ্রেমিক, চিরকুমার, ‘আনিত্যানন্দস্বরূপের পার্বদ-প্রধান’। ইনি জাহীর বৃক্ষে একদা কদম্ব ফুল ফুটাইয়াছিলেন। সুন্দরামল প্রেমোন্নত অবস্থায় জলের ভিতর হইতে কৃষ্ণীর ধরিয়া আনিতেন। ইহার কোন কোন শিশু অঙ্গলের বাঘকে ধরিয়া হরিনাম শুনাইতেন। ইনি আদশ গোপালের একত্ব। অজের সুদামসখা।

সুপ্রকৃত খ্রেম কি—সুপ্রকৃতের প্রেমের (চৈ. চ. ২।৮।১।৫৬)

সুস্তি—ব্যভিচারী ভাব শ্রঃ।

সুবুদ্ধিরায়—গৌড়ে ‘অধিকারী’ ছিলেন। তখন সৈয়দ হসেন থা তাহার অধীনে চাকুরী করিতেন। কাজের ক্রটাতে একদা উনি হসেন থাকে চাবুক মারিয়াছিলেন। পরে হসেন থা ‘হসেন সাহ’ নাম গ্রহণ করিয়া গৌড়ের রাজা হন। হসেন সাহের বেগম তাহার অঙ্গে চাবুকের দাগ দেখিয়া সুবুদ্ধিরায়কে হত্যা করিবার অন্ত পীড়াগীড়ি করেন। কিন্তু হসেন সাহ সুবুদ্ধিরায়কে খুব অক্ষ ও সম্মান করিতেন বলিয়া ইহাকে হত্যা করিতে অস্বীকার করেন। পরে বেগম সাহেবার পীড়াগীড়িতে নবাব সুবুদ্ধিরায়ের মুখে করোবার জল দেওয়াইলেন। জাতিভূষ্ট হইয়াছেন মনে করিয়া সুবুদ্ধিরায় নববীপে ও কাশীতে গিয়া পশ্চিতদের নিকটে প্রার্শিতের ব্যবস্থা চাহিলেন। একদল পশ্চিত তাহাকে তপ্ত শৃতপানে প্রাণত্যাগের ব্যবস্থা দিলেন। কেহ কেহ বলিলেন—ইহা অল্লদোষ, প্রাণত্যাগ সম্ভত নয়। পশ্চিতদের মধ্যে মতদৈধ দেখিয়া সুবুদ্ধিরায় কাশীতে চৈতান্তদেবের শরণাপন হইলেন। মহাপ্রভু তাহাকে বলিলেন—তুমি বৃন্দাবনে যাও, নিরস্তর কৃষ্ণ-নাম কীর্তন কর। “এক নামাভাসে তোমার পাপ দোষ যাবে। আর নাম হৈতে কৃষ্ণচরণ পাইবে॥” (চৈ. চ. ২।২।১।৫২।) এই আদেশ পাইয়া ইনি বৃন্দাবনে গিয়া নিরস্তর কৃষ্ণনাম কীর্তন করিতেন। ইনি বন হইতে শুক কাট সংগ্রহ করিয়া দিনে পাঁচ-ছয় পয়সা রোজগার করিতেন। ইহার মধ্যে এক পয়সাট ছোলা খাইয়া জীবিকা নির্বাহ করিতেন এবং বাকী পয়সা গৌড়ের দুঃখী বৈক্ষণ্ডের সেবায় ব্যয় করিতেন। শ্রীকৃষ্ণ ও সনাতন গোষ্ঠীয়ী

বৃন্দাবনে গেলে শ্রুতিক্রান্ত ইহাদের প্রতি বিশেষ প্রিতি প্রদর্শন করিয়াছিলেন।

শ্রুতোধ—শ্রুতোধ (চৈ. চ. ১১৬।৭৪) ।

শুভমঃ সরোবর—গোবর্ধনের কুম্হ সরোবর। শুভমঃ অর্থ কুম্হম (চৈ. চ. ১।১।১১ ঝোঃ) ।

শুমুজ্জা—ইড়া দ্রঃ ।

শুমেধা—শুক্রিয়ান (চৈ. চ. ২।১।১।৮৮) ।

শূত—পুরাণবক্তা ; মহৰ্ষি বেদব্যাসের শিষ্য রোমহর্ষণ (ভাঃ ১।৩।৪।৫) ।

শূত্রধাৰ—নাট্যপ্রস্তাবক প্রধান নট (চৈ. চ. ২।৭।১৭) ।

শূদ্রীণ্ত—মহাভাবে সর্বপ্রকার সাহিকভাব চরম সীমা প্রাপ্ত হইলে তাহাকে শূদ্রীণ্ত সাহিকভাব বলে।

শূপ—ডাইল বা বোল (চৈ. চ. ২।৪।৬৮) ।

শূর্পাক তৌর্ধ—বোম্বাই হইতে ছাবিশ মাইল উত্তরে ‘খানা’ জেলায় ‘সোপানা’ নামক স্থান। পূর্বে ইহা কোকনের রাজধানী ছিল।

শূর্যদাস সরখেল—বৰদ্বীপের নিকটবর্তী শালিগ্রামে আঙ্গবংশে আবিভূত।

গৌরীদাস পশ্চিম ও কুঞ্জদাস সরখেল নামে ইহার দুই সহোদর ছিলেন। ‘সরখেল’ ইহাদের গোড়েখনদন্ত উপাধি। শূর্যদাসের দুই কন্তা বস্ত্রধা ও আহবাকে শ্রীপাদ নিত্যানন্দ বিবাহ করিয়াছিলেন।

চক্রি—১. গমন, গতি ; **২.** বঅ', পথ, উপায় (ভাঃ ১।০।১।৪।৪ ; চৈ. চ. ২।২।২।৬ ঝোঃ) ।

সেন্তুৰুষ—দক্ষিণ ভারতের রামেশ্বর দ্বীপে। বর্তমান নাম ধূঢ়োড়ী।

সেবধি—সর্বাভীষিতপদ (ভাঃ ১।১।২।৩০, চৈ. চ. ২।২।২।৩। ঝোঃ) ।

সেবাপুরাধ—ভগবৎ অর্চনে অন্তর্ভুক্তির বা আগ্রহের অভাব যাহাতে প্রকাশ পায়, তাহাই সেবাপুরাধ। দৈনন্দিন স্তোত্রাদি পাঠে ও ভগবৎ নামে

শৱণাগতিতে এই অপরাধ ক্ষয় হয়। আগমশাস্ত্রমতে সেবাপুরাধ ৩২টি,

যথা—১. যানে আরোহণ করিয়া এবং চরণে পাদুকা দিয়া ভগবৎগৃহে

গমন, ২. ভগবদ্যাত্মা উৎসবাদির অসেবন, ৩. শ্রীকৃষ্ণের অগ্রে প্রণাম না করা, ৪. উচ্ছিষ্টযুক্ত দেহে এবং অশোচে ভগবৎ প্রণামাদি, ৫. এক

হস্তধারা প্রণাম, ৬. শ্রীবিগ্রহকে পৃষ্ঠ প্রদর্শনপূর্বক প্রদক্ষিণ, ৭. তদগ্রে

পাদ প্রসারণ, ৮. তদগ্রে পর্যক্ষ বস্তন, অর্থাৎ বাহ্যগত স্বারা জাহুৰূপ বেষ্টন

করিয়া উপবেশন, ৯. তদগ্রে শয়ন, ১০. তদগ্রে ভোজন, ১১. তদগ্রে

মিথ্যাভাষণ, ১২. তদগ্রে উচ্চতাষণ, ১৩. তদগ্রে পরম্পর কথোপকথন,

১৪. তদগ্রে রোদন, ১৫. তদগ্রে কলহ, ১৬. তদগ্রে কাহাকেও নিশ্চেহ,
 ১৭. তদগ্রে কাহারো প্রতি অমুগ্রহ, ১৮. তদগ্রে কাহারো প্রতি নিষ্ঠুর
 বাক্যপ্রয়োগ, ১৯. কম্পলগায়ে ভগবৎ সেবা, ২০. তদগ্রে পরনিষ্ঠা,
 ২১. তদগ্রে পরের প্রশংসা, ২২. তদগ্রে অঙ্গীল ভাষণ, ২৩. তদগ্রে
 অধোবায়ু পরিত্যাগ, ২৪. সামর্থ্য ধাকিতে গৌণগোপচারে (অর্থাৎ অর্থব্যয়ে
 সামর্থ্য ধাকিতেও বিস্তৃষ্ট করিয়া) ভগবৎসবাদি নির্বাহ, ২৫. আনিবেদিত
 জ্যে ভক্ষণ, ২৬. সময়ের ফল ও শস্তাদি ভগবানকে অর্পণ না করণ,
 ২৭. আনীত দ্রব্যের অগ্রভাগ অত্যকে প্রদান করিয়া অবশিষ্ট অংশ ভগবদর্ঘে
 প্রদান, ২৮. ত্রীয়ুর্তিকে পচাতে রাখিয়া উপবেশন, ২৯. তদগ্রে অত্যকে
 প্রণাম, ৩০. শুভ্র সমীপে কোন স্তবাদি না করিয়া মৌনভাবে অবস্থিতি,
 ৩১. আন্তপ্রশংসা এবং ৩২. দেবতা-নিষ্ঠা।

এতদ্ভিন্ন বরাহপুরাণে আরো চলিষ্টি অপরাধের উল্লেখ আছে, যথা—
 ১. রাজ-অর ভক্ষণ, ২. অঙ্ককার গৃহে ত্রীয়ুর্তি স্পর্শ, ৩. বিধি ব্যতীত উপাসনা,
 ৪. বিনাবাণ্ডে ত্রীয়ন্দিদের দ্বারাদ্যুষাটন, ৫. কুকুরাদি কর্তৃক দুর্বিত ভক্ষ্য বস্ত্র
 সংগ্রহ, ৬. পূজাকালে মৌনভঙ্গ, ৭. পূজা করিতে করিতে মলত্যাগার্থগমন,
 ৮. গুরুমাল্যাদি না দিয়া অগ্রে ধূপ প্রদান, ৯. অবিহিত পূশ্প দ্বারা পূজা,
 ১০. দন্তধাবন না করিয়া পূজা, ১১. শ্রী সঙ্গোগ করিয়া পূজা, ১২. রজস্বলা শ্রী
 স্পর্শ করিয়া পূজা, ১৩. দীপ স্পর্শ করিয়া পূজা, ১৪. শব স্পর্শ করিয়া
 পূজা, ১৫. রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত, পরকীয় এবং মলিন বস্ত্র পরিধান
 করিয়া পূজা, ১৬. যুত দর্শন করিয়া পূজা, ১৭. ক্রোধ করিয়া পূজা, ১৮. অশানে
 গমন করিয়া পূজা, ১৯. কুমুড় (গাঁজা) এবং পিণ্ডাক (আফিং) ভক্ষণ করিয়া
 পূজা, ২০. তৈলাভ্যুত শরীরে পূজা, ২১. অজীর্ণ অবস্থায় হরির স্পর্শ ও
 কর্ম করা, ২২. ভগবচ্ছান্নের অনাদর করিয়া অত শাস্ত্র প্রবর্তন, ২৩. ভগবদগ্রে
 তাপুল চর্চণ, ২৪. এরগুপত্রস্থ কুমুড় দ্বারা ভগবদর্ঘন, ২৫. আহুরকালে
 ভগবৎ পূজা, ২৬. কাষ্ঠাসনে ও ভূমিতে উপবিষ্ট হইয়া ভগবৎপূজা,
 ২৭. আনকালে বাম হস্ত দ্বারা ত্রীয়ুর্তি স্পর্শ, ২৮. পুরুষিত এবং যাচিত
 পুশ্প দ্বারা ভগবদর্ঘন, ২৯. পূজাকালে থুথু মিক্ষেপ, ৩০. পূজা বিষয়ে গর্ব করা,
 অর্থাৎ আমার স্থায় কেহ পূজা করিতে পারে না এরূপ মনন, ৩১. ত্রিয়ক পুত্র
 ধারণ, ৩২. অপক্ষালিত চরণে ত্রীয়ন্দিদের প্রবেশ, ৩৩. অবৈষ্ণব পক্ষার ভগবানকে
 অর্পণ, ৩৪. অবৈষ্ণব-সম্মুখে বিষ্ণুপূজা, ৩৫. গণেশের পূজা না করিয়া বিষ্ণুপূজা,
 ৩৬. কপালী অর্থাৎ স্বনামধ্যাত মীচ জাতিবিশেষকে দর্শন করিয়া বিষ্ণুপূজা,

৩৭. নমস্কৃত জল দ্বারা শ্রীমূর্তির স্নান, ৩৮. ঘর্ষণিপ্ত অঙ্গে শ্রীমূর্তির পুজা,
৩৯. নির্মাণ্যসম্মত এবং ৪০. ডগবানের নামে শপথাদি (চৈ. চ. ২১২১৬৩)।

সেবো—প্রা. সেবা করি (চৈ. চ. ৩১৫৪০)।

সেন্টাকুল—এক রকম কাঁটা গাছ (চৈ. চ. ৩১১৩৮)।

সেহ—প্রা. তাহাও (চৈ. চ. ১১১৫২)। **সেহো—**প্রা. তাহাও (চৈ. চ. ১৪১৩২), তিনিও (চৈ. চ. ১৪২১৪)।

সোমগিরি—বিষমঙ্গল ঠাকুরের দীক্ষাশুর (চৈ. চ. ১১১২৭ শ্লোঃ)।

সোয়াধ—প্রা. সোয়ান্তি, সাঞ্চনা (চৈ. চ. ৩৩৫৯)।

সোয়ান্তি—প্রা. সাঞ্চনা (চৈ. চ. ২৩১২২)।

সোরোক্ষেত্র—মথুরার নিকটবর্তী গঙ্গাতীরে অবস্থিত স্থান।

সোম্মুর্তুষ্ট্বাক্য—পরিহাসযুক্ত বাক্য (চৈ. চ. ২১৪১৪৪, ২১২৫৬)।

সোম্বর্য—অঙ্গপ্রতাঙ্গাদির যথোচিত সংবিশে এবং সংক্ষিপ্তকলের যথাযথ
মাংসলভক্তকে সৌন্দর্য বলে (উ. নৌ., উদ্দী. ১৯)।

সৌভাগ্য (স্তু-পক্ষে)—পতির নিকটে অত্যধিক আদরলাভকে স্বন্দরী
স্ত্রীলোকের সৌভাগ্য বলে (চৈ. চ. ২৪১৩৭)।

সুম্ভু—কার্তিকের (চৈ. চ. ২১৩১৯)।

সুম্ভুতীর্থ—হাওদরাবাদের অস্তর্গত একটি তীর্থ।

সুম্ভু—তৃণাদির শুচি (চৈ. চ. ২৮২১১২১)।

সুম্ভু—সাহিক ভাব শ্লোঃ।

সুন্দৱ—তৎসুন, চোর (গী. ৩১২)।

সুন্নি-সঙ্গী—স্ত্রীলোকে আসক্তিযুক্ত বাক্তি (চৈ. চ. ২১২১৪৯)।

সুন্মু—১. (ভাঃ ২১১৩৮) স্থিতি, রক্ষণব্যাপার—স্বামী, ২. (ভাঃ ২১০১৪)
সৃষ্ট বস্তুর তত্ত্ব মর্যাদাপালন দ্বারা উৎকর্ষ—স্বামী, ৩. সৃষ্টিকর্তা ব্রহ্মা ও সংহার-
কর্তা শিব হইতেও শ্রীভগবানের উৎকর্ষ, ৪. হরি কর্তৃক জীবছন্থের পরাভব,
৫. পালন, ৬. (ভাঃ ১০১৪৩) সাধুনিবাস—জীব, ৭. স্বনিবাস।”
(বৈঃ অঃ, পদাৰ্থ স্লোঃ।)

সুন্মু—১. শাখাপঞ্চবশ্তু বৃক্ষ (চৈ. চ. ২১৮১১০১); ২. শাহার স্বরূপ, গুণ,
বিভূতি প্রভৃতি নিত্যস্তুরি; ৩. শিব।

সুপ্ত্য—গচ্ছিত (চৈ. চ. ৩৪১৮৩)।

সুবৰ—স্থিতিশীল, বৃক্ষাদি (চৈ. চ. ২১২১১২১)।

শ্বাস্যত্বাব, শ্বাসীভাব—হাত প্রচুরি অবিকৃক্ত এবং ক্রোধাদিবিকৃক্ত ভাব-সকলকে বৌভূত করিয়া যে ভাব মহামাজের শ্বাস বিরাজ করে, তাহাকে শ্বাস্যত্বাব বলে (ড. স. সি. ২১১)। শাস্তাদি পাচটি রতি—শাস্তাদি পাচটি মনের শ্বাসী ভাব, যথা—“শ্বাস্যত্বাবেহত্ব স প্রোক্তঃ শীক্ষণবিষয়াবতিঃ” (ড. স. সি. ২১২)। কুঝগুলির তিনটি বৃত্তি,—কর্ম, করণ ও ভাব। যখন ইহা মনকাপে পরিণত হয় তখন ইহা আন্তর্বাত্স, অতএব ‘কর্ম’। যখন ইহার মহামাজের শীক্ষণবিষয়াবতি আন্তর্বাদন করা যায়, তখন ‘করণ’। আবার যখন এই মন উৎকর্ষের চরম সৌন্দর্য লাভ করে তখন ইহা স্বয়ং আন্তর্বাদনবৃক্ষণ, অর্থাৎ ‘ভাব’। তখন আন্তর্বাদনের শাখুর্ধে আন্তর্বাদক এতই তত্ত্বাবলী হইয়া যায় যে আন্তর্বাত্স ও আন্তর্বাদকের স্থিতিই তাহার লুপ্ত হয় এবং আন্তর্বাদনমাজেরই সহা উপলক্ষ হয়। ইহাই শ্বাস্যত্বাব (চৈ. চ. ২১২৩১২৬)।

শিতপ্রক্ষেত্র—বিষয়বাসনা, আস্তাভিযান ও মনস্ত্বকি বর্জনপূর্বক একনিষ্ঠভাবে দ্বিতীয় চিন্তায় নিয়ম সাধককে স্থিতপ্রক্ষেত্র বলে। তিনি আস্তাবশীভূত ইঙ্গিয়াদি দ্বারা কর্ম করিয়াও কর্মে আবক্ষ হন না, আক্ষীষিতি লাভ করেন (গী. ২১৪৮-৭)।
শপল—স্নান (চৈ. চ. ২১৪৩৭)।

শ্রেষ্ঠ—গ্রেড ড্রঃ।

শুট—পরিকারকাপে বর্ণন (চৈ. চ. ১১৬২৪); যাক্ত, অবতীর্ণ (চৈ. চ. ১৩১১ শ্লোঃ)।

শুকীয়া—পরিকার্য্যা ড্রঃ।

শুগাত—জেড ড্রঃ।

শুক্তন্তু—নিজের দ্বারা নিয়ন্ত্রিত। অন্তনিয়নপেক্ষ। যিনি বিধিনিষেধ বা লোকাচারাদির অধীন নহেন। স্বাধীন (চৈ. চ. ১৭১৪৩)।

শুধৰ্মাচরণ—বর্ণাশ্রম ধর্মের আচরণ। আঙ্গণ, ক্ষত্রিয়, বৈশু ও শুন্দ্র—এই চারিটি বর্ণ এবং ব্রহ্মচর্য, গার্হিণ্য, বানপ্রস্থ ও ভিক্ষু ও সন্ন্যাস—এই চারিটি আশ্রম। বর্ণ ও আশ্রমোচিত শাস্ত্রনির্দিষ্ট কর্তব্যের অনুষ্ঠানই শুধৰ্মাচরণ। বর্ণধর্ম, যথা, আঙ্গের—যজম, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান ও প্রতিগ্রাহ। ক্ষত্রিয়ের—দান, অধ্যয়ন, যজ্ঞ, দণ্ড ও মুক্ত। **বৈশেশের—**দান, অধ্যয়ন, যজ্ঞ, কৃষিকাৰ্য ও বাণিজ্য। শুন্দ্রের—উক্ত তিনি বর্ণের সৈব। **জ্ঞান্নাশৰ্ম—**যথা, ব্রহ্মচর্যাশ্রমের—উপময়নাস্তে শুভগৃহে বাস, শৌচাচার, শুভমেৰা, আতাচরণ, বেদপাঠ, উভয় সম্ভাব্য সমাহিত চিন্তে রবি ও অগ্নিৰ উপাসনা, শুভৱ অভিবাদনাদি। **গার্হিণ্যাশ্রমের—**ব্রাহ্মণি বিবাহ ও স্বকর্ম দ্বারা ধনোপার্জন, দেব-স্বর্ণ-পিত্রাদিৰ

অর্চনা প্রভৃতি। বানপ্রস্থাভ্রমের—পর্ণ-মূল-ফলাহারণ, কেশআঞ্জটাধারণ, ভূমিশয্যা, ঘৌমী, চৰ্ম-কাঁশ-কুশনির্মিত পরিধান ও উভরীয় ধারণ, ত্রিসংক্ষান্ত্বান, দেবতাচর্চন, হোম, অভ্যাগতপূজা, ডিক্ষাবলিপ্রদান, বস্তু স্বেচ্ছে গাত্রাভ্যন্ত, শীতোষ্ণাদি সহিতুতা প্রভৃতি। ডিক্ষু-আশ্রমের ধর্ম—ত্রিবর্গত্যাগ, সর্বানন্দত্যাগ, মিত্রাদিতে সমতা, সমস্ত প্রাণীতে মৈত্রী, জরামুজ ও অঙ্গাদিয়ে প্রতি কায়মনোবাক্যে স্বোহত্যাগ, সর্বসঙ্কর্জন, অগ্নিহোত্রাদির আচরণ। বিশুপুরাণ ঢাচাৰ মতে এই সমস্ত ধর্মাচরণে বিষ্ণু আৱাখিত বা সন্তুষ্ট হন। কিন্তু ভক্তিৱাসাম্যতসিক্ষা প্রভৃতি ভক্তিশাস্ত্রমতে—এই বিশুপ্তীতি দ্বারা যে পুণ্য হয় তাহা দ্বারা স্বৰ্গাদি লোক প্রাপ্তি বা ঐহিক স্বৰ্থসম্পদ বা নির্বাণ মুক্তিলাভ হয়। কিন্তু গীতা (১২১) বলেন—‘ক্ষীণে পুণ্যে মৰ্ত্যলোকং বিশম্ভিত্তি’—অর্থাৎ পুণ্যক্ষয়ে আবার মৰ্ত্যলোকে আগমন কৱিতে হইবে। মুণ্ডক প্রতিগীত (১২১) বলেন—‘প্রবাহেতে অনৃতা যজ্ঞকুপা’ অর্থাৎ সংসার সমুদ্রতারণের পক্ষে যজ্ঞকুপ মৌকা অনৃত, স্বতরাং স্বধর্মাচরণ বাহ। যে সাধনভক্তি দ্বারা ‘বিক্রীণীতে স্বমাজ্ঞান ভক্তভো ভক্তবৎসলঃ’,—অর্থাৎ ভক্তবৎসল ভগবান ভক্তের নিকটে নিজেকে পর্যন্ত যেন বিক্রয় কৱিয়া ফেলেন, সেই সাধনভক্তি লাভ হয় না। স্বতরাং বৰ্ণাত্মধর্মের আচরণকে মহাপ্রভু ‘এহোবাহু’ বলিয়াছেন (চৈ. চ. ২১৮।৫৪)।

স্বত্ত্বাব— ১. (প্ৰেমোৎপত্তি বিষয়ে)—বাহ হেতুৱ অপেক্ষা না কৱিয়া যাহা উদ্বৃত্ত হয়। স্বত্ত্বাব দ্বিবিধি—নিসৰ্গ ও স্বৰূপ। নিসৰ্গ—স্বনৃত অভ্যাসপ্রস্তুত সংস্কার। স্বৰূপ—ৱতীৱ উৎপাদক, স্বতঃসিদ্ধ উৎপাদক বস্তুবিশেষ (চৈ. চ. ৩।১।১২০)। ২. পূৰ্ব সংস্কার (গী. ১।১২)। ৩. অবিষ্ঠা—স্বামী (গী. ১।১৪)। ৪. কৰ্ম পৰিমাণ (ভা: ১।১।১২।১২)। ৫. সহজ বাসনা (ভা: ৫।১।১।৪)। ৬. “স্বত্ত্ব এব ব্ৰহ্মণ এব অংশতয়া জীৰ্বকৃপেণ ভদৰং স্বত্ত্বাব”—অর্থাৎ ব্ৰহ্মৱ অংশকৃপে জীৰ্বত্বাব প্রাপ্ত হওয়াই স্বত্ত্বাব—শ্রীধৰ।

স্বয়ংকুপ—স্বয়ংসিদ্ধকুপ। যে কুপ অন্ত কুপেৱ অপেক্ষা রাখে ন।। অদ্বয়জ্ঞান-তত্ত্ব অজেন্তুনন্দনই স্বয়ংকুপ। যাহাৱ ভগবত্তা লইয়াই অন্তেৱ ভগবত্তা (চৈ. চ. ১।১।৪২)।

স্বয়ংক্রেতু—সাধিক ভাৰ দ্রঃ।

স্বয়ংকৃত—সমষ্টিজীব। স্বয়ং দীপ্ত। ব্ৰহ্ম।

স্বয়ংকৃপ—১. যাহাৱা সম্যাপ্ত গ্ৰহণ কৱিয়াও ঘোগপট অর্থাৎ দশনামী সম্প্ৰদায়েৱ গিয়ি, পুনী, ভাৱতী প্রভৃতি উপাধি গ্ৰহণ কৱেন নাই, তাহাদিগকে স্বকৃপ

বলে। মহাপ্রভুর গণমধ্যে স্বরূপ দুইজন—নিত্যানন্দ স্বরূপ ও দামোদর স্বরূপ।

২. অনাদিসিক্ষ স্বাভাবিক নিত্যস্বরূপ বা সত্তা; গোলোকস্থ নিত্যসিক্ষ সত্তা (চৈ. চ. ২১২১৮৩, ২১৭১১২৭)।

স্বরূপ দামোদর—ব্যবস্থাপের এক আঙ্গ হুলে আবিভৃত। পূর্ব নাম পুরুষোত্তম আচার্য। বাল্যকাল হইতেই মহাপ্রভুর বিশেষ অসুরত। মহাপ্রভুর সন্ন্যাস গ্রহণের পর ইনি কাশীতে গিয়া কৃষ্ণভজনের উদ্দেশ্যে চৈতন্যানন্দ স্বামীর নিকটে সন্ন্যাস গ্রহণ করেন। ইনি যোগপট্ট গ্রহণ করেন নাই। সন্ন্যাসাঞ্জন্মে ইহার নাম হয় ‘স্বরূপ’। ইনি শুরুর আদেশে কাশীতে বেদাঙ্গ অধ্যয়ন ও অধ্যাপনা করিতেন। মহাপ্রভু দক্ষিণ দেশ হইতে প্রত্যাবর্তন করিলে ইনি শুরুর আদেশ নিয়া নৌলাচলে মহাপ্রভুর সহিত মিলিত হইয়াছিলেন। ইনি ছিলেন মহাপ্রভুর প্রিতীয় কলেবর, ‘সঙ্গীতে গৰ্জবসন্ম, শাস্ত্রে বৃহস্পতি’ এবং মূর্তিযান প্রেমরস। অজের মধ্যে রসে ইনি রসজ্ঞ ছিলেন। এজন্ত ইনি ‘রাধিকার গণ’ বলিয়া কীর্তিত হইতেন। চৈতন্যদেব যথন শেষ স্বাদশ বৎসর নৌলাচলে গঙ্গীরায় ভাবাবেশে কৃষ্ণ বিরহ দশায় বিভোর ছিলেন, তখন ইনিও রায় রামানন্দ মহাপ্রভুর নিত্যসঙ্গী ছিলেন। ইনি বিজ্ঞাপতি, চঙ্গীদাস ও গীতগোবিন্দের পদ গাহিয়া মহাপ্রভুকে শুনাইতেন। কেহ কোন শ্লোক বা কবিতা মহাপ্রভুকে শুনাইতে চাহিলে স্বরূপ ইহা ভক্তিসিদ্ধান্তবিকুল বা রসাভাসমূক্ত কি না প্রথমে পরীক্ষা করিয়া দেখিতেন।

রঘুনাথ দাসগোপ্যামী সংসারত্যাগের পর নৌলাচলে আসিলে তাহার শিক্ষার ভার মহাপ্রভু স্বরূপ দামোদরের উপরে অর্পণ করিয়াছিলেন। ইনি মহাপ্রভুর মধ্য ও অস্ত্রলীলার বহু তথ্য সূজাকারে গ্রথিত করিয়াছিলেন। ইহার নাম “স্বরূপ দামোদরের কড়চা”। শ্রীল কৃষ্ণদাস কবিয়াজ গোপ্যামী মহাপ্রভুর অনেক লৌলা এই কড়চা অবলম্বনে শ্রীক্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে বর্ণনা করিয়াছেন। বর্তমানে মূল কড়চা পাওয়া যায় না। স্বরূপ দামোদর অজলীলার বিশাখা, ধ্যামচন্দ্ৰ গোপ্যামীর মতে ললিতা।

স্বরূপ লক্ষণ—আকৃতি প্রকৃতি এই স্বরূপ লক্ষণ।

কার্য দ্বারায় জ্ঞান এই—তটহ লক্ষণ। (চৈ. চ. ২১২০।১২৯৬।)

বস্তর অঙ্গসম্বিবেশজ্ঞাত বা কৃপগত বা উপাদানগত বিশিষ্টতা, তাহার স্বরূপ লক্ষণ। যেমন—চতুর্ভুজ, শুক্রবর্ণ বা মূমুক্ষ। আর কার্যদ্বারা বস্তর যে লক্ষণ প্রকাশ পায় তাহা তাহার উজ্জ্বল লক্ষণ। যেমন, চিনি ও লবণের প্রভেদ ধরা পড়ে স্বাদ দ্বারা। উজ্জ্বলতা অগ্নির স্বরূপ লক্ষণ, আর দাহিকা শক্তি উজ্জ্বল লক্ষণ (চৈ. চ. ২১৮।১১৬।)

স্বচ্ছপশ্চত্ত্ব—শক্তি দ্রঃ ।

স্ব-সংরক্ষণদশা—স (মিজ) + সংরক্ষ (অনুভবযোগ) + দশা (অবস্থা) । অমুরাগের যে অবস্থাটি অমুরাগের নিজের অনুভবযোগ ।

স্বাংশ—“তাদৃশো ন্যামশক্তিঃ যো ব্যন্তি স্বাংশ ঈরিতঃ । সক্ষণাদির্ভুত্যাদির্থা তত্ত্ব স্বাধামস্তু ॥” (ল. ভা. কু. ১১৭।) যিনি বিলাসসমূহ অর্থাৎ স্বয়ং কৃপের সুহিত অভিন্ন হইয়া বিলাস অপেক্ষা অল্প শক্তি প্রকাশ করেন, তাহাকে স্বাংশ বলে । যেমন, স্ব স্ব ধামে সক্ষণাদি পুরুষাবতার এবং মৎস্তাদি লৌকাবতারগণ । বিলাস দ্রঃ ।

স্বাধীন ভর্তৃকা—নায়িকা দ্রঃ ।

স্বাধ্যায়—বেদাধ্যায়ন (চৈ. চ. ১১৭।৫ শ্লোঃ) ।

স্বাত্ম—১. চিত্ত (ভ. র. সি. ১৪।১, চৈ. চ. ২।২।৩।৩ শ্লোঃ); গহন ।
স্বন (শব্দ করা) + ত কর্তৃবা (নিপাতনে) । ২. ধনক্ষয়, অর্থনাশ । স্বর অন্ত মঞ্চিতৎ ।

স্বেচ্ছ—সাধিক ভাব দ্রঃ ।

স্বাম—কল্প ।

স্বৃতি—বাভিচারী ভাব দ্রঃ ।

স্বক্—মাল্য (ভাঃ ১।১।২৪) ।

স্বৰূ—যজপাত্রবিশেষ (ভাঃ ১।১।২৪) ।

হ

হইঝাছে—প্রা. হইয়াছি (চৈ. চ. ১।১।৪৪) ।

হঙ্গ—প্রা. হই (চৈ. চ. ২।৮।১৯) ।

হৃষ্ট—প্রা. জেদ, জোর অসম্মতি (চৈ. চ. ২।১।৬।৮৭) ।

হৃষ্টরঙ্গে—জেদ (চৈ. চ. ২।৭।১৫) ।

হৃরি—সর্ব অমঙ্গল হরণকারী, প্রেমদান দ্বারা মনোহরণকারী, স্মরণমাত্র চারিবিধি পাপনাশক, ভক্তির বাধক কর্ম ও অবিশ্বার নাশক, শ্রবণকীর্তনে প্রেম প্রকাশক, দেহেক্ষিয় ‘মনহরণকারী, স্বত্ত্ববাসনা এবং ধর্ম-অর্থ-কাম-মোক্ষ এই চতুর্বিধ পুরুষার্থের বাসনানাশক’ (চৈ. চ. ২।২।৪।৪৪-৪৮; ১।৭।১৮; ১।১।৪ শ্লোঃ) ।

হৃরিদাস ঠাকুর—যশোহর জেলার বৃঢ়ন গ্রামে যবনকুলে আবিষ্ট^{ৰ্ত্ত}* মহাপ্রভুর পরম প্রিয় ভক্ত । বৃঢ়ন ত্যাগ করিয়া ইনি বেনাপোলের অরণ্যে নির্জন

*। কাহারো কাহারো মতে ইঁহার অঘ ব্রাহ্মণ কুলে কিন্ত যবন দ্বারা পালিত ।

কুটীরে কিছুকাল সাধনভজন করেন। সেখানে ইনি প্রতিদিন তিনি লক্ষ বাৱ হৱিনাম কীৰ্তন, তুলসীসেৱা ও আক্ষণেৱ গৃহে ভিক্ষা নিৰ্বাহ কৰিতেন। সেজন্ত ইনি সকলেৱ অক্ষাৱ পাত্ৰ হইয়া উঠেন। ইহাতে স্থানীয় ভূম্যধিকাৰী মামচন্দ্ৰ খানেৱ ঈৰ্য্যা হয়। রামচন্দ্ৰ ইহার চৱিতে কলঙ্ক আৱোপেৱ অন্ত একটি সুন্দৰী ঘূৰতী বেঞ্চাকে ত্ৰিবৰ্তী ইহার কুটীরে প্ৰেৱণ কৰেন। কিন্তু সেই ত্ৰিবৰ্তী হৱিনাম কীৰ্তন শুনিয়া ঘূৰতীৱ মানসিক পৱিত্ৰতাৰ হয়, তিনি সমস্ত গ্ৰহিক গ্ৰথৰ্থ ও বিলাস ত্যাগপূৰ্বক হৱিদাসেৱ কৃপায় পৱন বৈষ্ণবীতে পৱিণ্টা হন। হৱিদাস বেঞ্চাকে হৱিনাম জপেৱ উপদেশ প্ৰদান কৰিয়া বেনাপোল কুটীৱ ত্যাগ কৰেন এবং সপ্তগ্ৰামেৱ নিকটবৰ্তী চান্দপুৰে বিখ্যাত রঘুনাথ দাস গোৱামীৱ পিতাৱ পুৱোহিত বলৱাম আচাৰ্যেৱ গৃহে গিয়া কিছুকাল বাস কৰেন। এখানেই বালক রঘুনাথেৱ সঙ্গে তাঁহার সাক্ষাৎ হয়। হৱিদাসেৱ প্ৰেৱণায়ই বাল্যকাল হইতে রঘুনাথেৱ হৱিনামে প্ৰীতি অঞ্চে। উত্তৱকালে রঘুনাথ তাঁহার বিশাল সম্পত্তিৰ উত্তৱাধিকাৰ ত্যাগ কৰিয়া শ্ৰীমন্ত মহাপ্ৰভুৰ আশ্রম গ্ৰহণ কৰেন। হৱিদাস চান্দপুৰ হইতে শাস্তিপুৰে যান। সেখানে অবৈত্তচাৰ্য তাঁহাকে সাদৰে স্থান দিয়াছিলেন। তিনি হৱিভূত হৱিদাসকে আক্ষপাত্ৰও অৰ্পণ কৰিয়াছিলেন। হৱিদাস কথনও শাস্তিপুৰে, কথনও নিকটবৰ্তী ফুলিয়া গ্ৰামে ধাক্কিতেন এবং নিৱস্তৱ হৱিনাম কীৰ্তন কৰিতেন। যবন-সন্তান হইয়া হিন্দুৰ আচাৰ নিয়ম পালন কৱায়, বিশেষতঃ হৱিনাম কীৰ্তন কৱায়, তত্ত্বা কাজী কৃৰ্ত্ত হইয়া উঠিলেন। তাঁহার প্ৰৱেচনাৰ মূলকপত্ৰি আদেশে বাইশ বাজারে নিয়া হৱিদাসকে নিৰ্মলভাবে বেজোঘাত কৱা হইল। তথাপি হৱিদাস হৱিনাম ত্যাগ কৰিলেন ন। তাঁহার মৃত্যুও ঘটিল ন। পৱন্ত তিনি প্ৰহাৱকাৰী পাইকদেৱ মঙ্গল কামনা কৰিতে লাগিলেন। পাইকগণ কিন্তু প্ৰমাদ গণগি। তাহারা ভাবিল কাজী তাহাদিগকেই হত্যা কৰিবে। ইহা বুঝিতে পারিয়া হৱিদাস ইহাদেৱ প্ৰতি দৱাপৱবশ হইয়া হৱিনাম আৱণ কৰিয়া ধ্যানস্থ হইলেন। খাস প্ৰাথাস বৰ্জ দেখিয়া কাজী ইহার মৃত্যু ঘটিয়াছে মনে কৰিয়া গঙ্গাগতে নিষ্কেপ কৰিলেন। কিন্তু ধ্যান ভঙ্গ হইলে ইনি মূলকপত্ৰিৰ নিকটে আসিয়া উপস্থিত হইলেন। তখন মূলকপতি অত্যন্ত বিশ্বিত হইলেন এবং ইহাকে একজন সত্যকাৰ মহাপুৰুষজনে সম্মান প্ৰদৰ্শন কৰিলেন। হৱিদাস বলিলেন—যিনি নামেৱ আশ্রম গ্ৰহণ কৰেন, তাঁহাকে শ্ৰীনামই রক্ষা কৰেন, কাৰণ নাম ও নামী অভিৱ।

এরপরে হরিদাস নববৌপে আসিয়া মহাপ্রভুর কীর্তন-সঙ্গী হইলেন। কাজী দমনের দিনে কীর্তনের দলে এবং জগাই মাধাই উকারের বেলায়ও কীর্তনের সময়ে হরিদাস সজ্জিয় ছিলেন। মহাপ্রভু সন্ধ্যাস গ্রহণের পর দক্ষিণ দেশ অমণ করিয়া নীলাচলে ফিরিলে হরিদাসও নীলাচলে আসিয়া কৃপসন্নাতনের সঙ্গে বাস করিয়াছিলেন। মহাপ্রভু প্রতিদিন ইহাকে দর্শন দিতেন এবং প্রসাদ পাঠাইতেন। হরিদাস বৃক্ষ হইলে তাহার পক্ষে দৈনিক তিনি লক্ষ নাম কীর্তন কঠিন হইল। তখন তিনি দেহরক্ষার অভিপ্রায় আপন করিলে মহাপ্রভু ইহাকে বক্ষে ধারণ করিয়া বৈষ্ণবগণের সঙ্গে কীর্তন করিতে লাগিলেন। হরিদাস শ্রীকৃষ্ণচেতন নাম উচ্চারণ করিতে করিতে তাহারই চরণতলে নির্যানপ্রাপ্ত হইলেন। পুরীর সমুদ্রতীরে ইহার দেহ হরিনাম কীর্তনের সঙ্গে সঙ্গে প্রোথিত করা হইল এবং স্বয়ং মহাপ্রভু সর্বপ্রথমে ইহার সমাধিতে বালি নিক্ষেপ করিলেন। এইভাবে হরিনামের মাহাত্ম্য প্রচার করিয়া হরিদাস লীলা সম্বরণ করিলেন।

হরিদাস (ছোট)—ছোট হরিদাস স্তুৎঃ।

হরিদাস (বড়)—বড় হরিদাস স্তুৎঃ।

হর্ষ—ব্যভিচারী ভাব স্তুৎঃ।

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। } মহামন্ত্র (চৈ. ভা.

হরে রাম হরে রাম রাম রাম হরে হরে। } ২৯৫।১।৮-১০)

—তারকতরক নাম। এ হলে প্রত্যোক্তি নামই সম্মোধনাত্মক ও ভগবান শ্রীকৃষ্ণের বাচক। হরে=রাধে, রাম=রমণ ; হরেরাম=রাধারমণ ! অতএব সমগ্র শ্ল�কের অর্থ—

রাধে কৃষ্ণ রাধে কৃষ্ণ কৃষ্ণ রাধে রাধে ।

রাধে রমণ রাধে রমণ রমণ রমণ রাধে রাধে ॥

অপর অর্থ—হে হরি ! হে কৃষ্ণ ! হে রাম !

হলধূম—বলরাম। বলরাম হস্তে হল বা লাঙল ধারণ করেন।

হাজিরপুর—গঙ্গানদী ও গঙ্গাক নদের সঙ্গম স্থলে পাটনার অপর পারে অবস্থিত

হাড়াই পশ্চিম—নিত্যানন্দ প্রভুর পিতা। নিত্যানন্দের পরে ইহার আরো ছয়টি পুত্র হয়। নিত্যানন্দ স্তুৎঃ (চৈ. ভা. ১০৫।২।২৫)।

হাতসামি—আ. হাতের ইসারা (চৈ. চ. ১।৫।১।১৪)।

হাতগলিতা—আ. হস্তরেখাদি বিচারে পারদর্শী (চৈ. চ. ২।১।০।১।।)।

হাৰ—অলকায় স্তুৎঃ।

হারাম—শুকর (চৈ. চ. ৩৩৫২) ।

হালে—প্রা. হেলিয়া পড়ে, মড়ে (চৈ. চ. ২১২৫) ।

হাঞ্জুরস—গৌণভক্তিরস স্রঃ ।

হিরণ্যগর্জ—ব্রহ্মার একটি সূক্ষ্মরূপ । হিরণ্য (স্বর্ময় অঙ) গর্জ (উৎপন্নিস্থান) যাহার । সূল জগতের সূক্ষ্মাবস্থা (চৈ. চ. ১২১০ শ্লোঃ) ।

হজুর—চাউল বা চিড়া ভাজা (চৈ. চ. ৩১০১২৬) ।

হুলাহুলি—উলুখনি (চৈ. চ. ১১৩১২) ।

হৃষীকেশ—হৃষীক (ইন্দ্রিয়)-এর দীশ ; ইন্দ্রিয়ের দীখের, নারায়ণ (গী. ১১৫) ।

হেভি—অস্ত, চক্ৰ (ভাৰ : ৩১৫১৩৮) ।

হেমজড়ি—স্বর্ণজড়িত (চৈ. চ. ১১৩১০৯) ।

হেরুষ—গণেশ ।

হেলা—অলকার স্রঃ ।

হোড়—প্রা. হড়াছড়ি, স্পৰ্ধা (চৈ. চ. ১৪১১২৪) ।

হোলমা—প্রা. পাত্র, মালসা (চৈ. চ. ৩৬০৬৬) ।

হুলাদিমী শক্তি—ভগবান् স্বয়ং আহ্লাদ (আনন্দ) অক্ষণ হইয়াও যে শক্তি দ্বারা স্বয়ং আহ্লাদিত হন এবং ভক্তিগ্রহে আহ্লাদিত করেন । শক্তি স্রঃ (চৈ. চ. ১৪১৫৫, বিষ্ণুপুরাণ ১১২১৬৯) ।

‘সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধান’ সম্বন্ধে

যনীষীরন্দের অভিযত

১. মহাউচ্চারণ মঠের অধ্যক্ষ ডেন্টেল শ্রীমহানামগ্রন্থ ভট্টাচার্যী এম. এঁ. পি-এইচ. ডি. (চিকাগো), ডি. লিট.—...শ্রীকৃমুদ্রঞ্জন ভট্টাচার্যের রচিত কোষগ্রন্থ বৈষ্ণবাভিধানের পাণ্ডুলিপি দর্শন করিলাম। তাহার এই অভিধানের বৈশিষ্ট্য এই যে, ইহা সংক্ষিপ্ত ও শ্রীচরিতামৃতের শব্দরাশিই ইহার প্রধান উপজীব্য। এই গ্রন্থ আয়তনে হইবে ছোট, কিন্তু শ্রীচরিতামৃত আস্থাদনে চিরদিন এই গ্রন্থ রহিবে অপরিহার্য। শ্রীচরিতামৃত থাহাদের জীবাত্ম, এই গ্রন্থ হইবে তাহাদের কর্তৃহার। শ্রীগৌরকরণা-লালিত শ্রীকৃমুদ্রঞ্জনের পৃতলেখনী ভূরিদা হউক, এই প্রার্থনা।...

২. শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়, সাহিত্যরূপ—...সংক্ষিপ্ত বৈষ্ণবাভিধানের পাণ্ডুলিপি আমি দেখিলাম। অকারান্দিক্রমে সাজানো বৈষ্ণবশাস্ত্রে ও সাহিত্যে ব্যবহৃত শব্দাবলীর এবং পরিভাষার অর্থগোরবে সমৃজ্জ এমন অভিধান আমি দেখিনাই। এইরপ একথানি অভিধানের অভাব বহুদিন হইতেই অনুভূত হইতেছিল। .. আমাদের মত সর্বসাধারণের পক্ষে অভিধানথানি সহজ-বোধ্য ও সবিশেষ উপযোগী হইবে।...

৩. প্রথ্যাত সাহিত্যিক শ্রীসুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায়, এম. এ., আই. এ. এও এ. এস. (রি.)—..শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের পরিশিষ্ট খণ্ডকল্পেই এবায় শ্রীকৃমুদ্রঞ্জন ভট্টাচার্য একটি সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধানগ্রন্থ প্রণয়নে প্রয়াসী হয়েছেন। আমি এর পাণ্ডুলিপি পড়বার সুযোগ পেয়ে ধন্য হয়েছি।... তাঁর পুস্তকটি শুধু অভিধান নয়, অচিক্ষ্যভেদাভেদতত্ত্বের এক সুনিপুণ বিশ্লেষণ, মুখ্যভক্তিমন্দের আলম্বন, উদ্দীপনও বটে।...

৪. অনীষী শ্রীবসন্ত কুমার চট্টোপাধ্যায়, এম. এ., আই. এ. এও এ. এস. (রি.)—শ্রীযুক্ত কৃমুদ্রঞ্জন ভট্টাচার্য মহাশয় “সংক্ষিপ্ত বৈষ্ণব অভিধান” নামক যে গ্রন্থানি লিখিয়াছেন তাহার পাণ্ডুলিপি আমি দেখিলাম। ইহা অতি উৎকৃষ্ট ও মূল্যবান হইয়াছে। থাহারা বৈষ্ণব শাস্ত্র আলোচনা করিবেন তাহাদের একপ গ্রন্থ বিশেষ সহায়ক হইবে।... ইহার বহুল প্রসার বাস্তুনীয়।

শুভিপত্র

পৃষ্ঠা	পংক্তি	অঙ্ক	শব্দ
১	৩০	অস্থিযাদ	অস্থিডাৰ
১৪	২	পরম্পরামেৰ	পৰম্পৰামে
১৮	১২	সোটোয়িত	মোটোয়িত
২৫	২৫	আসোয়ায়াম	আসোয়াখ
৩৩	১৮	অস্বার্পণ	অস্বার্পণ
৩৬	২	কৱনা	কৱণা
৩৭	২০	বীণা	বীণা
	২৭	নিৰ্মিত	নিৰ্মিতি
৩৮	১৯	কটক	কটক
৪৪	২৩	নিবৃত্তি	নিবৃত্তি
৪৬	৩০	বৱীয়ান্	বৱীয়ান্
৪৯	১১	মুণিগণেৱ	মুণিগণেৱ
৫৮	১৩	ধৰ্মেই	ধাৰ্মেই
৫৯	১১	কালীখৰ	কালীখৰ
৬১	১	জাভা	জাভা
	২৬	গোৱাঙ্গ	গোৱাঙ্গ
৭২	১০/২৮	অদৈতা	অদৈতা
৭৯	১৫	৩।১৩।১৪২	২।১৩।১৪২
৮১	১০	তম্	তম্
৮৭	১৬	সকলপিনী	সকলপিনী
৯৩	১৫	অস্তৱীক	অস্তৱীক
১০৪	৩১	পদচেক্রমণ	পদচেক্রমণ
১১৫	২০	বলগ়তী	বলগ়তী
১১৬	২৭	অবস্থন	অবস্থন
১২৪	৩১	বাতুল	বাতুল
১২৫	৪	বাদ্বায়াম	বাদ্বায়াম
১৩৫	১	কুঁকুকশৰণ	কুঁকুকশৰণ
১৩৬	১	১-১০	১-১০১

ପୃଷ୍ଠା	ପଂକ୍ତି	ଅଶ୍ରୁ	ଶବ୍ଦ
୧୪୧	୧୨	ମହତ୍ତମୟ	ମହତ୍ତମୟ
୧୪୬	୨୬	ଭାବଶାଲୀଯ	ଭାବଶାଲୀ
	୨୯	ଭୟ	ଭୟ
୧୬୦	୨	ମୋକ୍ଷାକାଙ୍କ୍ଷୀ	ମୋକ୍ଷାକଞ୍ଜୀ
୧୬୩	୧୦	ସ୍ଟୋର	ବନ୍ଦ୍ୟସ୍ଟୋର ।
୧୬୫	୧୩	ଛୟ	ହୟ
୧୭୧	୧	ମହାରାଜ	ମହାଭାବ
୧୭୨	୨	କୃଷ୍ଣସନ୍ଧି	କୃଷ୍ଣସନ୍ଧି
	୩୧	...ମନୋଗ୍ରାହ୍ତି...	... ମନୋଗ୍ରାହ୍ତି...
୧୭୩	୮	ହରିବନ୍ଦସନ୍	ହରିବନ୍ଦସନ୍
୧୮୧	୧୬	କାଳୀ	କାଶୀ
୧୮୭	୮	ପାଲମ୍ବୀ	ପାଲମ୍ବୀ
୧୯୧	୬	.. ମୁର୍ତ୍ତି:	...ୟୁର୍ତ୍ତି:
୨୦୧	୧	ନମ୍ବର୍କ୍ଷ	ନଥମ୍ବର୍କ୍ଷ
୨୦୨	୧୫	ସ୍ଵପନ	ସ୍ଵପନ
	୧୭	ସ୍କୁଟ	ସ୍କୁଟ
	୨୪	ଭିକ୍ଷୁ ଓ ସନ୍ଧ୍ୟାସ	ଭିକ୍ଷୁ ବା ସନ୍ଧ୍ୟାସ
୨୦୪	୨୧	ଅନ୍ତମୀଲାର	ଅନ୍ତ୍ୟଲୀଲାର

এই লেখকের অস্তান্ত পুস্তক

১. ঠাকুর বাণী (ডাঃ শনবীমোহন দাসের ভূমিকাসহ, কুলজা সাহিত্য মন্দির কর্তৃক প্রকাশিত)।
২. শ্রীশ্রীগৌরাজ মহাপ্রভুর বৃজ্ঞাবল জ্ঞানলীলা (পূর্বমণি লিপিতা সাহিত্য মন্দির কর্তৃক প্রকাশিত)।
শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোষ্ঠামি বিনাচিত, শ্রীকুমুদ়য়ন ভট্টাচার্য সম্পাদিত
শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত গন্ত সংস্করণ (যুল ও অক্টোবার) :—
৩. প্রথম খণ্ড [আদি লীলা] (কলিকাতা বৈক্ষণ এবং প্রচারিণী
সমিতি কর্তৃক প্রকাশিত)।
৪. দ্বিতীয় খণ্ড (অধ্যয়লীলা)।
৫. তৃতীয় খণ্ড (অধ্যয়লীলা)।
৬. চতুর্থ খণ্ড (অস্তালীলা)।
৭. সাহিত্যে ও সাংবাদিকতায় শ্রীহঠের অবদান।
৮. শিলং-বঙ্গীয় সাহিত্য পরিষদ, এবং শ্রীহঠ ও শিলঙ্গের সমাজ
জীবন (শিলং-বঙ্গীয় সাহিত্য পরিষদ কর্তৃক প্রকাশিত)।
৯. দক্ষিণ ভারতের মন্দিরে মন্দিরে (ভূমণ সাহিত্য)।
১০. বৈক্ষণ কর্ণফাল—(শ্রীচৈতন্য ভাগবত ও শ্রীশ্রীচৈতন্য চরিতামৃতসার)
১১. শ্রীশ্রীরামলীলা।
১২. Message of Sree Ramakrishna and Its Impact on South
India.